# BANK JOB বাংলা ভাষা ও সাহিত্য

## লেকচার ০৩

### Lecture Contents


- শব্দের শ্রেণিবিভাগ
- সমার্থক শব্দ
- বিপরীত শব্দ
- পারিভাষিক শব্দ


## শব্দের শ্রেণিবিভাগ

**শব্দ:** মনের ভাব প্রকাশের জন্য এক বা একাধিক ধ্বনি বা বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে বা অর্থবোধক হলে তাকে শব্দ বলে।
অর্থবোধক ধ্বনি ও ধ্বনি সমষ্টিকে শব্দ বলা হয়।

| শব্দ |
|---|
| বাক্যের মৌলিক উপাদান শব্দ। |
| শব্দকে বাক্যের একক বলা হয়। |
| বাক্যের বাহন হলো শব্দ। |
| শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে রূপ বলে। |
| শব্দের ক্ষুদ্রতম অংশকে বলা হয় ধ্বনি। |

**শব্দ গঠনের উপায়:** শব্দ গঠনের উপায়গুলো নিম্নরূপ:

| | | |
|---|---|---|
| উপসর্গ যোগে | সন্ধির সাহায্যে | সমাসের সাহায্যে |
| প্রত্যয় যোগে | দ্বিরুক্তির সাহায্যে | পদ পরিবর্তনের মাধ্যমে |

বাংলা শব্দ ভাণ্ডারে রয়েছে বিচিত্র শব্দের সমারোহ। বিভিন্ন দৃষ্টিকোণ থেকে শব্দের শ্রেণিবিভাগ হতে পারে।
যেমন:

ক. উৎসমূলক শ্রেণিবিভাগ
খ. গঠনমূলক শ্রেণিবিভাগ
গ. অর্থমূলক শ্রেণিবিভাগ

### শব্দের উৎসমূলক শ্রেণিবিভাগ

- বাংলা ভাষা গোড়াপত্তনের যুগে অল্পসংখ্যক শব্দ নিয়ে যাত্রা শুরু করলেও নানা ভাষার সংস্পর্শে এসে এর শব্দভাণ্ডার বহুল পরিমাণ বৃদ্ধি পেয়েছে।
- দেশি বিদেশি বিভিন্ন উৎস থেকে যেসব শব্দ বাংলা ভাষায় এসেছে সেগুলোই উৎপত্তি বা উৎসমূলক শব্দ।
- ব্যুৎপত্তিগতভাবে বা উৎস বিচারে বাংলা ভাষার শব্দকে পণ্ডিতগণ ৫টি ভাগে ভাগ করেছেন।
  যথা:

| | | |
|---|---|---|
| ১. তৎসম শব্দ | ২. অর্ধ তৎসম শব্দ | ৩. তদ্ভব শব্দ |
| ৪. দেশি শব্দ | ৫. বিদেশি শব্দ | |

- নবম-দশম শ্রেণির নতুন ব্যাকরণ অনুযায়ী চার প্রকার। যথা: তৎসম, তদ্ভব, দেশি ও বিদেশি।

### তৎসম শব্দ

- তৎসম একটি পারিভাষিক শব্দ। তৎসম অর্থ তৎ (তার) এবং সম (সমান)। তৎসম শব্দ বলতে বুঝায় সংস্কৃত শব্দ। সংস্কৃত ভাষা থেকে যেসব শব্দ সরাসরি বাংলায় এসেছে ও যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলে। প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বিবর্তিত যেসব বাংলা শব্দের লিখিত চেহারা সংস্কৃত ভাষার শব্দের অনুরূপ সেগুলোকে তৎসম শব্দ বলে। যেমন: ব্যাকরণ, অগ্রহায়ণ, বঙ্কিম।
- সংস্কৃত ব্যাকরণ অনুসরণ করে গঠিত পারিভাষিক শব্দকেও তৎসম শব্দ বলা হয়। যথা: অধ্যাদেশ, গণপ্রজাতন্ত্রী, মহাপরিচালক, সচিবালয় ইত্যাদি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| চন্দ্র | সূর্য | ভবন | ধর্ম | ধূম্র | সাগর |
| জ্যোৎস্না | হিম | পুস্তক | বৃক্ষ | সন্ধ্যা | মানব |
| পাত্র | পুত্র | কবি | জীবন | ফল | কুৎসিত |
| শ্রাদ্ধ | গমন | ভবন | অশ্ব | মস্তক | ক্ষতি |
| চন্দন | মাতা | দান | দধি | বায়ু | আকাশ |
| জল | অলাবু | নদী | ক্ষুধা | খাদ্য | দেশ |
| পাঠক | পঞ্চম | অঞ্চল | উত্তর | আঘাত | উদর |
| পৃথিবী | গ্রহ | কিংবদন্তি | তরণি | উর্ণা | ঊষা |

**সংস্কৃত ভাষার শব্দ থেকে বিভিন্ন বাংলা শব্দের উৎপত্তি**

| সংস্কৃত শব্দ | বাংলা শব্দ | সংস্কৃত শব্দ | বাংলা শব্দ |
|---|---|---|---|
| দধি | দই | শাটী | শাড়ি |
| নিম্বু | লেবু | বাটী | বাড়ি |
| ফুল্ল | ফুল | ঢক্কা | ঢাক |
| ডিম্ব | ডিম | স্ফূর্তি | ফুর্তি |
| চিপিটক | চিড়া | সমর্থ | সোমত্ত |
| দুগ্ধ | দুধ | | |

## তদ্ভব শব্দ

- তদ্ভব কথাটির অর্থ হচ্ছে তার (সংস্কৃত) থেকে উদ্ভব। **তদ্ভব শব্দগুলোকে খাঁটি বাংলা শব্দও বলে।**
- যেসব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তনের ধারায় প্রাকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলায় স্থান করে নিয়েছে, সেসব শব্দকে বলা হয় তদ্ভব শব্দ।
যেমন: চাঁদ, চামার, পাখি, পা, পাতা, বাছা, ভিটা, ভাত, মা, হাত, নাচ, কান, জিভ, দাঁত, হাতি, ঘোড়া, সাপ, পাখি, কুমির ইত্যাদি।
- **তৎসম শব্দ থেকে তদ্ভব শব্দের উৎপত্তি:**

| সংস্কৃত | প্রাকৃত | তদ্ভব | সংস্কৃত | প্রাকৃত | তদ্ভব |
|---|---|---|---|---|---|
| চর্মকার | চম্মআর | চামার | ঘৃত | ঘিঅ | ঘি |
| চন্দ্র | চন্দ | চাঁদ | পাদ | পাঅ | পা |
| মাতা | মাআ | মা | কাষ্ঠ | কট্‌ঠ | কাঠ |
| হস্ত | হত্থ | হাত | ভক্ত | ভত্ত | ভাত |
| শিষ্য | সিক্‌খ | শিখ | অর্ধ | | আধ |
| মৎস্য | | মাছ | তাম্র | | তামা |

## অর্ধতৎসম শব্দ

- বাংলা ভাষায় কিছু সংস্কৃত শব্দ কিঞ্চিৎ পরিবর্তিত আকারে ব্যবহৃত হয়, এগুলোকে অর্ধতৎসম শব্দ বলে।
যেমন: জ্যোৎস্না > জোছনা।
- বাংলা ভাষায় অর্ধতৎসম শব্দগুলো এসেছে সংস্কৃত ভাষা থেকে।

| তৎসম | অর্ধতৎসম | তৎসম | অর্ধতৎসম |
|---|---|---|---|
| গৃহিণী | গিন্নি | কৃষ্ণ | কেষ্ট |
| কুৎসিত | কুচ্ছিত | বৈষ্ণব | বোষ্টম |
| ক্ষুধা | খিদে | মিষ্ট | মিষ্টি |
| তৃষ্ণা | তেষ্টা | নিমন্ত্রণ | নেমতন্ন |
| গ্রাম | গেরাম | শ্রাদ্ধ | ছেরাদ্দ |
| জ্যোৎস্না | জোছনা | ষণ্ড | ষাঁড় |

## দেশি শব্দ

- আর্যদের আগমনের পূর্বে এ দেশের আদিম অধিবাসীরা যে ভাষায় কথা বলত, তাদের ভাষা থেকে যে শব্দ পাওয়া যায়, তাকে দেশি শব্দ বলে। দেশি শব্দের মূল নির্ধারণ করা যায় না।
- বাংলাদেশের আদিম অধিবাসীদের (কোল, মুণ্ডা, প্রভৃতি) ভাষা ও সংস্কৃতির কিছু উপাদান বাংলায় রক্ষিত হয়েছে। এসব শব্দকে দেশি শব্দ নামে অভিহিত করা হয়। অর্থাৎ অনার্য জাতির ব্যবহৃত শব্দকে দেশি শব্দ বলে। যেমন:

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ডাঙা | চাউল | ঝিনুক | ছাঁচ | ইটা | ডিঙি |
| গজা | চারা | খড় | ডোম | ভিড় | ম্যাজম্যাজ |
| ঝাড় | কুড়ি | ঢিল | চিড় | ট্যাক | ট্যাটা |
| পেট | চুনি | টনক | ডাঙর | পাঁঠা | জুলজুল |
| ডাহা | আড় | ফের | বাট | ডাব | টোপর |
| খুঁটি | খাড়ি | মুড়কি | ওত | ঢোল | চিড়িক |
| ম্যাড়া | দোলমা | খোঁটা | পুঁটলি | ঢেউ | খেঁকি |
| কুলা | খচ্চর | খেঁদি | ঢাল | খানা | পাথালি |
| কানি | চুনি | ল্যাঠা | বোবা | মেনি | পুঁটলি |
| বানি | বাগি | গুঁড়ি | গুঁতা | ডিঙা | ল্যাদাপোকা |
| ডোবা | খোঁয়াড় | ফাগ | ফাউ | ধুনি | |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ছিপ | ছাঁৎ | দিদি | ন্যাবা | ঢপ | কাবাডি |
| খাড়ু | ঝানু | ঝামা | ছালা | পলুই | তামাক |
| বায় | পোঁটা | বাটা | বাটি | ইচা | পাঁদাড় |
| খিচুড়ি | খিলান | চিল | খিড়কি | কুঁড়ি | চুড়ি |
| ডুগি | খালুই | বোঙ্গা | খুড়া | খুড়ি | খিচখিচ |
| খদ্দর | বোরো | রুই | বাখারি | চাটাই | পাটনি |
| চাঙ | চাঙারি | চামচা | ট্যাঁক | পুঁতি | হাডুডু |
| কৌটা | কাঠুরিয়া | জামবাটি | কুলকুচা | কাতলা | কাঁচুমাছু |
| ডাঁসা | কাঁটানটে | কাঙাল | কোরা | কেঁড়ে | কালবাউশ |

- **মুন্ডারী শব্দ:** ডুগি
- **কোল শব্দ:** বোঙ্গা

## বিদেশি শব্দ

যে সকল বিদেশি শব্দ সরাসরি বাংলা ভাষায় স্থান লাভ করেছে, সে শব্দগুলোকে বিদেশি শব্দ বলে। রাজনৈতিক, ধর্মীয়, সাংস্কৃতিক, বাণিজ্যিক ইত্যাদি কারণে বাংলাদেশে আগত বিভিন্ন ভাষাভাষী মানুষের বহু শব্দ বাংলায় এসে স্থান করে নিয়েছে। যেমন:

**ফারসি শব্দ**

- বিদেশি শব্দের মধ্যে বাংলা ভাষায় সবচেয়ে বেশি শব্দ এসেছে ফারসি শব্দ থেকে। যেমন-

ক. **ধর্মসংক্রান্ত শব্দ:** খোদা, গুনাহ, দোজখ, নামাজ, রোজা, পয়গম্বর, বেহেশত, শিন্নি, বান্দা, পেরেশান, ফেরেশতা, তারাবি, হাদিস।

খ. **প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ:** কাগজ, কারখানা, চশমা, জবানবন্দি, ফরমান, তোশক, দপ্তর, দরবার, দোকান, দস্তখত, দৌলত, নালিশ, বাদশাহ, মেথর, রসদ, বান্দা, বর্গি, খোশরোজ, বাজার, পরচা, মর্সিয়া, আইন, পাঞ্জাবি, পাপোশ, পেয়াদা, পেশা, শের, দরজা।

গ. **বিবিধ শব্দ:** আয়না, আমদানি, আন্দাজ, কারবার, খরচ, সোয়া, জানোয়ার, জিন্দাবাদ, নমুনা, বদমাস, বরফ, মলম, রপ্তানি, হাঙ্গামা, হিন্দু, সবুজ, বাবেল, খাম, জঙ্গল, দারোগা, আসমান, ঘিঞ্জি, খোশমোদ, খামোখা, কাবাব, ফিরিঙ্গি, ফালুদা, বোরহানি, বেগার, বেকার, পেঁয়াজ, গঞ্জ, ভিস্তি, সাদা, রুমাল, সারেং, লুঙ্গি, আলবোলা, পরি, পেয়ালা, পায়খানা, তেজি, শালগম, লাগাম, চাবুক, খাকি, খানসামা।

## আরবি শব্দ

ক. **ধর্মসংক্রান্ত শব্দ:** আল্লাহ, আদাব, ইসলাম, ইমান, ওজু, কোরবানি, কোরআন, মুসাফির, কিয়ামত, কবুল, গোসল, জাহান্নাম, তওবা, তসবি, শহিদ, যাকাত, হজ, হারাম, হালাল, হায়াত, দাওয়াত, শরিফ, মৌলবি, আলেম, ইসলাম, ইনসান, ঈদ।

খ. **প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ:** আদালত, উকিল, বাকি, মক্কেল, ওজর, এজলাস, এলেম, কানুন, কলম, রায়, বকলম, কিতাব, কেচ্ছা, খারিজ, গায়েব, দোয়াত, দলিল, নগদ, মহকুমা, দালাল, মুন্সেফ, মোক্তার, জরিমানা, জরিপ, ইস্তফা, জেলা, লোকসান, আব্বা।

গ. **বিবিধ শব্দ:** আক্কেল, আজ, তেজারত, তাকলিফ, তবলা, মোলায়েম, জিরকোনিয়াম, মশগুল, মশকরা, তুফান, শরবত, লেবু, বোরন, তারিখ, বোরকা, ফানুস, খত, খাসি, খালু, দখল, হারেম, ইউনানি, সাবান, ওজন, লাখেরাজ, গোলাম, আলাদা, দলিল।

- বাংলা একাডেমি আধুনিক বাংলা অভিধানে **তারিখ শব্দটি আরবি** বলা হয়েছে (পৃ. ৫৯৯), কিন্তু নবম দশম শ্রেণির নতুন ব্যাকরণে **তারিখ ফারসি শব্দ** বলা হয়েছে (পৃ. ৫১)।

## পর্তুগিজ শব্দ

আতা, আনারস, আলপিন, আলমারি, আলকাতরা, ইস্তিরি, ইস্পাত, কেদারা, কামরা, কেরানি, কপি, গির্জা, গুদাম, গামলা, চাবি, জানালা, জালা, পেঁপে, পেরেক, পাউরুটি, পাদরি, পেয়ারা, পিস্তল, ফিতা, বালতি, বোতাম, বারান্দা, বেহালা, বর্গা, ইংরেজি, তোয়ালে, নিলাম, কাফ্রি, কাবাব, বোতল, বোমা, বোম্বেটে, ইংরেজ, ইংরেজি, কার্তুজ, সাগু।

## ইংরেজি শব্দ

**ইংরেজি শব্দ দুই প্রকারে পাওয়া যায়।**

**ক. অনেকটা ইংরেজি উচ্চারণে:** কমা, কলেজ, কেরোসিন, চেয়ার, টিন, নভেল, নোট, পাউডার, পেনসিল, ব্যাগ, ফেল, বিল, মাস্টার, লাইব্রেরি, টুল, ফুটবল, টেবিল, টিকিট, স্টিমার, রেল, লাইন, পুলিশ, স্টেশন, থিয়েটার, কোম্পানি, ডিসমিস, মাস্টার, সিনেমা।

**খ. পরিবর্তিত উচ্চারণে:** আফিম (Opium), অফিস (Office), বাক্স (Box), স্কুল (School), হাসপাতাল (Hospital), বেঞ্চি (Bench), গেলাস (Glass), জেল (Jail), এজেন্ট (Agent), কামান (Cannon), কৌঁসুলি (Counsellor)।

**আরো কিছু শব্দ:**

**তুর্কি:** আলখাল্লা, উজবুক, কাঁচি, কাবু, কুলি, কুর্নিশ, কোর্তা, কোর্মা, খাঁ, চাকর, চাকু, চকমক, তোপ, বাবুর্চি, লাশ, বন্দুক, বারুদ, বাবা, সুলতান, বেগম, মুচলেকা, খুকি, চিলমচি।

**হিন্দি:** ভাই, চাচা, বোন, মামা, মামি, কাহিনি, রুটি, চানাচুর, চাচি, দাদা, খেলনা, গাং, ছোকরা, হালুয়া, লাগাতার, সমঝোতা, ঘুগনি, ইস্তক, খতিয়ান, ফুচকা, ফুলকা, পাঁয়তারা, ঢাড়ি, ঝাণ্ডা, ঢাল, ঢাউস, ধরতি, ধাঙর, পোখরাজ, মোড়ক, পিচকারি, টোল, জুতা, ধুতি, খাস্তা, খিরা, টহল, পাগড়ি, বাবু, শেরওয়ানি, ঠাণ্ডা, লালচ, লাড্ডু, জরু, চাটনি, কলকি, নানা, নানি।

**ফরাসি:** আঁতাত, কুপন, ক্যাফে, ডিপো, ফরাসি, ওলন্দাজ, গ্যারাজ, বুর্জোয়া, রেস্তোরাঁ, আঁতেল, ম্যাটিনি, ম্যাগাজিন, ম্যাংগানিজ, ব্রোঞ্জ, ব্লক, ব্লাউজ, ইস্ক্রুপ, ক্লোরোফিল, কার্নিশ, কার্পেট, কার্বন, ফার্নিচার, ফসিল, পাতলুন, পিকনিক, পিকেটিং, ট্রফি, ভিসা, অ্যাটর্নি, ক্যাবিনেট, ক্যাপসুল, ক্যাফে, ক্যালেন্ডার, ক্যাশিয়ার, গ্লুকোজ, গ্লিসারিন, ক্যাসেট, গ্র্যাচুইটি, ট্র্যাফিক, ট্রেজারি, প্লাস্টিক, প্ল্যান, প্ল্যাটফরম, চকলেট, সিগারেট, ক্যাডার।

**লাতিন:** ম্যাপ, ম্যাক্সি, ম্যাগনেশিয়াম, ল্যামিলেশন, ল্যাবরেটরি, বোনাস, ফিউজ, ফাইলেরিয়া, টর্পেডো, ডিকশনারি, ডায়াবিটিস, করোটি, ইলেকশন, টাইপিস্ট, অ্যাফিডেভিট, অ্যামিবা, অ্যাসিড, অ্যামেচার, অ্যান্টেনা, ক্যামেরা, ক্যাম্পাস, ট্যালকম, ইউরেনিয়াম, ইউনিভার্সিটি, ইউনিয়ন, ইউনিফর্ম, ইউক্যালিপটাস, সেপটিক।

**ওলন্দাজ/ডাচ:** ক্যারেট, ইস্কাপন, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন, ল্যান্ডস্কেপ, ড্রিল, ড্রেজার, ট্রিগার, ট্রলার, পটাশ, ব্র্যান্ডি।

**স্প্যানিশ:** হারমাদ, ফার্ম, ডেঙ্গু, ক্যাফেটেরিয়া, আলপাকা, কুইনাইন।

**ইতালিয়ান:** ফ্যাসিস্ট, মাফিয়া, ম্যাজেন্টা, ম্যালেরিয়া, কার্টুন, কার্নিভ্যাল, ক্যাসিনো, স্টুডিয়ো, জেব্রো, লাভা।

**জাপানি:** জুডো, রিকশা, প্যাগোডা, সুনামি, হারিকিরি, হাসনাহেনা, ক্যারেটে।

**গ্রিক:** দাম, কেন্দ্র, ক্লোন, ক্লোরিন, আইসোটোপ, ইউরেনাস।

**জার্মান/জর্মন:** নাৎসি, কিন্ডারগার্টেন, ট্রাম।

**চীনা:** চা, চিনি, লুচি, লিচু, এলাচি, সাম্পান।

**তামিল:** চুরুট।

**বর্মি:** ফুঙ্গি, নাপ্পি।

**সিংহলি:** সিডর (অর্থ-চোখ), বেরিবেরি।

**রুশ:** বলশেভিক।

**গুজরাটি:** হরতাল।

**অস্ট্রেলিয়ান:** বুমেরাং, ক্যাঙ্গারু।

**মালয়:** কাকাতুয়া, কিরিচ।

**তিব্বতি:** শেরপা, লামা।

- হাসনুহানা জাপানি শব্দ হাসনাহেনো বাংলা শব্দ।
- পাঞ্জাবি হিসেবে পরিচিত চাহিদা শব্দটি বাংলা শব্দ ও শিখ শব্দটি সংস্কৃত শিষ্য থেকে এসেছে।

## মিশ্র শব্দ

- কোনো কোনো সময় দেশি ও বিদেশি শব্দের মিলনে শব্দদ্বৈত সৃষ্টি হয়ে থাকে। মিশ্র শব্দকে সংকর শব্দও বলে। যেমন-

| মিশ্র শব্দ | ভাষা | মিশ্র শব্দ | ভাষা |
|---|---|---|---|
| চৌহদ্দি | ফারসি+ আরবি | হাট-বাজার | বাংলা+ফারসি |
| কালিকলম | বাংলা+আরবি | হেড-মৌলভী | ইংরেজি+ফারসি |
| শাকসবজি | তৎসম+ফারসি | রাজা-বাদশা | তৎসম+ফারসি |
| হেড-পণ্ডিত | ইংরেজি+তৎসম | শ্রমিক-মালিক | তৎসম+আরবি |
| আইনজীবী | আরবি+তৎসম | খ্রিষ্টাব্দ | ইংরেজি+তৎসম |
| ডাক্তারখানা | ইংরেজি+ফারসি | মাস্টারমশাই | ইংরেজি+তদ্ভব |
| পকেটমার | ইংরেজি+বাংলা | ডাক্তারবাবু | ইংরেজি+ফারসি |
| ব্যারোমিটার | গ্রিক+ইংরেজি | বকলম | ফারসি+আরবি |
| বোমাবাজ | পর্তুগিজ+ফারসি | চৌকিদার | বাংলা+ফারসি |

| উপসর্গ গঠিত শব্দ | |
|---|---|
| বেটাইম | ফারসি উপসর্গ + ইংরেজি |
| বেহেড | ফারসি উপসর্গ + ইংরেজি |
| নিটল | বাংলা উপসর্গ + তৎসম |

- **খণ্ডিত শব্দ:** শব্দের কোন একটি অংশ যখন এককভাবে ভাষায় ব্যবহৃত হয় তখন তাকে খণ্ডিত শব্দ বলে। যেমন: টেলিফোন > ফোন, কমলা লেবু > কমলা, মাইক্রোফোন > মাইক।

## শব্দের গঠনমূলক শ্রেণিবিভাগ

বাংলা ভাষার শব্দগুলোকে গঠন অনুসারে দুইভাগে ভাগ করা হয়েছে। যথা: মৌলিক শব্দ ও সাধিত শব্দ।

**ক. মৌলিক শব্দ:** মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ। যেসব শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। যেমন: গোলাপ, মা, ফুল, নাক, লাল, তিন, হাত, মাটি, ঢাকা, বাড়ি, পাখি, কালো ইত্যাদি।

**খ. সাধিত শব্দ:** যে সকল শব্দকে বিশ্লেষণ করা হলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে। সাধারণত একাধিক শব্দের সমাস হয়ে কিংবা প্রত্যয় বা উপসর্গ যোগ হয়ে সাধিত শব্দ গঠিত হয়ে থাকে। যেমন: গায়ক, প্রহার পরিচালক, গরমিল, সম্পাদকীয়, সংসদ-সদস্য প্রভৃতি। শব্দের দ্বিত্ব করেও সাধিত শব্দ হয়ে থাকে। যেমন: ফিসফিস, ধুমাধুম।

| | |
|---|---|
| ঘরামি (ঘর + আমি) | ডুবুরি (ডুব্ + উরি) |
| প্রশাসন (প্র + শাসন) | গরমিল (গর + মিল) |
| উপহার (উপ + হার) | প্রহার (প্র + হার) |
| শীতল (শীত + ল) | গৌরব (গুরু + ষ্ণ) |
| নেয়ে (না + ইয়া) | চাঁদমুখ (চাঁদের মতো মুখ) |
| চলন্ত (চল্ + অন্ত) | নীলাকাশ (নীল যে আকাশ) |

## শব্দের অর্থ অনুসারে শ্রেণিবিভাগ

শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দসমূহ তিন ভাগে বিভক্ত। যথা: যৌগিক শব্দ, রূঢ়ি শব্দ, যোগরূঢ় শব্দ।

**ক. যৌগিক শব্দ:** যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে। যেমন: দৌহিত্র, সাংবাদিক, গায়ক, মধুর, মিতালি, জলজ, চিকামারা ইত্যাদি।

| শব্দ | গঠন | অর্থ |
|---|---|---|
| কর্তব্য | কৃ + তব্য | যা করা উচিত |
| বাবুয়ানা | বাবু + আনা | বাবুর ভাব। |
| মধুর | মধু + র | মধুর মত মিষ্টি গুণযুক্ত। |
| গায়ক | গৈ + ণক (অক) | গান করে যে। |
| দৌহিত্র | দুহিতা + ষ্ণ্য | কন্যার পুত্র, নাতি। |
| লাজুক | লাজ + উক | লজ্জাবোধ করে এমন। |

**খ. রূঢ়ি শব্দ:** যে সকল শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য বিশিষ্ট অর্থ প্রকাশ করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন: হস্তী, বাঁশি, তৈল, প্রবীণ, সন্দেশ, হরিণ ইত্যাদি।

| শব্দ | প্রকৃত অর্থ |
|---|---|
| হস্তী (হস্ত + ইন) | অর্থ: হস্ত আছে যার; কিন্তু হস্তী বলতে একটি পশুকে বোঝায়। |
| গবেষণা (গো+এষণা) | অর্থ: গোরু খোঁজা। কিন্তু গভীরতম অর্থ অধ্যয়ন ও পর্যালোচনা। |
| বাঁশি | বাঁশ দিয়ে তৈরি যে কোনো বস্তু নয়, শব্দটি সুরের বিশেষ বাদ্যযন্ত্র, বিশেষ অর্থে প্রযুক্ত হয়। |
| তৈল | শুধু তিলজাত স্নেহ পদার্থ নয়, শব্দটি যে-কোনো উদ্ভিজ্জ পদার্থজাত স্নেহ পদার্থকে বোঝায়। যেমন: বাদাম তেল। |
| প্রবীণ | শব্দটির অর্থ হওয়া উচিত ছিল প্রকৃষ্টরূপে বীণা বাজাতে পারেন যিনি। কিন্তু শব্দটি অভিজ্ঞতাসম্পন্ন বয়স্ক ব্যক্তি অর্থে ব্যবহৃত হয়। |
| সন্দেশ | শব্দ ও প্রত্যয়গত অর্থে সংবাদ। কিন্তু রূঢ়ি অর্থে মিষ্টান্ন বিশেষ। |
| হরিণ | হরণ করেছে এমন কিছু না বুঝিয়ে একটি প্রাণীকে বোঝায়। |

**গ. যোগরূঢ় শব্দ:** সমাস নিষ্পন্ন যে সকল শব্দ সম্পূর্ণভাবে সমস্যমান পদসমূহের অনুগামী না হয়ে কোনো বিশিষ্ট অর্থ গ্রহণ করে, তাদের যোগরূঢ় শব্দ বলে। যেমন: পঙ্কজ, রাজপুত, জলদ, আদিত্য, তুরঙ্গম, চাঁদমুখ, সুহৃদ ইত্যাদি।

| শব্দ | প্রকৃত অর্থ |
|---|---|
| পঙ্কজ | পঙ্কে জন্মে যা (উপপদ তৎপুরুষ সমাস)। শৈবাল, শালুক, পদ্মফুল প্রভৃতি নানাবিধ উদ্ভিদ পঙ্কে জন্মে থাকে। কিন্তু পঙ্কজ শব্দটি একমাত্র পদ্মফুল অর্থেই ব্যবহৃত হয়। তাই পঙ্কজ একটি যোগরূঢ় শব্দ। |
| রাজপুত | রাজার পুত্র অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে অর্থ হয়েছে 'জাতিবিশেষ'। |
| মহাযাত্রা | মহাসমারোহে যাত্রা অর্থ পরিত্যাগ করে যোগরূঢ় শব্দ হিসেবে অর্থ 'মৃত্যু'। |
| জলধি | 'জল ধারণ করে এমন অর্থ পরিত্যাগ করে একমাত্র 'সমুদ্র' অর্থেই ব্যবহৃত হয়। |
| তুরঙ্গম | 'স্ত্রী না থাকলেও যে সংযমী থাকতে পারে বা ইচ্ছে করলেই দৌড়ের বেগ যে বাড়াতে পারে' অর্থ পরিত্যাগ করে শুধু ঘোড়া অর্থে ব্যবহৃত হয়েছে। |

## এক কথায় প্রশ্নোত্তর

১. **কোন প্রকার শব্দের মূল নির্ধারণ করা যায় না-** দেশি।
২. **বাক্যের মৌলিক উপাদান হলো–** শব্দ।
৩. **শব্দের ক্ষুদ্রতম অংশকে বলা হয়–** ধ্বনি।
৪. **শব্দের অর্থযুক্ত ক্ষুদ্রাংশকে বলা হয়–** রূপ।
৫. **উৎসগত দিক থেকে শব্দ–** ৫ প্রকার (নবম– দশম শ্রেণির নতুন ব্যাকরণ অনুযায়ী চার প্রকার)।
৬. **গঠনগত দিক থেকে শব্দ–** ২ প্রকার।
৭. **শব্দের অর্থ অনুসারে শব্দ–** ৩ প্রকার।
৮. **আর্যদের আগমনের পূর্বে ব্যবহৃত ভাষার শব্দ হলো–** দেশি শব্দ।
৯. **অনার্য জাতির ব্যবহৃত শব্দ –** দেশি শব্দ।
১০. **দেশি ও বিদেশি শব্দের মিলনে হয় –** মিশ্র শব্দ।

## Teacher's Work



১. **'চকোলেট' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?** [Bangladesh Bank AD- 2021]
a) ফরাসি b) তুর্কি
c) পর্তুগিজ d) মেক্সিকান উ: d
[বিদ্র: চকোলেট ফরাসি শব্দও হবে (আধুনিক বাংলা অভিধান)।]

২. **'লাজুক' কোন ধরনের শব্দ?** [Bangladesh Bank AD- 2021]
a) মৌলিক শব্দ b) রূঢ়ি শব্দ
c) যৌগিক শব্দ d) যোগরূঢ় শব্দ উ: c

৩. **"চৌ-হদ্দি' শব্দটি কোন কোন ভাষার শব্দযোগে হয়েছে?** [Combined 9 Bank Senior Officer (General)-2023]
a) সংস্কৃত+আরবি b. ফারসি+আরবি
c) সংস্কৃত+ফারসি d. বাংলা+আরবি উ: b

৪. **কোনটি মৌলিক শব্দ?** [Combined 9 Bank SO (General)-2023]
a) মানব b) গোলাপ
c) একাত্ম d) ধাতব উ: b

৫. **"হেড মৌলভী" কোন কোন ভাষার শব্দ সহযোগে গঠিত?** [Combined 9 Bank Senior Officer (General)-2023; Rupali Bank (Financial Analysts)- 2020]
a) ইংরেজি+ফার্সি b) ইংরেজি+আরবি
c) ইংরেজি+তুর্কি d) কোনটিই নয় উ: a

৬. **'যার বলে তুমি বলী, তার বলে আমি বলি' বাক্যে নিম্নরেখ শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?** [Bangladesh Bank (AD): 28-10-2022]
a) বলবান b) নিবেদিত বস্তু
c) ত্যাগ d) ব্যতীত উ: a

# সমার্থক শব্দ

সমার্থক (সম + অর্থ + ক) শব্দের অর্থ হল সমার্থ বোধক, সমার্থজ্ঞাপক, সমার্থসূচক, একার্থবোধক, এক বা অনুরূপ অর্থ বিশিষ্ট। অর্থাৎ যে সব শব্দ একই অর্থ প্রকাশ করে বা একই অর্থে ব্যবহার করা চলে, তাদেরকে বলা হয় সমার্থক শব্দ বা প্রতিশব্দ।

**অবকাশ**

সময়, ফুরসত, অবসর, ছুটি, সুযোগ।

**অরুণ**

লাল, আরক্ত, রক্তিম, সূর্যসারথি, নতুনসূর্য।

**অপূর্ব**

অদ্ভুত, আশ্চর্য, অত্যাশ্চর্য, অভূতপূর্ব, অত্যদ্ভুত, অলৌকিক, অপরূপ, অভিনব, বিস্ময়কর, আজব, তাজ্জব।

**অকস্মাৎ**

আচমকা, হঠাৎ, সহসা, অতর্কিত, আচম্বিতে, অপ্রত্যাশিতভাবে, দৈবাৎ।

**অকাল**

অসময়, অবেলা, অদিন, দুর্দিন, কুদিন, অযাত্রা, কালবেলা, বারবেলা, অশুভ তিথি, অশুভ সময়, কুক্ষণ, দুঃসময়।

**অক্ষয়**

চিরন্তন, ক্ষয়হীন, নাশহীন, অশেষ, অনন্ত, অনিঃশেষ, অন্তহীন, অন্তবিহীন, অব্যয়, অবিনাশী, অলয়, অনশ্বর।

**অঙ্গ/দেহ**

দেহ, শরীর, অবয়ব, গাত্র, বপু, তনু, গতর, কাঠামো, আকৃতি, দেহাংশ।

**অতিরিক্ত**

অত্যধিক, বেশি, মেলা, অনেক, প্রচুর, প্রতুল, ভূরি, পর্যাপ্ত, বাড়তি, দেদার।

**অদৃশ্য**

অলক্ষিত, অদৃষ্ট, অলক্ষ্য, অদেখা, অগোচর, অপ্রকট, অলখ, অদর্শিত, নাদেখা।

**অনুসরণ**

অনুগমন, অনুবর্তন, অনুসৃতি, অনুক্রমণ, পশ্চাদগমন, অনুধাবন, অনুবর্তিতা।

**অভাব**

অনটন, দারিদ্র্য, দৈন্য, দীনতা, দুরবস্থা, নিঃসম্বলতা, হীনাবস্থা, গরিবি, অসচ্ছলতা, অপ্রাচুর্য, ন্যূনতা, রিক্ততা।

**অলস**

নিষ্ক্রিয়, নিষ্কর্মা, অকর্মা, শ্রমকাতর, অকেজো, অকর্মণ্য, শ্রমবিমুখ, নিরুদ্যম, জড়প্রকৃতি, ঢিলে, আলসে।

**অন্তর**

মধ্য, ফাঁক, ছিদ্র, ব্যবধান, তফাত, ভেদ, পার্থক্য, মন, হৃদয়, অপর, ভিন্ন, স্বীয়।

**অদ্ভুত**

উদ্ভট, আজগুবি, বিচিত্র, বিস্ময়কর, আশ্চর্যজনক, অভিনব, অপূর্ব, অলৌকিক, অভূতপূর্ব, অস্বাভাবিক, ভুতুড়ে।

**অতিথি**

মেহমান, অভ্যাগত, আগন্তুক, গৃহাগত, নিমন্ত্রিত, আমন্ত্রিত, কুটুম।

**অগ্নি**

আগুন, অনল, হুতাশন, শিখা, দহন, পাবক, বহ্নি, কৃশানু, সর্বভুক, বৈশ্বানর, বায়ুসখা।

**অশ্ব**

তুরঙ্গ, তুরগ, তুরঙ্গম, বাজী, ঘোটক, ঘোড়া, হয়।

**আকাশ**

শূন্যলোক, ব্যোম, দ্যুলোক, অন্তরীক্ষ, আসমান, নভঃ, গগন, অম্বর।

**অন্ন**

ভাত, ওদোন, সিদ্ধ, আহারদ্রব্য, সিদ্ধ, তণ্ডুল।

**অন্ধকার**

আঁধি, তমঃ, তমসা, তিমির, আঁধার, অমানিশা।

**ইচ্ছা**

অভিলাষ, বাঞ্ছা, স্পৃহা, অভিপ্রায়, সাধ, বাসনা, আকাঙ্ক্ষা, কামনা, অভিরুচি, প্রবৃত্তি, মনোরথ, ঈপ্সা, অভিপ্সা, আশা, এষণা, প্রার্থনা, চাওয়া, মনোবাঞ্ছা, মনোবাসনা, মনস্কাম।

**ঈশ্বর**

আল্লা, খোদা, ইলাহী, স্রষ্টা, বিশ্বপতি, পরমেশ্বর, জগদীশ্বর, জগদীশ, জগৎপতি, জগৎপিতা, জগৎস্রষ্টা, জগন্নাথ, জগন্ময়, ভাগ্যবন্ধু, আদিনাথ, পৃথিশ, অমরেশ, অন্তর্যামী, লোকনাথ, পরমপুরুষ, পরমেশ্বর, পরমাত্মা, পরেশ, পরমেশ, বিভু, ধাতা, জগদ্বন্ধু।

**কন্যা**

তনয়া, নন্দিনী, আত্মজা, দুহিতা।

**কোকিল**

কলকণ্ঠ, পিক, পরভৃত, কাকপুষ্ট, পরপুষ্ট, অন্যপুষ্ট, বসন্তদূত।

**কূল**

তীর, তট, তটভূমি, তীরভাগ, কূলভূমি, বেলা, বেলাভূমি, সৈকত, ধার, বালুবেলা, কিনারা, পুলিন, পাড়।

**কথা**

উক্তি, বচন, কথন, বাক্য, বাণী, ভাষণ, বিবৃতি, বাক, জবান, বুলি, বোল।

**কালো**

অসিত, কৃষ্ণবর্ণ, শ্যাম, শ্যামল।

**কপাল**

তিলক, কপাল, ভাগ্য, অদৃষ্ট, ভাগ্যলিপি।

**কেশ/চুল**

অলক, চিকুর, কুন্তল, চুল, কবরী।

**কিরণ**

বিভা, দ্যুতি, আলোক, দীপ্তি, প্রভা, জ্যোতি, রশ্মি, অংশু।

**কড়চা**

উক্তি, বচন, গল্প, উপাখ্যান, কথকতা, বিবরণ, বৃত্তান্ত, প্রসঙ্গ।

**কপোত**

পারাবত, কবুতর (কইতর), পায়রা, রেবতর, নোটন।

**কর**

রাজস্ব, খাজনা, শুল্ক, ট্যাক্স।

**কর্ণ**

শ্রবণ, শ্রুতি, শ্রবণেন্দ্রিয়, কান

**কড়া**

কলঙ্কচিহ্ন, কঠিন, দৃঢ়, শক্ত, খর, তীব্র।

**কাঁদা**

কন্দন, কান্না, কাঁদন, রোদন, কান্নাকাটি, অশ্রুপাত, অশ্রুত্যাগ, ঢুকরানো, ফোঁপানো ।

**কলা**

রম্ভা, কদলী, শিল্প, কৌশল, কারিগরি, পত্রগোটা ।

**কর্কশ**

খরখরে, খসখসে, নীরস, নির্মম, শুষ্ক, অমসৃণ ।

**কষ্ট**

মেহনত, যন্ত্রণা, ক্লেশ, আয়াসা, পরিশ্রম, দুঃখ ।

**খবর**

সংবাদ, বার্তা, তত্ত্ব, সন্ধান, তথ্য, সন্দেশ, সমাচার, খবরাখবর, বিবরণ, বৃত্তান্ত, নিউজ, খবরাখবর, খোঁজ-খবর, উদন্ত, ফরমান ।

**খারাপ**

মন্দ, কু, বদ, নিকৃষ্ট, দুষ্ট, নষ্ট, অভদ্র, অশ্লীল, রুক্ষ, উগ্র, বিকল ।

**খাজা**

কচকচে, মূর্খ, নিরেট, গোঁয়ারা ।

**খড়গ**

কৃপাণ, অসি, তরবারি, তলোয়ার, ঢাল ।

**খাদ্য**

খাবার, ভোজ্য, ভোজনীয়, ভক্ষ্য, আহার্য, ভোজ্যসামগ্রী, ভোজনদ্রব্য, ভোজদ্রব্য, রসদ, রসুই, খানা ।

**গৃহ**

নিবাস, বাটী, ধাম, ঘর, আগার, সদন, নিকেতন, নিলয়, আলয় ।

**ঘরনী**

গৃহিণী, স্ত্রী, পত্নী, জায়া, দারা, সহধর্মিণী, বিবি, বেগম, কর্ত্রী ।

**চাঁদ**

হিমাংশু, হিমকর, সিতাংশু, সুধাংশু, নিশানাথ, শশধর, শশাঙ্ক, বিধু, চন্দ্র, নিশাপতি, মৃগাঙ্ক ।

**চোখ**

চক্ষু, অক্ষি, নেত্র, লোচন, নয়ন, আঁখি ।

**ঠোঁট**

চঞ্চু, ওষ্ঠ, অধর ।

**ঢেউ**

কল্লোল, বিপুল, উদ্বেল, তরঙ্গ, ঊর্মি ।

**তীর**

তট, পুলিন, সৈকত, কূল, কিনার, আশ্রয়, অবধি, ধার, পাড় ।

**তপন**

দিনপতি, সূর্য, রবি, ভানু, প্রভাকর, মার্তণ্ড, মিহির, সবিতা, দিনেশ, দিনস্বামী ।

**তুলা**

তুলাদণ্ড, দাঁড়িপাল্লা, শতপল, ওজন, তুলনা, নিক্তি ।

**তৃষ্ণা**

পিপাসা, জল পানের ইচ্ছা, তেষ্টা, পিয়াসা, আকাঙ্ক্ষা ।

**তুষার**

বরফ, হিম, হিমানি, তুহিন, নীহার ।

**দিন**

দিবা, দিনমান, অযামিনী, অহনা, অহ্ন, বাসর ।

**ধনুক**

তীর, বাণ, শর, শায়ক ।

**নারী**

ভামিনী, সীমন্তিনী, নন্দিনী ।

**নদী**

শৈবালিনী, তরঙ্গিনী, কল্লোলিনী, প্রবাহিনী, তটিনী, স্রোতস্বতী, স্রোতস্বিনী, সরিৎ ।

**নিত্য**

সতত, সর্বদা, প্রত্যহ, প্রাত্যহিক, নিয়মিত, চিরস্থায়ী, অক্ষয়, চির, অনন্ত, নিত্যকর্ম, রোজ ।

**নবীন**

আনকোরা, নতুন, উদগত, আধুনিক, অধুনা, অর্বাচীন ।

**পাখি**

শকুন্ত, খেচর, বিহঙ্গ, বিহগ, পক্ষী, খগ ।

**পদ্ম**

শতদল, কমল, উৎপল, কোকনদ, সরোজ, পঙ্কজ, নলিনী, তামরস ।

**পর্বত**

মহীন্দ্র, শিকারী, শৃঙ্গ, শৈল, গিরি, পাহাড়, ভূধর, অদ্রি, অচল, মহীধর, মেদিনীধর, নগ ।

**পুত্র**

তনয়, নন্দন, সুত, আত্মজ

**পাথর**

পাষাণ, প্রস্তর, শিলা, শিল, উপল, অশ্ম, রত্ন, মণি, দৃষৎ, কাঁকর, কঙ্কর ।

**পৃথিবী**

ভূলোক, ভুবন, বসুমতি, বসুন্ধরা, অবনী, অদিতি, ক্ষিতি, ধরা, জগৎ, দুনিয়া, ধরণী, অখিল ।

**পুষ্প**

প্রসূন, ফুল, রঙ্গন, রঙ্গনা, কুসুম ।

**বাতাস**

অনিল, সমীর, সমীরণ, হাওয়া, পবন, বায়ু, বাত, মরুৎ ।

**বন**

জঙ্গল, গহন, অটবী, কুঞ্জ, কানন, অরণ্য, বনানী, বিপিন ।

**বৃক্ষ**

বিটপী, তরু, পাদপ, উদ্ভিদ, অটবী, বৃক্ষ, মহীরুহ ।

**বিবাহ**

বিয়ে, পরিণয়, পাণিগ্রহণ, উদ্বাহ, নিকাহ, শাদি ।

**বিদ্যুৎ**

শম্পা, চপলা, সৌদামিনী, ক্ষণপ্রভা, তড়িৎ, বিজলি, দামিনী ।

**ভ্রমর**

মধুলেহ, ভোমরা, মৌমাছি, অলি, শিলীমুখ, মধুকর ।

**মেঘ**

অম্বুদ, নীরদ, জলদ, বারিদ, বলাহক, কাদম্বিনী ।

**মা**

মা, মাতা, জননী, অম্বালা, অম্বা, আম্মা, অম্বালিকা, অম্বিকা, মাতৃ, গর্ভধারিণী, জন্মদাত্রী, প্রসূতি ।

**মৃত্যু**

ইন্তেকাল, বিনাশ, মরণ, নাশ, নিধন, নিপাত, পরলোকগমন, স্বর্গলাভ, দেহত্যাগ, চিরবিদায়, শেষ নিঃশ্বাস ত্যাগ ।

**মন**

চিত্ত, হৃদয়, অন্তর, দিল, পরান, অন্তঃকরণ, অন্তরাত্মা, হৃদয়তন্ত্রী, মানসলোক

**ময়ূর**

কলাপী, শিখণ্ডী, বর্হী, কেকী ।

**যুদ্ধ**

সংগ্রাম, সমর, আহব, বিগ্রহ, যুদ্ধবিগ্রহ, যোধন, রণ, লড়াই, সংঘর্ষ, সংঘাত, সমীক, সংযুগ, প্রঘাত, আয়োধন, যুঝ, প্রতিদারণ, সংখ্য ।

**রাজা**

নরেন্দ্র, ভূপাল, নৃপ, নৃপতি, দণ্ডধর, বাদশা ।

**রাত**

নিশীথিনী, শর্বরী, যামিনী, রজনী, রাত, নিশা, নিশি ।

**রানী**

রাজ্ঞী, মহিষী, সম্রাজ্ঞী, রাজমহিষী, রাজপত্নী, বেগম ।

**শত্রু**

অরাতি, অরি, বৈরি, রিপু, প্রতিপক্ষ ।

**সমুদ্র**

বারিধি, পারাবার, জলনিধি, জলধি, সিন্ধু, সাগর, পাথার, দরিয়া, অর্ণব, রত্নাকর ।

**স্বর্ণ**

সোনা, সুবর্ণ, কাঞ্চন, কনক, হিরণ্য, হিরণ, মহাধাতু, হেম, কর্বুক ।

**সাপ**

নাগ, উরগ, ভুজগ, সর্প, ফণী, আশীবিষ, অহি, ভুজঙ্গ ।

**স্ত্রী**

ভার্যা, পত্নী, সহধর্মিনী, অর্ধাঙ্গিনী, দার, দয়িতা, জায়া, কলত্র, অঙ্গনা, বধূ ।

**স্বর্গ**

দেবলোক, দ্যুলোক, অমরাবতী, ইন্দ্রলোক, ।

**সৎ**

সত্য, নিত্য, সাধু, শুভ, সৎকর্ম, সদিচ্ছা, বিদ্যমান ।

**স্বামী**

পতি, নাথ, দয়িত, কান্ত, বল্লভ, ভর্তা ।

**সিংহ**

সিঙ্গি, মৃগেন্দ্র, পশুরাজ, মৃগরাজ, কেশরী ।

**সূর্য**

অর্ক, অরুণ, আদিত্য, আফতাব, তপন, দিনপতি, দিবাকর, প্রভাকর, বিভাবসু, ভানু, ভাস্কর, মার্তণ্ড, সবিতা, রবি ।

**সুন্দর**

মনোরম, মনোহর, রমণীয়, রম্য, কমনীয়, সুদর্শন, ললিত, সুকান্ত ।

**হাতি**

হস্তী, মাতঙ্গ, নাগ, গজ, কুঞ্জর, করী, করন, ঐরাবত, দ্বিপ ।

**হাত/হস্ত**

বাহু, ভুজ, কর, হাত, পাণি ।

**হীন**

নীচ, অধম, নিন্দনীয়, অবনত, দুর্দশাপন্ন, গরিব, অক্ষম, শূন্য, অতিবিনীত, ক্ষীণ ।

## Teacher's Work



১. **'নন্দিনী' এর প্রতিশব্দ কী?** [Bangladesh Bank (AD): 2022]
a) নারী  b) সুন্দরী
c) তনয়া  d) ননদিনী  **উ:** c

২. **'অম্বু' শব্দের প্রতিশব্দ কোনটি?** [Combined 5 Banks Officer (Cash)- 2022]
a) জল  b) বাতাস
c) পাহাড়  d) পর্বত  **উ:** a

৩. **'অহি' শব্দের সামর্থক শব্দ কোনটি?** [Combined 5 Banks Officer (Cash)- 2022; Combined 8 Banks & Financial Institution Officer (General)- 2022]
a) সাপ  b) হাতি
c) হরিণ  d) শশধর  **উ:** a

৪. **'গিরিসংকট' শব্দের অর্থ কী?** [Combined 5 Banks Officer (Cash)- 2022]
a) পর্বতের গিরি  b) পর্বত
c) পার্বত্য বন্ধুরতা  d) পাহাড় চূড়া  **উ:** c

৫. **'সমুদ্র' শব্দটির প্রতিশব্দ কোনটি?** [Combined 8 Banks & Financial Institution Officer (General)- 2022]
a) জলদ  b) শর্বরী
c) জলধি  d) স্রোতস্বতী  **উ:** c

৬. **'শশাঙ্ক' এর সমার্থক শব্দ কোনটি?** [Bangladesh Bank AD- 2021]
a) সমুদ্র  b) সূর্য
c) সৈকত  d) চাঁদ  **উ:** d

## বিপরীত শব্দ

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| কাজ | অকাজ | সঞ্চয় | অপচয় |
| উপচয় | অপচয় | উন্নত | অবনত |
| কৃতজ্ঞ | অকৃতজ্ঞ | উৎকর্ষ | অপকর্ষ |
| কেজো | অকেজো | যশ | অপযশ |
| চেতন | অচেতন | সবল | দুর্বল |
| চেনা | অচেনা | সুকৃত | দুষ্কৃত |
| জানা | অজানা | সুখ | দুঃখ |
| জ্ঞানী | অজ্ঞানী | সুলভ | দুর্লভ |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| ধর্ম | অধর্ম | সুশীল | দুঃশীল |
| নশ্বর | অবিনশ্বর | আসল | নকল |
| লক্ষ্মী | অলক্ষ্মী | আস্তিক | নাস্তিক |
| শান্ত | অশান্ত | লায়েক | নালায়েক |
| শিষ্ট | অশিষ্ট | খুঁত | নিখুঁত |
| শুভ | অশুভ | খোঁজ | নিখোঁজ |
| শ্রদ্ধা | অশ্রদ্ধা | বিরত | নিরত |
| সান্ত | অনন্ত | আশা | নিরাশা |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| স্থাবর | অস্থাবর | উৎসাহ | নিরুৎসাহ |
| অতিবৃষ্টি | অনাবৃষ্টি | দোষী | নির্দোষ |
| অভিজ্ঞ | অনভিজ্ঞ | ধনী | নির্ধন, দরিদ্র |
| অর্থ | অনর্থ | প্রবল | দুর্বল |
| আচার | অনাচার | রোগ | নীরোগ |
| আত্মীয় | অনাত্মীয় | সচেষ্ট | নিশ্চেষ্ট |
| আদর | অনাদর | সদয় | নির্দয় |
| আবশ্যক | অনাবশ্যক | সম্বল | নিঃসম্বল |
| আবিল | অনাবিল | সরল | নীরস |
| আস্থা | অনাস্থা | সাকার | নিরাকার |
| ইচ্ছা | অনিচ্ছা | অজ্ঞা | বিজ্ঞা |
| ইষ্ট | অনিষ্ট | অনুরক্ত | বিরক্ত |
| উপস্থিত | অনুপস্থিত | অনুরাগ | বিরাগ |
| উপকার | অপকার | ইহলোক | পরলোক |
| মান | অপমান | ইহা | উহা |
| উচ্চ | নিচ | উত্থান | পতন |
| উদয় | অস্ত | উন্নতি | অবনতি |
| এলোমেলো | গোছানো | ওঠা | নামা |
| কৃত্রিম | স্বাভাবিক | কোমল | কর্কশ |
| ক্ষুদ্র | বৃহৎ | খাঁটি | ভেজাল |
| খুচরা | পাইকারি | খোলা | বন্ধ |
| গুরু | লঘু | গৃহী | সন্ন্যাসী |
| ঘাটতি | বাড়তি | ঘাত | প্রতিঘাত |
| চোখা | ভোঁতা | ছাত্র | শিক্ষক |
| জয় | পরাজয় | জড় | চেতন |
| জীবন | মরণ | জোয়ার | ভাটা |

| মূল শব্দ | বিপরীতার্থক শব্দ | মূল শব্দ | বিপরীতার্থক শব্দ |
|---|---|---|---|
| ঠকা | জেতা | ঠাণ্ডা | গরম |
| তিরস্কার | পুরস্কার | তেজী | নিস্তেজ |
| দিন | রাত | দীর্ঘ | হ্রস্ব |
| দূর | নিকট | দেওয়া | নেওয়া |
| ধনী | নির্ধন, গরিব | নতুন | পুরাতন |
| নিদ্রিত | জাগ্রত | নিন্দা | প্রশংসা |
| বন্ধু | শত্রু | বর | বৌ |
| বড় | ছোট | বাচাল | স্বল্পভাষী |
| বেহেশত | দোজখ | বোকা | চালাক |
| ভয় | সাহস | ভিতর | বাহির |
| ভীরু | নির্ভীক | ভূত | ভবিষ্যৎ |
| মিলন | বিরহ | মুখ্য | গৌণ |
| রাজা | প্রজা | রুগ্ন | সুস্থ |
| লাভ | ক্ষতি, লোকসান | লাল | কালো |
| শীঘ্র | বিলম্ব | সত্য | মিথ্যা |
| সার্থক | ব্যর্থ | সুন্দর | কুৎসিত |
| স্থির | চঞ্চল | স্মৃতি | বিস্মৃতি |
| স্বতন্ত্র | পরতন্ত্র | স্বর্গ | নরক |
| হরণ | পূরণ | হার | জিত |
| হাসি | কান্না | হ্রাস | বৃদ্ধি |
| কড়ি | কড়িশূন্য | কনিষ্ঠ | জ্যেষ্ঠ |
| কপটতা | সরলতা | কেলেঙ্কারি | খ্যাতি |
| কল্যাণ | অকল্যাণ | কর্কশ | মোলায়েম/কোমল |
| কাজ | অকাজ | কলঙ্ক | সুনাম/খ্যাতি |
| কার্য | অকার্য | কলুষ | নিষ্কলুষ |
| কুখ্যাত | সুখ্যাত | কল্পনা | বাস্তব |

## Teacher's Work



১. **"সংশয়" এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [Combined 9 Bank Senior Officer (General)-2023; Sonali Bank Ltd. DAE (Electric)-2019]
a) বিস্ময়　b) নির্ভর
c) প্রত্যয়　d) দ্বিধা　**উ:** c

২. **'বিরত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [Bangladesh Bank (AD): 28-10-2022]
a) অবিরত　b) সরত
c) নিবৃত　d) নিরত　**উ:** d

৩. **'গৃহী' শব্দের বিপরীতার্থক শব্দ কী?** [Bangladesh Bank (AD): 28-10-2022]
a) সঞ্চয়　b) সন্ন্যাসী
c) সংসারী　d) কোনোটিই নয়　**উ:** b

৪. **'অনুগ্রহ' এর বিপরীতার্থক শব্দ কোনটি?** [Combined 5 Banks Officer (Cash)- 2022]
a) দয়া　b) বিগ্রহ
c) প্রতিগ্রহ　d) নিগ্রহ　**উ:** d

৫. **'সৌম্য' শব্দের বিপরীত শব্দ কী?** [Combined 5 Banks Officer (Cash)- 2022]
a) শীলিত　b) দুর্জন
c) উদ্ধত　d) উগ্র　**উ:** d

৬. **'ভূত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?** [Combined 5 Banks Officer (Cash)- 2022; Janata Bank Ltd. AE (Teller)-2019]
a) পেত্নী　b) ভবিষ্যৎ
c) ভয়　d) নির্ভীক　**উ:** b

# পারিভাষিক শব্দ

**পারিভাষিক শব্দ**

পরিভাষা শব্দটি ইংরেজি Definition শব্দের বাংলা অনুবাদ। অভিধানে পরিভাষা শব্দের অর্থ সংজ্ঞাবিশেষ। পরিভাষা বিশেষ অর্থ প্রদানকারী শব্দ বা শব্দরাশি। যে শব্দ দ্বারা সংক্ষেপে কোন বিষয় সুনির্দিষ্টভাবে ব্যক্ত করা যায়, তাই পরিভাষা।

| A | |
|---|---|
| Aboriginal | ➢ আদিবাসি |
| Amplification | ➢ পরিবর্ধন |
| Adjournment | ➢ মুলতবি |
| Annotation | ➢ টীকা |
| Anonymous | ➢ বেনামা |
| Anticipation | ➢ প্রাকচিন্তন |
| Archetype | ➢ আদিরূপ |
| Attested | ➢ সত্যায়িত/প্রত্যয়িত |
| Autonomous | ➢ স্বায়ত্তশাসিত |
| Amendment | ➢ সংশোধনী |

| B | |
|---|---|
| Bail | ➢ জামিন |
| Background | ➢ পটভূমি |
| Blue Print | ➢ প্রতিচিত্র |
| Booklet | ➢ পুস্তিকা |
| Basin | ➢ অববাহিকা |
| Blockade | ➢ অবরোধ |
| Bloc | ➢ শক্তিজোট |
| Bill | ➢ আইনের খসড়া |
| Book Post | ➢ খোলা ডাক |

| C | |
|---|---|
| Cabinet | ➢ মন্ত্রিপরিষদ |
| Cricular | ➢ পরিপত্র |
| Covenant | ➢ চুক্তিপত্র |
| Coating | ➢ আবরণ |
| Coup | ➢ অভ্যুত্থান |
| Corrigendum | ➢ শুদ্ধিপত্র |
| Constituency | ➢ নির্বাচনী এলাকা |
| Custom | ➢ প্রথা |
| Concoct | ➢ বানিয়ে বলা |
| Canvass | ➢ প্রচার |
| Certified | ➢ প্রত্যয়িত |
| Catalogue | ➢ তালিকা |
| Calligraphy | ➢ হস্তলিপিবিদ্যা |

| D | |
|---|---|
| Defence | ➢ প্রতিরক্ষা |
| Deadlock | ➢ অচলাবস্থা |
| Deputation | ➢ প্রেষণ |
| Discriminatory | ➢ বৈষম্যমূলক |
| Deceive | ➢ প্রতারণা করা |
| Divulge | ➢ প্রকাশ করা |
| Directorate | ➢ পরিদপ্তর |
| Dividend | ➢ লভ্যাংশ |
| Design | ➢ নকশা |

| E | |
|---|---|
| Equation | ➢ সমীকরণ |
| Epicurism | ➢ ভোগবাদ |
| Extension | ➢ সম্প্রসারণ |
| Eye witness | ➢ প্রত্যক্ষদর্শী |
| Edition | ➢ সংস্করণ |
| Editor | ➢ সম্পাদক |
| Exhibition | ➢ প্রদর্শনী |
| Enterprise | ➢ সাহসী উদ্যোগ |
| Executive | ➢ নির্বাহী |
| Entrepreneur | ➢ উদ্যোক্তা |
| Etiquette | ➢ শিষ্টাচার |

| F | |
|---|---|
| Final | ➢ সমাপ্তি |
| Filing | ➢ নথিভুক্তি |
| Forgery | ➢ জালিয়াতি |
| Faculty | ➢ অনুষদ |
| File | ➢ নথি |
| Folio | ➢ পাতা |

| G | |
|---|---|
| Gazette | ➢ ঘোষণাপত্র |
| Graphic | ➢ রৈখিক |
| Grotesque | ➢ অদ্ভুত |
| Green room | ➢ সাজঘর |
| General manager | ➢ মহাব্যবস্থাপক |
| Glossary | ➢ টীকাপঞ্জি |
| Graduate | ➢ স্নাতক |
| Guideline | ➢ নির্দেশনা |
| Goodwill | ➢ সুনাম |

| H | |
|---|---|
| Homicide | ➢ নরহত্যা |
| Hostage | ➢ জিম্মি |
| Housing | ➢ আবাসন |
| House Physician | ➢ গৃহ চিকিৎসক |
| Human rights | ➢ মানবাধিকার |
| Hydrologist | ➢ পানিবিজ্ঞানী |
| Hygiene | ➢ স্বাস্থ্যবিদ্যা |
| Hybrid | ➢ সংকর |
| Hard money | ➢ নগদ টাকা |
| Hoarder | ➢ মজুতদার |
| Home ministry | ➢ স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| Horticulture | ➢ উদ্যানবিদ্যা |
| Hearing | ➢ শুনানি |
| Horizon | ➢ দিগন্ত |
| Hydraulics | ➢ জল প্রবাহ বিজ্ঞান |

| L | |
|---|---|
| Longitude | ➢ দ্রাঘিমা |
| Lobbying | ➢ তদবির |
| Livestock | ➢ পশুপালন |

Litigation ➢ মামলা
Lingua Franca ➢ সাধারণ ভাষা
Liquidation ➢ অবসায়ন
Light-Year ➢ আলোকবর্ষ
License ➢ অনুজ্ঞা পত্র
Lender ➢ মহাজন
Leftist ➢ বামপন্থী
Leaflet ➢ প্রচারপত্র
Latitude ➢ অক্ষাংশ
Landslide ➢ ভূপাতিত, ধ্বংস
Faire ➢ অবাধনীতি
Laboratory ➢ পরীক্ষাগার

## Q

Quarterly ➢ ত্রৈমাসিক
Quack ➢ হাতুড়ে ডাক্তার
Quality ➢ গুণ
Quantity ➢ পরিমাণ
Quantum ➢ পরিমাণ
Quarters ➢ আবাস
Queue ➢ সারি
Quarter ➢ চতুর্থাংশ
Quota ➢ নির্ধারিত অংশ
Quotation ➢ মূল্য জ্ঞাপন
Questionnaire ➢ প্রশ্নমালা

## R

Ratio ➢ অনুপাত
Rotation ➢ আবর্তন
Routine ➢ নির্ঘণ্ট/নিত্যকার্যসূচি
Rehearsal ➢ মহড়া
Rent ➢ খাজনা/ভাড়া
Republic ➢ প্রজাতন্ত্র
Remittance ➢ প্রেরণ
Representation ➢ প্রতিনিধিত্ব
Research ➢ গবেষণা
Replacement ➢ প্রতিস্থাপন
Resign ➢ পদত্যাগ করা
Rewrite ➢ পুনর্লিখন
Robot ➢ মানবযন্ত্র
Rule ➢ বিধি
Range ➢ এলাকা
Rack ➢ তাক
Radius ➢ ব্যাসার্ধ
Rating ➢ নির্ধারণ
Rest-house ➢ বিশ্রাম ভবন
Re-union ➢ পুনর্মিলন
Rector ➢ অধিশিক্ষক
Re-examination ➢ পুনঃপরীক্ষা
Regiment ➢ সৈন্যদল
Relief ➢ ত্রাণ
Rural ➢ গ্রামীণ
Race ➢ জাতি
Radiation ➢ বিকিরণ
Radical ➢ মৌলিক
Radioactivity ➢ তেজস্ক্রিয়তা
Rational ➢ যুক্তিবাদী/যুক্তিসঙ্গত
Referendum ➢ গণভোট
Refinery ➢ শোধনাগার
Refugee ➢ উদ্বাস্তু
Rehabilitation ➢ পুনর্বাসন
Resident ➢ আবাসিক
Realism ➢ বাস্তববাদ

## S

Sabotage ➢ অন্তর্ঘাত
Safeguard ➢ রক্ষাকবচ
Sample ➢ নমুনা
Sanitation ➢ স্বাস্থ্য ব্যবস্থা
Satellite ➢ উপগ্রহ
Screening ➢ বাছাই
Scrutinizer ➢ নিরীক্ষক
Sculpture ➢ ভাস্কর্য
Script ➢ লিপি
Schedule ➢ তালিকা/সময়-সূচি
Sea level ➢ সমুদ্রপৃষ্ঠ
Seaman ➢ নাবিক
Seasonal ➢ মৌসুমী
Secular ➢ ধর্মনিরপেক্ষ
Seismography ➢ ভূকম্পবিদ্যা
Semicircle ➢ অর্ধবৃত্ত
Service ➢ চাকুরী
Spectrum ➢ বর্ণালি
Session ➢ অধিবেশন
Short title ➢ শিরোনাম
Soft drink ➢ কোমল পানীয়
Solar eclipse ➢ সূর্য গ্রহণ
Souvenir ➢ স্মৃতিগ্রন্থ
Sovereignty ➢ সার্বভৌমত্ব
Square ➢ সমচতুর্ভূজ
Stipend ➢ বৃত্তি
Sue ➢ নালিশ করা
Sublet ➢ উপভাড়া
Summit ➢ শীর্ষ, শিখর
Syndicate ➢ প্রতিনিধি দলের সভা
Synonymous ➢ সমার্থক
Search light ➢ সন্ধানীবাতি
Salary ➢ বেতন
Self help ➢ স্বাবলম্বন
Solar system ➢ সৌরজগৎ/সৌরমণ্ডল
Subscription ➢ চাঁদা
Super ➢ অধিক আলো
Smuggler ➢ চোরাচালান
State-prisoner ➢ রাজবন্দী
Strategy ➢ রণকৌশল

| | |
|---|---|
| Subdivision | ➢ মহকুমা |
| Superior | ➢ উচ্চ |
| Supervision | ➢ তত্ত্বাবধান |
| Survey | ➢ জরিপ |
| Syntax | ➢ বাক্যপ্রকরণ |
| Secondary | ➢ মাধ্যমিক |
| Shorthand | ➢ সাঁটলিপি |
| Spy | ➢ গুপ্তচর |
| Subsidy | ➢ ভর্তুকি |
| Subsidiary | ➢ সম্পূরক |
| Surgeon | ➢ শল্যচিকিৎসক |

**T**

| | |
|---|---|
| Table | ➢ তালিকা/সারণী |
| Tabulation | ➢ তালিকা বন্ধন |
| Tally | ➢ মিল |
| Telegraph | ➢ তার |
| Term | ➢ শর্ত, শব্দ, পদ |
| Terminology | ➢ পরিভাষা |
| True Copy | ➢ অবিকল প্রতিলিপি |
| Terrorist | ➢ সন্ত্রাসবাদী |
| Textile | ➢ বস্ত্র |
| Thesaurus | ➢ সমার্থ শব্দকোষ |
| Theocracy | ➢ ধর্মতন্ত্র |
| Tidal bore | ➢ জলোচ্ছ্বাস |
| Thesis | ➢ গবেষণাপত্র |
| Totalitarianism | ➢ সর্বগ্রাসীতা |
| Token | ➢ প্রতীক |
| Treasury | ➢ কোষাগার |
| Triangular | ➢ ত্রিভূজীয়/ত্রিকোণী |
| Trilogy | ➢ ত্রয়ী |
| Treaty | ➢ আর্ন্তজাতিক চুক্তি |
| Taxation | ➢ করারোপণ |
| Telescope | ➢ দূরবীক্ষণ যন্ত্র |
| Temperature | ➢ তাপমাত্রা |
| Tariff | ➢ মাশুল |
| Teapot | ➢ চায়ের পাত্র |
| Trade Center | ➢ বাণিজ্যকেন্দ্র |
| Trade mark | ➢ পণ্যচিহ্ন |
| Top | ➢ শীর্ষ |
| Tourism | ➢ পর্যটন |
| Transport | ➢ পরিবহন |
| Type | ➢ নমুনা |
| Typhoon | ➢ ঘূর্নিঝড় |
| Translator | ➢ অনুবাদক |
| Tribal | ➢ আদিবাসীয় |
| Tribunal | ➢ ন্যায়পীঠ/বিচারসভা |
| Town-hall | ➢ নগরভবন |

**U**

| | |
|---|---|
| Underdeveloped | ➢ অনুন্নত |
| Understanding | ➢ সমঝোতা/বোধশক্তিসম্পন্ন |
| United front | ➢ যুক্তফ্রন্ট |
| Unofficial | ➢ বেসরকারি |
| Unpaid | ➢ অপরিশোধিত |
| Unauthorized | ➢ অপ্রামাণিক |
| Universal | ➢ বিশ্বজনীন, সার্বজনীন |
| Urban | ➢ পৌর |
| Urbanization | ➢ নগরায়ণ |
| Unemployed | ➢ বেকার, কর্মহীন |
| Upper | ➢ উচ্চ |
| Urgent | ➢ জরুরি |
| Ultramodern | ➢ অতি আধুনিক |
| Uniform | ➢ উর্দি |
| Unlimited | ➢ অসীম |
| University | ➢ বিশ্ববিদ্যালয় |
| Urinal | ➢ প্রস্রাব |
| Unconstitutional | ➢ অসাংবিধানিক |
| Ultimatum | ➢ চরমপত্র |

**V**

| | |
|---|---|
| Vacancy | ➢ খালি |
| Vague | ➢ অস্পষ্ট |
| Variation | ➢ পরিবর্তন |
| Vendee | ➢ ক্রেতা |
| Venue | ➢ স্থান |
| Volunteer | ➢ স্বেচ্ছাসেবী |
| Vacation | ➢ অবকাশ |
| Valid | ➢ বৈধ |
| Viva-Voce | ➢ মৌখিক পরীক্ষা |
| Velvet | ➢ মখমল |
| Vice Chancellor | ➢ উপাচার্য |
| Vice Versa | ➢ বিপরীতক্রম |

**W**

| | |
|---|---|
| Wagon | ➢ গাড়ি |
| Waiting Room | ➢ বিশ্রামাগার |
| Walk out | ➢ কক্ষ ত্যাগ |
| Warden | ➢ প্রহরী |
| Waiter | ➢ খাদ্য পরিবেশক |
| War Criminal | ➢ যুদ্ধাপরাধী |
| Wastage | ➢ অপচয় |
| Watcher | ➢ চর, প্রহরী |
| Waterproof | ➢ জলরোধক |
| Wealth tax | ➢ সম্পদ কর |
| Whip | ➢ দলরক্ষী |
| White paper | ➢ শ্বেতপত্র |
| Wild life | ➢ বন্যপ্রাণী |
| wireless | ➢ বেতার |
| Wit | ➢ রসিকতা |
| Worship | ➢ গভীর শ্রদ্ধা |
| Wage | ➢ বেতন, মজুরি |
| War-Crime | ➢ যুদ্ধাপরাধ |
| Witness | ➢ সাক্ষী |
| Workshop | ➢ কারখানা |
| Water Fall | ➢ জলপ্রপাত |

## এক কথায় প্রশ্নোত্তর

১. পরিভাষা শব্দের ইংরেজি প্রতিশব্দ– Definition.

২. পরিভাষা শব্দের অর্থ– সংজ্ঞা বিশেষ।

## Teacher's Work

১. **'Lyric' শব্দের প্রতিশব্দ–** [Combined 9 Banks Officer (General)- 2022]
a) সংগতি b) সুর
c) গান d) গীতিকবিতা **উ:** d

২. **'Gratuity' শব্দের বাংলা পরিভাষা হলো–** [Combined 7 Banks & 1 Financial Institution (Senior Officer)- 2022]
a) মহত্ব b) বিদ্বান
c) আনুতোষিক d) মঞ্জুরি **উ:** c

৩. **'Agora' শব্দের বাংলা পরিভাষা–** [Probashi Kallayan Bank (Officer)- 2021; Combined 6 Banks (A. Programmer)- 2021]
a) পণ্য b) পণ্যাগার
c) মুদি d) মুদিখানা **উ:** b

**Note:** 'Agora' শব্দের পরিভাষা মুক্তাঞ্চলও হবে।

৪. **'Ameliorate' এর বাংলা পরিভাষা হলো–** [Combined 7 Banks & 1 Financial Institutions (Senior Officer)- 2021]
a) অনন্য b) উৎকর্ষ সাধন
c) অভূতপূর্ব d) অকুতোভয় **উ:** b

৫. **'Odd' কী?** [Janata Bank Officer (Cash)- 2020]
a) কোরাস গান b) গাথা কাহিনী
c) খণ্ড কবিতা d) শোক কবিতা **উ:** a

৬. **'Morphology' এর সমার্থক বাংলা প্রতিশব্দ হলো–** [Joint Recritment for 2 Banks Senior Officer (IT)- 2020; Sonali & Janata Bank Officer (IT)- 2020]
a) শব্দতত্ত্ব b) ধ্বনিতত্ত্ব
c) বাক্যতত্ত্ব d) অর্থতত্ত্ব **উ:** a

## Student's Work

১. **মৌলিক শব্দ কোনটি?**
ক. মেঘ খ. ছুটি
গ. কাব্য ঘ. দ্বীপ **উ:** ক

২. **কোনটি মৌলিক শব্দ নয়?**
ক. গোলাপ খ. গৌরব
গ. নাক ঘ. তিন **উ:** খ

৩. **কোনটি সাধিত শব্দের উদাহরণ?**
ক. হাসান খ. প্রশাসনিক
গ. ঝনঝন ঘ. গোলাপ **উ:** খ

৪. **নিচের কোনটি সাধিত শব্দ?**
ক. দরদি খ. লাল
গ. বই ঘ. গাছ **উ:** ক

৫. **কোনটি সাধিত শব্দ নয়?**
ক. পানসা খ. ফুলের
গ. গোলাপ ঘ. হাতল **উ:** গ

৬. **শব্দার্থ অনুসারে বাংলা ভাষার শব্দ সমষ্টিকে ভাগ করা যায়–**
ক. দুই ভাগে খ. তিন ভাগে
গ. চার ভাগে ঘ. পাঁচ ভাগে **উ:** খ

৭. **অর্থমূলক শব্দ বিভাজন কোনটি?**
ক. তৎসম খ. যৌগিক শব্দ
গ. সাধিত শব্দ ঘ. তদ্ভব শব্দ **উ:** খ

৮. **যেসব শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ অভিন্ন তাকে বলে–**
ক. যৌগিক শব্দ খ. যোগরূঢ় শব্দ
গ. রূঢ়ি শব্দ ঘ. মৌলিক শব্দ **উ:** ক

৯. **যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অর্থের অনুগামী না হয়ে অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে তাকে কী শব্দ বলে?**
ক. রূঢ়ি খ. যৌগিক
গ. যোগরূঢ় ঘ. যোগরূঢ়ি **উ:** ক

১০. **কোনটি যৌগিক শব্দ?**
ক. তৈল খ. রেশম
গ. দৌহিত্র ঘ. মহাযাত্রা **উ:** গ

১১. **'সাংবাদিক' শব্দটি একটি–**
ক. মৌলিক খ. রূঢ়ি
গ. যৌগিক ঘ. প্রাতিপাদিক **উ:** গ

১২. **কোনটি যৌগিক শব্দ?**
ক. সন্দেশ খ. রাজপুত
গ. পাঠক ঘ. হস্তী **উ:** গ

১৩. **কোনটি যোগরূঢ় শব্দ নয়?**
ক. তৈল খ. জলধি
গ. পঙ্কজ ঘ. সরোজ **উ:** ক

১৪. **বাংলা ভাষার শব্দগুলোকে কয় ভাগে ভাগ করা যায়?**
ক. ৩ ভাগে খ. ৪ ভাগে
গ. ৫ ভাগে ঘ. ৬ ভাগে **উ:** গ

১৫. **বাংলা ভাষায় নিচের কোন প্রকার শব্দের পরিমাণ সর্বাধিক?**
ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. তদ্ভব ঘ. দেশি **উ:** গ

১৬. **বাংলা ভাষায় সবচেয়ে বেশি শব্দ এসেছে–**
ক. আরবি থেকে খ. হিন্দি থেকে
গ. উর্দু থেকে ঘ. ফারসি থেকে **উ:** ঘ

১৭. তৎসম শব্দ বলতে কী বুঝায়?
ক. তদ্ভব শব্দ খ. দ্বিরুক্তি
গ. সংস্কৃত শব্দ ঘ. কৃদন্ত শব্দ উ: গ

১৮. সংস্কৃত ভাষা থেকে যেসব শব্দ সোজাসুজি বাংলায় এসেছে ও যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে কী বলে?
ক. দেশি শব্দ খ. অর্ধ-তৎসম শব্দ
গ. তৎসম শব্দ ঘ. তদ্ভব শব্দ উ: গ

১৯. 'সম' শব্দের অর্থ কী?
ক. সমান খ. মৃত্যু
গ. বন্ধুর ঘ. শান্তি উ: ক

২০. নিচের কোন শব্দটি তৎসম শব্দ?
ক. জীবন খ. গোয়ালা
গ. পেট ঘ. ডিঙি উ: ক

২১. তৎসম শব্দ কোনটি?
ক. বৈষ্ণব খ. নক্ষত্র
গ. চামার ঘ. ইমান উ: ক, খ

২২. কোনটি সংস্কৃত তৎসম শব্দ?
ক. তখন খ. বামুন
গ. যাতনা ঘ. অগ্রহায়ণ উ: ঘ

২৩. 'অঞ্চল' শব্দটি কোন শ্রেণির?
ক. তদ্ভব খ. তৎসম
গ. ফারসি ঘ. ইংরেজি উ: খ

২৪. 'ধূম্র' শব্দটি নিচের কোন শ্রেণিভুক্ত?
ক. অর্ধ-তৎসম খ. দেশি
গ. তদ্ভব ঘ. তৎসম উ: ঘ

২৫. 'পরাজয়' কী জাতীয় শব্দ?
ক. উর্দু খ. হিন্দি
গ. তৎসম ঘ. তদ্ভব উ: গ

২৬. 'পানি' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে?
ক. সংস্কৃত খ. ফারসি
গ. হিন্দি ঘ. আরবি উ: গ

২৭. 'পাঠক' শব্দটি কোন শ্রেণির ধাতু হতে গঠিত?
ক. সংস্কৃত খ. খাঁটি বাংলা
গ. দেশি ঘ. বিদেশি উ: ক

২৮. 'বিয়ে' কোন ধরনের শব্দ?
ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. তদ্ভব ঘ. দেশি উ: গ

২৯. 'ভাত' কোন ধরনের শব্দ?
ক. তৎসম খ. তদ্ভব
গ. খাঁটি বাংলা ঘ. বিদেশি উ: খ

৩০. 'মা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. ল্যাটিন খ. আরবি
গ. হিন্দি ঘ. তদ্ভব উ: ঘ

৩১. নিচের কোনটি তদ্ভব শব্দ নয়?
ক. লুঙ্গি খ. হাত
গ. চাঁদ ঘ. দুধ উ: ক

৩২. কোনটি তদ্ভব শব্দ নয়?
ক. ছাতা খ. বোন
গ. নগদ ঘ. রাখাল উ: গ

৩৩. বাংলা ভাষায় অর্ধ-তৎসম শব্দগুলো এসেছে কোন ভাষা থেকে?
ক. সংস্কৃত খ. ফারসি
গ. পর্তুগিজ ঘ. ল্যাটিন উ: ক

৩৪. 'খিদে' কোন ধরনের শব্দ?
ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. দেশি ঘ. তদ্ভব উ: খ

৩৫. গিন্নী, কেষ্ট শব্দ দুটি কোন ধরনের শব্দ?
ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. দেশি ঘ. বিদেশি উ: খ

৩৬. 'গেরাম' কোন জাতীয় শব্দ?
ক. যৌগিক খ. তৎসম
গ. তদ্ভব ঘ. দেশি উ: খ

৩৭. 'জোছ্না' কোন শ্রেণির শব্দ?
ক. যৌগিক খ. তৎসম
গ. দেশি ঘ. অর্ধ-তৎসম উ: ঘ

৩৮. অর্ধ-তৎসম শব্দ কোনটি?
ক. নৃত্য খ. হাসপাতাল
গ. রতন ঘ. ষাঁড় উ: ঘ

৩৯. কোনটি অর্ধ-তৎসম শব্দ?
ক. বচ্ছর খ. কুৎসিত
গ. মিথ্যা ঘ. প্রত্যয় উ: ক

৪০. কোনটি দেশি শব্দ?
ক. চাহিদা খ. ডাগর
গ. লুঙ্গি ঘ. খদ্দর উ: খ

৪১. কোনটি দেশি শব্দ?
ক. একতারা খ. গতর
গ. রোজগার ঘ. ডিঙি উ: ঘ

৪২. কোনটি দেশি শব্দ?
ক. ঢেঁকি খ. কাগজ
গ. আনারস ঘ. উকিল উ: ক

৪৩. কোনটি খাঁটি বাংলা শব্দ?
ক. ঢোল খ. ঈদ
গ. হালুয়া ঘ. আনারস উ: ক

৪৪. 'সাঁওতাল' কোন ধরনের শব্দ?
ক. তৎসম খ. তদ্ভব
গ. দেশি ঘ. মুণ্ডারি উ: গ

৪৫. কোনটি দেশি বাংলা শব্দ?
ক. গিন্নী খ. দোকান
গ. বাতাসা ঘ. পানি উ: গ

৪৬. 'এজলাস' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ক. আরবি খ. ফারসি
গ. হিন্দি ঘ. উর্দু উ: ক

৪৭. 'কবর' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ক. সংস্কৃত খ. পালি
গ. ফারসি ঘ. আরবি উ: ঘ

৪৮. 'কেচ্ছা' কোন ভাষার শব্দ?
ক. গুজরাটি খ. আরবি
গ. দেশি ঘ. তুর্কি উ: খ

৪৯. 'কোরবানি' কোন ভাষার শব্দ?
ক. আরবি খ. ফারসি
গ. হিন্দি ঘ. উর্দু উ: ক

৫০. 'বকলম' শব্দটি বাংলা ভাষায় এসেছে–
ক. ফরাসি ভাষা থেকে খ. আরবি ভাষা থেকে
গ. হিন্দি ভাষা থেকে ঘ. বর্মি ভাষা থেকে উ: খ

৫১. আরবি থেকে আগত শব্দ–
ক. খবর খ. বেচতার
গ. পেয়ারা ঘ. গুদাম উ: ক

৫২. কোনটি বিদেশি শব্দ?
ক. হাত খ. ডাগর
গ. হায়াত ঘ. নাগর উ: গ

৫৩. 'উকিল' ও 'মক্কেল' শব্দ দুইটি বাংলা ভাষা গ্রহণ করেছে–
ক. আরবি ভাষা হতে খ. ফরাসি ভাষা হতে
গ. তুর্কি ভাষা হতে ঘ. পর্তুগিজ ভাষা হতে উ: ক

৫৪. আরবি থেকে আগত বাংলা শব্দগুচ্ছ কোনটি?
ক. দরিয়া-আজাদ-সুদ খ. আওয়াজ-নজরানা-ফরমান
গ. কলম-হাকিম-দখল ঘ. দাম-উর্দি-ভরসা উ: গ

৫৫. আরবি ভাষা থেকে আগত শব্দ–
ক. আলমারি খ. আলোকন
গ. আলপিন ঘ. আলামত উ: ঘ

৫৬. 'ওয়াকিবহাল' শব্দটি কোন ভাষার শব্দ?
ক. ফারসি খ. হিন্দি
গ. উর্দু ঘ. আরবি উ: ঘ

৫৭. 'কলি' কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
ক. আরবি খ. চীনা
গ. জাপানি ঘ. তুর্কি উ: ক

৫৮. 'কুরসি' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ক. ইংরেজি খ. সাঁওতাল
গ. পর্তুগিজ ঘ. আরবি উ: ঘ

৫৯. 'মামলা' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ক. আরবি খ. ফারসি
গ. উর্দু ঘ. হিন্দি উ: ক

৬০. 'মেয়াদ' কোন ভাষা থেকে আগত শব্দ?
ক. সংস্কৃতি খ. ফারসি
গ. তুর্কি ঘ. আরবি উ: ঘ

৬১. 'লোকসান' শব্দটি–
ক. আরবি খ. ফারসি
গ. তুর্কি ঘ. হিন্দি উ: ক

৬২. নিচের কোনটি আরবি শব্দ?
ক. নামাজ খ. হজ
গ. রোযা ঘ. খোদা উ: খ

৬৩. 'ছিতম' কোন ভাষার শব্দ?
ক. আরবি খ. ফারসি
গ. ফরাসি ঘ. ওলন্দাজ উ: খ

৬৪. 'জঙ্গল' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. হিন্দি খ. ফারসি
গ. তুর্কি ঘ. ফরাসি উ: খ

৬৫. 'জালা' কোন ভাষার শব্দ?
ক. ওলন্দাজ খ. ফরাসি
গ. পর্তুগিজ ঘ. ফারসি উ: ঘ

৬৬. 'জামদানি' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. আরবি খ. তুর্কি
গ. ফারসি ঘ. হিন্দি উ: গ

৬৭. 'জিন্দাবাদ' কোন ভাষার শব্দ?
ক. ফারসি খ. উর্দু
গ. সংস্কৃত ঘ. হিন্দি উ: ক

৬৮. 'জবানবন্দি' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ক. আরবি খ. ফার্সি
গ. ফরাসি ঘ. পর্তুগিজ উ: খ

৬৯. 'জাদু' শব্দটি যে ভাষার–
ক. আরবি খ. ফারসি
গ. উর্দু ঘ. বাংলা উ: খ

৭০. 'জ্বালাতন' শব্দটির উৎস কোনটি?
ক. আরবি খ. ফারসি
গ. হিন্দি ঘ. পর্তুগিজ উ: খ

৭১. বিদেশি ভাষা থেকে আগত?
ক. রুটি খ. তন্দুর
গ. অন্ন ঘ. আহার উ: খ

৭২. 'তারিখ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. আরবি খ. ফারসি
গ. ফরাসি ঘ. গুজরাটি উ: খ

৭৩. 'দরজা' কোন ভাষা থেকে আগত শব্দ?
ক. ফারসি খ. আরবি
গ. হিন্দি ঘ. পর্তুগিজ উ: ক

৭৪. 'দফতর' শব্দটি কোন ভাষার শব্দ?
ক. আরবি খ. ওলন্দাজ
গ. ফারসি ঘ. তুর্কি উ: গ

৭৫. 'দীঘল রাতের শ্রান্ত সফর শেষে/কোন দরিয়ার কালো দিগন্তে আমরা পড়েছি এসে।' এখানে 'দরিয়া' শব্দটি–
ক. দেশি খ. বিদেশি
গ. তদ্ভব ঘ. অর্ধ-তৎসম উ: খ

৭৬. 'বোম্বেটে' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ক. পর্তুগিজ খ. ইংরেজি
গ. ফরাসি ঘ. স্প্যানিশ উ: ক

৭৭. কোনটি বিদেশি শব্দ?
ক. ঢেঁকি খ. কুলা
গ. ফিতা ঘ. ঢাকা উ: গ

৭৮. 'চাবি, জানালা, বালতি'– এগুলি কোন ভাষা থেকে বাংলায় এসেছে?
ক. পর্তুগিজ খ. জাপানি
গ. রুশ ঘ. চীনা উ: ক

৭৯. বোতাম, বালতি, আনারস, চাবি কোন ভাষা থেকে এসেছে?
ক. ফরাসি খ. ওলন্দাজ
গ. পর্তুগিজ ঘ. চৈনিক উ: গ

৮০. 'যিশু' কোন ভাষার শব্দ?
ক. পর্তুগিজ খ. ইংরেজি
গ. ফরাসি ঘ. ওলন্দাজ উ: ক, খ

৮১. নিচের কোনটি পর্তুগিজ শব্দ?
ক. বিস্কুট খ. বাবুর্চি
গ. সাবান ঘ. গ্যারাজ উ: গ

৮২. নিচের কোনটি পর্তুগিজ ভাষার শব্দ নয়?
ক. আনারস খ. আলমারি
গ. গুদাম ঘ. চাহিদা উ: ঘ

৮৩. 'বাবা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. তুর্কি খ. আরবি
গ. উর্দু ঘ. ফারসি উ: ক

৮৪. 'বন্দুক-বারুদ' শব্দ দুটি–
ক. আরবি খ. ফারসি
গ. তুর্কি ঘ. হিন্দি উ: গ

৮৫. 'কুপন' কোন ভাষা হতে গৃহীত হয়?
ক. ইংরেজি খ. ফরাসি
গ. ফারসি ঘ. ওলন্দাজ উ: খ

৮৬. 'কার্তুজ' কোন ভাষার শব্দ?
ক. ইংরেজি খ. ফরাসি
গ. জার্মানি ঘ. চীনা উ: খ

৮৭. 'রেস্তোরাঁ' কোন ভাষার শব্দ?
ক. ওলন্দাজ খ. ফরাসি
গ. জাপানি ঘ. ইংরেজ উ: খ

৮৮. 'বুর্জোয়া' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে?
ক. ইংরেজি খ. ফরাসি
গ. ফারসি ঘ. হিন্দি উ: খ

৮৯. 'আতাঁত' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ক. ইংরেজি খ. ফারসি
গ. ফরাসি ঘ. স্প্যানিশ উ: গ

৯০. 'অফিস' কোন ভাষার শব্দ?
ক. বাংলা খ. আরবি
গ. ফারসি ঘ. ইংরেজি উ: ঘ

৯১. নিচের কোনটি পর্তুগিজ শব্দ?
ক. চামচ খ. আলপিন
গ. চাকু ঘ. ছুরি উ: খ

৯২. 'ইংরেজ' কোন ভাষার শব্দ?
ক. পর্তুগিজ খ. ইংরেজি
গ. ইতালীয় ঘ. জার্মান উ: ক

৯৩. 'অমিত' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. অপূর্ব খ. বেশি
গ. আকুল ঘ. নিশ্চিত উ: খ

৯৪. 'নির্বন্ধ' অর্থ–
ক. বিধান খ. আগ্রহ
গ. নিবিড় ঘ. সত্যাসত্য উ: ক

৯৫. 'ভূমিষ্ঠ' শব্দের অর্থ–
ক. ভূমিজাত খ. ভূমিলগ্ন
গ. ভুয়া ঘ. ভূপতিত উ: ঘ

৯৬. 'অকর্মণ্য' শব্দের প্রতিশব্দ–
ক. অকর্মক খ. কর্মকার
গ. কর্মঠ ঘ. সকর্মক উ: ক

৯৭. 'ভাতি'র সমার্থক শব্দ–
ক. রাত খ. আঁধার
গ. ভোর ঘ. আলো উ: ঘ

৯৮. 'হর্ষ' শব্দের অর্থ কী?
ক. হলুদ খ. সাধ
গ. দুষ্ট ঘ. আনন্দ উ: ঘ

৯৯. 'ঋত্বিক' শব্দটির প্রতিশব্দ–
ক. বৃষভ খ. এলানো
গ. ঋজু ঘ. হোমক উ: ঘ

১০০. 'সহসা' শব্দের অর্থ–
ক. শীঘ্র খ. হঠাৎ
গ. ইদানিং ঘ. কোনোটিই নয় উ: খ

১০১. 'অশিষ্ট' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. অসহায় খ. দুর্বল
গ. স্বার্থপর ঘ. অভদ্র উ: ঘ

১০২. 'কন্যা' শব্দটির অর্থ–
ক. দুহিতা খ. বনিতা
গ. ললনা ঘ. অঙ্গনা উ: ক

১০৩. 'কন্যা' শব্দের সমার্থক শব্দটি?
ক. অনুজা খ. তনয়া
গ. সূত ঘ. অবলা উ: খ

১০৪. কোন শব্দটি 'কুহক'-এর সমার্থক নয়?
ক. মায়া খ. ভেল্কি
গ. বিরাগ ঘ. ছলনা উ: গ

১০৫. 'পরভৃৎ' শব্দের অর্থ–
ক. কাক খ. কোকিল
গ. বক ঘ. আম্র উ: ক

১০৬. কোনটি 'গন্তব্য' শব্দের প্রতিশব্দ নয়?
ক. মনজিল খ. অভীষ্ট
গ. লক্ষ্য ঘ. জটিল পথ উ: ঘ

১০৭. 'তুরগ' কোন শব্দের প্রতিশব্দ?
ক. হাতি খ. ছোটনদী
গ. অশ্ব ঘ. মহিষ উ: গ

১০৮. 'অশ্ব'-এর প্রতিশব্দ কোনটি?
ক. কয় খ. হয়
গ. জয় ঘ. পয় উ: খ

১০৯. নিচের কোন জোড় সমার্থক শব্দের দৃষ্টান্ত?
ক. হয়, বাজী খ. রওশন, আসমান
গ. সওদা, জবান ঘ. লোচন, চিকুর উ: ক

১১০. 'ঘোড়া' এর সমার্থক শব্দ নয় কোনটি?
ক. অশ্ব খ. ঘোটক
গ. তুরগ ঘ. গর্দভ উ: ঘ

১১১. 'অশ্ব' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?
ক. ঘোড়া খ. ঘোটক
গ. তুরঙ্গ ঘ. বিভা উ: ঘ

১১২. কোনটি সমার্থক শব্দগুচ্ছ নয়?
ক. রূপ, আকার, আদল, আকৃতি
খ. আয়তন, পরিসর, পরিধি, পরিমাণ
গ. বাঘ, শার্দূল, শের, ব্যাঘ্র
ঘ. অশ্ব, হয়, মাতঙ্গ, তুরঙ্গ উ: ঘ

১১৩. 'চাঁদ' এর সমার্থক শব্দ কোনটি?
ক. শশী খ. পত্রগ
গ. অরুণ ঘ. বহ্নি উ: ক

১১৪. 'চাঁদ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. চন্দ্রিকা খ. কৌমুদী
গ. চাঁদিনী ঘ. নিশাপতি উ: ঘ

১১৫. 'চাঁদ' এর সমার্থক শব্দ–
ক. ভানু খ. নিশীথিনী
গ. কোমলকান্ত ঘ. রজনীকান্ত উ: ঘ

১১৬. কোন গুচ্ছ 'চন্দ্র'-এর সমার্থক শব্দ?
ক. রাতুল, কৌমুদি খ. সিন্ধু, অর্ণব
গ. শশধর, নিশাকর ঘ. তুরঙ্গ, বাজী উ: গ

১১৭. কোনটি 'বিধু' শব্দের সমার্থক?
ক. সূর্য খ. নক্ষত্র
গ. গ্রহ ঘ. চাঁদ উ: ঘ

১১৮. 'শশাঙ্ক' শব্দের অর্থ কোনটি?
ক. খরগোস খ. নক্ষত্র
গ. গ্রহ ঘ. চাঁদ উ: ঘ

১১৯. 'চন্দ্র' এর প্রতিশব্দ কোনটি?
ক. আদিত্য খ. মার্তণ্ড
গ. সবিতা ঘ. সুধাংশু উ: ঘ

১২০. 'মৃগাঙ্ক' শব্দটির অর্থ হলো–
ক. হরিণ শিশু খ. চন্দ্র
গ. চিত্রা হরিণ ঘ. হরিণ শিকার উ: খ

১২১. 'সুধাকর' শব্দের অর্থ কী?
ক. চন্দ্র খ. সূর্য
গ. মধু ঘ. মিষ্টি উ: ক

১২২. নীর ও নীড়-শব্দ যুগলের অর্থ কোনটি?
ক. পাখির বাসা ও আবাস খ. আবাস ও পানি
গ. পানি ও পাখির বাসা ঘ. পানি ও আবাস উ: গ

১২৩. 'অপ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. দরিয়া খ. লোচন
গ. পবন ঘ. নীর উ: ঘ

১২৪. 'কচি' শব্দটির অর্থ কী?
ক. নতুন খ. কাঁচা
গ. আসর ঘ. কচিভাব উ: ক

১২৫. 'স্রোতস্বিনী' শব্দের অর্থ কী?
ক. নদী খ. সাগর
গ. পাহাড় ঘ. সৌন্দর্য উ: ক

১২৬. সমার্থক শব্দগুচ্ছ সনাক্ত করুন–
ক. দীর্ঘিকা, নদী, প্যণালী
খ. শৈবলিনী, তরঙ্গিনী, সরিৎ
গ. গাঙ, তটিনী, অর্ণব
ঘ. স্রোতস্বিনী, নিঝরণী, সিন্ধু উ: খ

১২৭. কোন শব্দটি 'নদী' শব্দের প্রতিশব্দ?
ক. নলিনী খ. নীলিমা
গ. তটিনী ঘ. তনিমা উ: গ

১২৮. কোন শব্দটির অর্থ অন্য তিনটি হতে ভিন্ন?
ক. সৈকত খ. বেলাভূমি
গ. তট ঘ. তটিনী উ: ঘ

১২৯. নিচের কোনটি নদী'র সমার্থক শব্দ নয়?
ক. তরঙ্গিনী খ. শৈবলিনী
গ. ঊর্মিলহরি ঘ. স্রোতোবহা উ: গ

১৩০. কোনটি নদীর সমার্থক নয়?
ক. সরিৎ খ. তটিনী
গ. গাং ঘ. পতিত পাবন উ: ঘ

১৩১. নিচের কোনটি নদীর' সমার্থক শব্দ নয়?
ক. বারিনিধি খ. কূলবতী
গ. সমুদ্রবল্লভা ঘ. শৈবলিনী উ: ক

১৩২. নিচের কোনটি 'নদী' এর শব্দ নয়?
ক. প্রবাহিনী খ. তটিনী
গ. স্রোতস্বিনী ঘ. বারিধি উ: ঘ

১৩৩. 'নদী'র সমার্থক শব্দ নয়–
ক. তটিনী খ. ভামিনী
গ. প্রবাহিনী ঘ. শৈবলিনী উ: খ

১৩৪. 'নদী' শব্দের সমার্থক শব্দ নয়–
ক. ফল্গু খ. তরঙ্গিনী
গ. শৈবলিনী ঘ. পাটনি উ: ঘ

১৩৫. 'সতত' শব্দের অর্থ কী?
ক. সকাল খ. মাঝে-মাঝে
গ. সবসময় ঘ. সন্ধ্যাবেলা উ: গ

১৩৬. 'খগ' শব্দটির অর্থ কী?
ক. ঘোড়া খ. বাঘ
গ. পাখি ঘ. মানুষ উ: গ

১৩৭. 'দ্বিজ' শব্দটির প্রতিশব্দ কোনটি?
ক. পাখি খ. পাথর
গ. করী ঘ. কুবলয় উ: ক

১৩৮. 'বিহঙ্গ' শব্দের অর্থ কী?
ক. পর্বত খ. নদী
গ. পাখি ঘ. সমুদ্র উ: গ

১৩৯. সমার্থক নয় কোনটি?
ক. সৌদামিনী খ. শম্পা
গ. চপলা ঘ. মরুৎ উ: ঘ

১৪০. অমিল শব্দ কোনটি?
ক. প্রাসাদ খ. অট্টালিকা
গ. দালান ঘ. ওপরের কোনোটিই নয় উ: ঘ

১৪১. 'ব্যবসায়ী'র প্রতিশব্দ–
ক. বেনে খ. কারবার
গ. বাণ ঘ. বাণিজ্যিক উ: ঘ

১৪২. 'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. তটিনী খ. অখিল
গ. স্থির ঘ. অতিকায় উ: খ

১৪৩. 'সরোজ'-এর প্রতিশব্দ কোনটি?
ক. পদ্ম খ. চাঁদ
গ. নদী ঘ. সৌধ উ: ক

১৪৪. 'পদ্ম' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. নগ খ. শম্পা
গ. নলিনী ঘ. অরাতি উ: গ

১৪৫. 'কমল' শব্দের সমার্থক শব্দ হচ্ছে–
ক. কান্তার খ. লহর
গ. পুষ্কর ঘ. আস্তর উ: গ

১৪৬. 'অম্ভোজ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. ভূভৃৎ খ. পাখি
গ. কুবলয় ঘ. বায়স উ: গ

১৪৭. সমার্থক শব্দগুচ্ছ নির্দেশ কর।
ক. রামা, বামা, ধামা, কামিনী
খ. পঙ্কজ, উৎপল, শতদল, অরবিন্দ
গ. ঘন, বারিদ, জলধর, তরল
ঘ. ক্ষণপ্রভা, সৌদামিনী, চপল, তরঙ্গিনী উ: খ

১৪৮. কোনটি প্রতিশব্দ নয়?
ক. কৌমুদী খ. শতদল
গ. উৎপল ঘ. নলিনী উ: ক

**১৪৯. নিচের কোনটি অপর তিনটি হতে ভিন্ন?**
ক. কমল খ. উৎপল
গ. শতদল ঘ. মধুকর **উ: ঘ**

**১৫০. 'পদ্ম' ও 'পুষ্প' শব্দের সমার্থক শব্দ কোনগুলো?**
ক. অরবিন্দ, প্রসূন খ. কমল, শিতাংশু
গ. নলিন, শশধর ঘ. ফুল, কামিনী **উ: ক**

**১৫১. 'ভ্রমণকারী'র সঠিক সমার্থক শব্দ নয় কোনটি?**
ক. ভ্রামক খ. পর্যটক
গ. পরিব্রাজক ঘ. ভ্রমিক **উ: ক**

**১৫২. কোনটি ভিন্নার্থক–**
ক. পাষাণ খ. অশ্ম
গ. শিলা ঘ. পাথার **উ: ঘ**

**১৫৩. কোনটি 'পুষ্প'-এর সমার্থক শব্দ?**
ক. দ্বিপ খ. রঙ্গন
গ. অম্বুদ ঘ. উৎপল **উ: খ**

**১৫৪. প্রসূন-এর প্রতিশব্দ হলো–**
ক. ভ্রমর খ. পল্লী
গ. ফল ঘ. পুষ্প **উ: ঘ**

**১৫৫. 'বায়ু' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
ক. বাতাস খ. অলি
গ. বলাহক ঘ. বারি **উ: ক**

**১৫৬. 'বায়ু' শব্দের অর্থ–**
ক. প্রভা খ. ভানু
গ. সমীরণ ঘ. পাবক **উ: গ**

**১৫৭. 'বাতাস' এর প্রতিশব্দ কোনটি?**
ক. প্রভঞ্জন খ. অপ
গ. অম্বু ঘ. অদ্রি **উ: ক**

**১৫৮. 'অনিল' শব্দের অর্থ কি?**
ক. বাতাস খ. যা নীল নয়
গ. কোকিল ঘ. কারো নাম **উ: ক**

**১৫৯. রাত্রির সমার্থক শব্দ–**
ক. শর্বরী খ. শরবী
গ. শফরী ঘ. শশী **উ: ক**

**১৬০. 'রাত্রি'র সমার্থক শব্দ–**
ক. যামিনী খ. নিশান্ত
গ. উষা ঘ. কোনোটিই নয় **উ: ক**

**১৬১. 'বিভাবরী' শব্দের অর্থ–**
ক. নদী খ. নারী
গ. রাত্রি ঘ. দুপুর **উ: গ**

**১৬২. 'রাত্রি'র সমার্থক শব্দ কোনটি?**
ক. নিশীথ খ. অমানিশা
গ. আঁধার ঘ. ক ও খ উভয়টি **উ: ক**

**১৬৩. 'রজনী' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
ক. জ্যোৎস্না খ. রাজা
গ. তিমির ঘ. শর্বরী **উ: ঘ**

**১৬৪. 'যামিনী' এর প্রতিশব্দ কোনটি?**
ক. প্রসূন খ. দামিনী
গ. শর্বরী ঘ. নিকর **উ: গ**

**১৬৫. কোন শব্দটি 'রাত্রি' এর সমার্থক নয়?**
ক. যামিনী খ. শর্বরী
গ. নীলাম্বু ঘ. রজনী **উ: গ**

**১৬৬. 'রাত্রি' শব্দটির সমার্থক নয়?**
ক. শর্বরী খ. রজনী
গ. যামিনী ঘ. বারিদ **উ: ঘ**

**১৬৭. কোনটি 'রাত্রি' শব্দটির সমার্থক নয়?**
ক. শর্বরী খ. কাদম্বিনী
গ. যামিনী ঘ. শর্বরী **উ: খ**

**১৬৮. কোনটি 'নিশা'র সমার্থক শব্দ নয়?**
ক. যামিনী খ. শর্বরী
গ. বিভাবরী ঘ. অরাতি **উ: ঘ**

**১৬৯. 'রাজা' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
ক. নরেন্দ্র খ. জমিদার
গ. মহেন্দ্র ঘ. সফেদ **উ: ক**

**১৭০. কোনটি প্রতিশব্দ নয় : 'রাজা'**
ক. নরেন্দ্র খ. কিরণমালী
গ. নৃপতি ঘ. ভূপাল **উ: খ**

**১৭১. 'রাজা' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?**
ক. নৃপতি খ. অম্বুপতি
গ. মহিপতি ঘ. নৃপ **উ: খ**

**১৭২. কোনটি 'নরেন্দ্র' শব্দের প্রতিশব্দ নয়?**
ক. রাজা খ. ভূপাল
গ. কিরণমালী ঘ. নৃপ **উ: গ**

**১৭৩. 'রুধির' শব্দের অর্থ–**
ক. পানি খ. শিরা
গ. বায়ু ঘ. রক্ত **উ: ঘ**

**১৭৪. কোনটি ভিন্নার্থক?**
ক. নৃপতি খ. নৃপতি
গ. নগেন্দ্র ঘ. নরেন্দ্র **উ: গ**
**ব্যাখ্যা :** 'নগেন্দ্র' শব্দের অর্থ পাহাড় বা পর্বত।

**১৭৫. নিচের কোনটি 'সমুদ্র' শব্দটির সমার্থক শব্দ নয়?**
ক. সাগর খ. বারিধি
গ. সিন্ধু ঘ. তরঙ্গ **উ: ঘ**

**১৭৬. কোনটি 'সাগর' শব্দের প্রতিশব্দ নয়?**
ক. অর্ণব খ. পাথার
গ. সবিতা ঘ. পয়োধি **উ: গ**

**১৭৭. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?**
ক. সাগর খ. স্রোতস্বিনী
গ. পারাবার ঘ. অর্ণব **উ: খ**

**১৭৮. নিচের কোনটি 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ নয়?**
ক. রত্নাকর খ. প্রবাহিণী
গ. জলধি ঘ. অর্ণব **উ: খ**

**১৭৯. 'সমুদ্র'-এর সমার্থক শব্দ নয় কোনটি?**
ক. বারিধি খ. অদ্রি
গ. মকরালয় ঘ. অর্ণব **উ: খ**

**১৮০. 'সমুদ্র'-এর সমার্থক শব্দ নয় কোনটি?**
ক. পয়োধি খ. অর্ণব
গ. বারীশ ঘ. অর্যমা **উ: ঘ**

**১৮১. কোনটি 'সমুদ্র' শব্দের সমার্থক নয়?**
ক. বারিধি খ. অর্ণব
গ. জলধি ঘ. তরঙ্গিনী **উ: ঘ**

১৮২. 'সাগর' শব্দের সমার্থক নয়–
ক. রত্নাকর খ. পয়োধি
গ. অর্ণব ঘ. অম্বর উ: ঘ

১৮৩. কোনটি সমার্থক নয়?
ক. বারিধি খ. বারীশ
গ. সুধাকর ঘ. রত্নাকর উ: গ

১৮৪. 'সাপ' শব্দের সমার্থক কোনটি?
ক. অর্ণব খ. গজ
গ. অহি ঘ. সুর উ: গ

১৮৫. 'সাপ' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. মৃগরাজ খ. ভুজঙ্গ
গ. অর্ণব ঘ. অশনি উ: খ

১৮৬. 'উরগ' সমার্থক শব্দ–
ক. সাপ খ. গরু
গ. কেঁচো ঘ. ঘোড়া উ: ক

১৮৭. 'কাকোদর' শব্দটির সমার্থক শব্দ–
ক. সাপ খ. গরু
গ. কেঁচো ঘ. ঘোড়া উ: ক

১৮৮. 'শত্রু' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. রিপু খ. পারীন্দ্র
গ. ফণী ঘ. ত্রিযামা উ: ক

১৮৯. ভিন্নার্থক শব্দ–
ক. অরি খ. বৈরী
গ. অহি ঘ. রিপু উ: গ

১৯০. 'সিত' শব্দের অর্থ কী?
ক. কালো খ. সাদা
গ. সবুজ ঘ. কমলা উ: খ

১৯১. 'মেঘ' এর সঠিক সমার্থক শব্দ নয় কোনটি?
ক. পাদপ খ. বারিদ
গ. অম্বুদ ঘ. জলদ উ: ক

১৯২. কোনটি 'মেঘ' শব্দের সমার্থক শব্দ নয়?
ক. বলাহক খ. পর্জন্য
গ. অম্বুদ ঘ. তড়াক উ: ঘ

১৯৩. প্রতিশব্দ নয়–
ক. বলাহক খ. জীমূত
গ. বারিদ ঘ. জলধি উ: ঘ

১৯৪. 'অভিনিবেশ' শব্দটির অর্থ কী?
ক. অভিরুচি খ. নিস্পৃহ
গ. মনোযোগ ঘ. বিশেষভাবে উ: গ

১৯৫. 'মন' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?
ক. চিত্ত খ. অন্তর
গ. দিল ঘ. শাহ উ: ঘ

১৯৬. নিচের কোনটি সমার্থক শব্দ নয়?
ক. সম্রাজ্ঞী খ. রানী
গ. রমণী ঘ. সুলতানা উ: গ

১৯৭. 'অমরা' শব্দের অর্থ কী?
ক. স্বর্গ খ. জীবনন্মৃত
গ. চিরজীবী ঘ. বনবাস উ: ক

১৯৮. নিচের কোনটি সমার্থক শব্দ নয়?
ক. ঊষা খ. প্রদোষ
গ. প্রত্যূষ ঘ. সুবহ উ: খ

১৯৯. 'সূর্য' এর প্রতিশব্দ–
ক. সুধাংশু খ. শশাংক
গ. বিধু ঘ. আদিত্য উ: ঘ

২০০. 'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. অর্ণব খ. অংশুমালী
গ. প্রসূন ঘ. পল্লব উ: খ

২০১. নিচের কোনটি সূর্যের প্রতিশব্দ?
ক. সবিতা খ. অবনি
গ. সুধাকর ঘ. কলানিধি উ: ক

২০২. 'সূর্য' এর সামর্থক প্রতিশব্দ–
ক. হিরণ খ. দ্যুলোক
গ. মিহির ঘ. ধরিত্রী উ: গ

২০৩. 'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. শুক্ষ খ. ভূজঙ্গ
গ. দ্যুলোক ঘ. দিনমণি উ: ঘ

২০৪. কোনটি সূর্যের সমার্থক শব্দ?
ক. বারিদ খ. অবনি
গ. কলানিধি ঘ. বিভাবসু উ: ঘ

২০৫. 'আফতাব' শব্দের সমার্থক কোনটি?
ক. অর্ণব খ. রাতুল
গ. অর্ক ঘ. জলধি উ: গ

২০৬. 'আদিত্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. অবনি খ. বসুন্ধরা
গ. অর্ক ঘ. জলধি উ: গ

২০৭. অর্ণব-এর প্রতিশব্দ–
ক. ঝড় খ. সূর্য
গ. বায়ু ঘ. সমুদ্র উ: ঘ

২০৮. 'পাথার' শব্দের অর্থ কী?
ক. সৈকত খ. শৈল
গ. সুধাংশু ঘ. সমুদ্র উ: ঘ

২০৯. 'জলধি' শব্দের অর্থ–
ক. অশ্বর খ. সাগর
গ. নীরদ ঘ. কোনোটিই নয় উ: খ

২১০. কোনটি 'সুন্দর'-এর সমার্থক শব্দ নয়?
ক. সুচারু খ. সুকান্ত
গ. সুবর্ণ ঘ. শোভন উ: গ

২১১. 'শ্রীঘর'-এর বৈশিষ্ট্যপূর্ণ অর্থ কী?
ক. সুদৃশ্য ঘর খ. বৈঠকখানা
গ. জেলখানা ঘ. সরাইখানা উ: গ

২১২. 'বিরক্ত' শব্দের বিপরীত অর্থ কী?
ক. আদর খ. অক্ত
গ. অনুরক্ত ঘ. অনুজ উ: গ

২১৩. 'নৈসর্গিক' এর বিপরীত শব্দ কী?
ক. প্রাকৃতিক খ. কৃত্রিম
গ. রাত্রিকালীন ঘ. দিবাকালীন উ: খ

২১৪. 'পঙ্কিল' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. পরিচ্ছন্ন খ. উজ্জ্বল
গ. নির্মল ঘ. অম্লান উ: গ

২১৫. 'পাংশু' এর বিপরীত শব্দ কোনটি?
ক. সতেজ খ. সবুজ
গ. খর্ব ঘ. বৃহৎ উ: ক

২১৬. 'পামর' শব্দটির বিপরীতার্থক কী হবে?
ক. পাষণ খ. দয়ালু
গ. পুণ্যবান ঘ. মহাত্মা উ: গ

২১৭. 'পাশ্চাত্য' শব্দের বিপরীত শব্দ–
ক. প্রতীচ্য খ. প্রাচ্য
গ. পশ্চিমা ঘ. পূর্ব-পশ্চিম উ: খ

২১৮. 'প্রশান্তি' শব্দের বিপরীতার্থক শব্দ কী?
ক. অশান্তি খ. নিন্দা
গ. দুশ্চিন্তা ঘ. চঞ্চলতা উ: ক

২১৯. 'প্রচ্ছন্ন' শব্দের বিপরীতার্থক শব্দ–
ক. ব্যক্ত খ. আগমন
গ. ভর্ৎসনা ঘ. বিষণ্ন উ: ক

২২০. 'প্রফুল্ল' এর বিপরীত শব্দ কী?
ক. উৎফুল্ল খ. বিষাদ
গ. বিমর্ষ ঘ. কষ্ট উ: গ

২২১. 'বিহান' এর বিপরীত শব্দ কোনটি?
ক. সোহন খ. সন্ধ্যা
গ. বিশ্ব ঘ. মাস উ: খ

২২২. 'বিষণ্ণ' শব্দের বিপরীত শব্দ–
ক. আসন্ন খ. প্রসন্ন
গ. প্রচ্ছন্ন ঘ. সম্পন্ন উ: খ

২২৩. 'বহুল' এর বিপরীর্থক শব্দ কোনটি?
ক. সরল খ. গরল
গ. বিরল ঘ. বিষাক্ত উ: গ

২২৪. 'বাহুল্য' এর বিপরীত শব্দ–
ক. প্রয়োজনীয় খ. সংক্ষেপ
গ. বিনীত ঘ. অনুগ্রহ উ: খ

২২৫. 'বিধি' এর বিপরীত শব্দ কোনটি?
ক. নিয়ম খ. অনিয়ম
গ. প্রথা ঘ. নিষেধ উ: ঘ

২২৬. 'বিরত' এর বিপরীত শব্দ–
ক. আরত খ. না-রাত
গ. নিরত ঘ. নিবৃত উ: গ

২২৭. 'বঙ্কিম' -এর বিপরীতার্থক শব্দ–
ক. রক্তিম খ. ক্লেদাক্ত
গ. ঋজু ঘ. বাঁকা উ: গ

২২৮. 'ব্যক্ত' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. ত্যক্ত খ. গ্রাহ্য
গ. দৃঢ় ঘ. গূঢ় উ: ঘ

২২৯. 'বিজেতা' এর বিপরীত শব্দ কোনটি?
ক. বিজ্ঞ খ. বিজন
গ. বিজিত ঘ. বাহ্য উ: গ

২৩০. 'বিগ্রহ' শব্দের বিপরীত শব্দ হল–
ক. বিবাদ খ. সন্ধি
গ. সংকোচন ঘ. বিস্তৃত উ: খ

২৩১. 'লগ্ন'-এর বিপরীত শব্দ কোনটি?
ক. শুরু খ. শেষ
গ. চ্যুত ঘ. ভোলা উ: গ

২৩২. 'শ্রীযুক্ত' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. শ্রী অযুক্ত খ. শ্রীবিহীন
গ. শ্রীহীন ঘ. শ্রীমতি উ: গ

২৩৩. 'শোক' শব্দের বিপরীত শব্দ–
ক. দুঃখ খ. হর্ষ
গ. অনুতাপ ঘ. ব্যথা উ: খ

২৩৪. 'শান্ত' এর বিপরীত শব্দ কোনটি?
ক. স্থির খ. অনবরত
গ. অনন্ত ঘ. গতিশীল
ঙ. কোনোটিই নয় উ: ঙ

২৩৫. 'শৌখিন' শব্দের বিপরীতার্থক শব্দ–
ক. কুশলী খ. নোংরা
গ. পেশাদার ঘ. দুর্জন উ: গ

২৩৬. 'সংশয়' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. নির্ভর খ. প্রত্যয়
গ. বিস্ময় ঘ. দ্বিধা উ: খ

২৩৭. 'সংহত' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. বিবৃত খ. বিভক্ত
গ. অসংযত ঘ. অশক্ত উ: খ

২৩৮. 'সঠিক' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. সরল খ. সহজ
গ. সত্য ঘ. বেঠিক উ: ঘ

২৩৯. 'স্থাবর' শব্দের সঠিক বিপরীত শব্দ কোনটি?
ক. জঙ্গণ খ. স্থাবরহীন
গ. জঙ্গম ঘ. স্থাবরবিহীন উ: গ

২৪০. 'সবল' এর বিপরীত শব্দ–
ক. দুর্বল খ. দুষ্টু
গ. একবর্না ঘ. বিচিত্র উ: ক

২৪১. 'সুধা' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. তিক্ত খ. বিষাক্ত
গ. গরল ঘ. সবকটি উ: গ

২৪২. 'সুষুপ্ত' শব্দের বিপরীত শব্দ–
ক. নিমগ্ন খ. আহরিত
গ. হরণ ঘ. জাগরিত উ: ঘ

২৪৩. 'সুশীল' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. দুঃশীল খ. অসামাজিক
গ. সাধারণ ঘ. একটিও নয় উ: ক

২৪৪. 'সমষ্টি' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. গুচ্ছ খ. যৌগ
গ. বিচ্ছিন্ন ঘ. ব্যষ্টি উ: ঘ

২৪৫. 'সংকোচ' এর বিপরীতার্থক শব্দ হলো–
ক. নিঃসংকোচ খ. প্রসার
গ. লজ্জাযুক্ত ঘ. নিগ্রহ উ: ক

২৪৬. 'সন্নিকৃষ্ট'-এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. সংকীর্ণ খ. অপকৃষ্ট
গ. বিপ্রকৃষ্ট ঘ. বিগ্রহ উ: গ

২৪৭. 'সচেষ্ট'-এর সঠিক বিপরীত শব্দ কোনটি?
ক. অশিষ্ট খ. অনিষ্ট
গ. লঘিষ্ঠ ঘ. নিশ্চেষ্ট উ: ঘ

২৪৮. সঠিক বিপরীত শব্দযুগল নয়–
ক. শ্রী – বিশ্রী খ. টক – ঝাল
গ. গুণ – গান ঘ. উন্মুখ – বিমুখ উ: গ

২৪৯. নিচের কোন বিপরীত শব্দযুগল অশুদ্ধ?
ক. আসামি – হাজতি খ. প্রকৃষ্ট – নিকৃষ্ট
গ. লঘু – গুরু ঘ. বিরল – বহুল উ: ক

২৫০. কোন শব্দজোড় বিপরীতার্থক নয়?
ক. অনুলোম – প্রতিলোম খ. গরিষ্ঠ – লঘিষ্ঠ
গ. নশ্বর – শাশ্বত ঘ. হৃষ্ট – পুষ্ট উ: ঘ

২৫১. নিচের জোড় শব্দগুলোর মধ্যে কোন দুটি শব্দ বিপরীতার্থক শব্দ নয়?
ক. আপদ – বিপদ খ. আকাশ – পাতাল
গ. আলো – আঁধার ঘ. আয় – ব্যয় উ: ক

২৫২. বিপরীতার্থক শব্দজোড়ের দৃষ্টান্ত হিসেবে কোনটি অশুদ্ধ?
ক. আসমান – জমিন খ. ইস্তফা – যোগদান
গ. মৌলিক – যৌগিক ঘ. ঐহিক – মানসিক উ: ঘ

২৫৩. কোন শব্দজোড় বিপরীত নয়?
ক. প্রাচ্য-প্রতীচ্য খ. আবাহন-বিসর্জন
গ. সাম্য-বৈষম্য ঘ. যোজন-সংযোজন উ: ঘ

২৫৪. Divulge শব্দের সঠিক পরিভাষা কোনটি?
ক. ইঙ্গিত দেওয়া খ. ছাড়াইয়া দেওয়া
গ. অল্প পরিমাণ ঘ. প্রকাশ করা উ: ঘ

২৫৫. 'Eradication' শব্দের সঠিক অর্থ কোনটি?
ক. নির্ভুল খ. জায়গাবহুল
গ. সরস ঘ. উচ্ছেদ উ: ঘ

২৫৬. 'Executive' এর পরিভাষা-
ক. মনোযোগী খ. নির্বাহী
গ. উর্ধ্বতন কর্মকর্তা ঘ. ব্যবস্থাপক উ: খ

২৫৭. 'Horizontal' এর পারিভাষিক শব্দ কোনটি?
ক. দিগন্ত খ. অনুভূমিক
গ. প্রান্তিক ঘ. যৌগিক উ: খ

২৫৮. 'Intellectual' শব্দের অর্থ কোনটি?
ক. বুদ্ধিজীবী খ. বুদ্ধিমান
গ. মেধাবী ঘ. মননশীল উ: ক

২৫৯. Quotation এর পারিভাষিক শব্দ কোনটি?
ক. মূল্যজ্ঞাপন খ. দরপত্র
গ. প্রকাশ ঘ. তালিকা উ: ক

২৬০. 'Insomnia' শব্দটির বাংলা পারিভাষিক রূপ হলো-
ক. দুশ্চিন্তা খ. বায়ুরোগ
গ. অনিদ্রা ঘ. কর্কটরোগ উ: গ

২৬১. Hand out এর শুদ্ধ বাংলা পরিভাষা হচ্ছে-
ক. জ্ঞাপনপত্র খ. তথ্যপত্র
গ. প্রচারপত্র ঘ. হস্তপত্র উ: ক

২৬২. 'Epicurism' এর যথার্থ পরিভাষা–
ক. নিয়তিবাদ খ. অস্তিত্ববাদ
গ. ভোগবাদ ঘ. পরিবেশবাদ উ: গ

২৬৩. 'Manuscript' এর বাংলা পরিশব্দ–
ক. শ্বেতপত্র খ. পাণ্ডুলিপি
গ. নিশ্চয় ঘ. ইশতেহার উ: খ

২৬৪. 'yellow dog' এর সঠিক বাংলা কোনটি?
ক. অসহায় ব্যক্তি খ. দুর্বল ব্যক্তি
গ. হীন ব্যক্তি ঘ. দুশ্চরিত্র ব্যক্তি উ: গ

২৬৫. 'Basin' পারিভাষাটির বাংলা প্রতিশব্দ কী?
ক. জলধারা খ. অববাহিকা
গ. উপদ্বীপ ঘ. মৈত্রীজোট উ: খ

২৬৬. Etiquette শব্দের সঠিক পরিভাষা কোনটি?
ক. নিয়মানুবর্তিতা খ. নিয়ম নীতি
গ. সদাচারী ঘ. শিষ্টাচার উ: ঘ

২৬৭. 'Defendant'-শব্দের সঠিক পরিভাষা কোনটি?
ক. বাদি খ. সাক্ষী
গ. বিবাদি ঘ. প্রমাণ উ: গ

২৬৮. 'Code' শব্দের সঠিক পরিভাষা কোনটি?
ক. নীতি খ. রীতি
গ. মূল ঘ. বিধি উ: ঘ

২৬৯. 'Manifesto' শব্দের বাংলা পরিভাষা কোনটি?
ক. প্রস্তাব খ. প্রজ্ঞাপন
গ. ইশতেহার ঘ. বিজ্ঞাপন উ: গ

২৭০. 'Gelaxy' শব্দের বাংলা পরিভাষা-
ক. গ্রহাণু খ. নক্ষত্রবিথী (ছায়াপথ)
গ. তারাপুঞ্জ ঘ. নীহারিকা উ: খ

২৭১. 'অনুকম্পা' শব্দের ইংরেজি কোনটি?
ক. Clemency খ. Enthral
গ. Erudition ঘ. Fathom উ: ক

২৭২. 'Biography' শব্দটির অর্থ কী?
ক. প্রস্থনির্দেশিকা খ. কড়চা
গ. বিবরণ ঘ. আলোচনা উ: খ

২৭৩. 'Plagiarism' এর বাংলা প্রতিশব্দ কোনটি?
ক. বেতনবৃত্তি খ. প্রতক্ষবৃত্তি
গ. জলৌকাবৃত্তি ঘ. কুম্ভিলকবৃত্তি উ: ঘ

২৭৪. 'Agora' শব্দের বাংলা পরিভাষা-
ক. পণ্য খ. পণ্যাগার
গ. মুদি ঘ. মুদিখানা উ: খ

২৭৫. 'Corrigendum' শব্দের বাংলা পরিভাষা কী?
ক. পূর্ণবিন্যাস খ. শুদ্ধিপত্র
গ. অনুরোধপত্র ঘ. পরিশিষ্ট পত্র উ: খ

২৭৬. 'Notification'-এর বাংলা পরিভাষা কোনটি?
ক. বিজ্ঞাপন খ. বিজ্ঞপ্তি
গ. বিজ্ঞপ্তি ফলক ঘ. প্রজ্ঞাপন উ: ঘ

২৭৭. কোনটি যৌগিক শব্দের উদাহরণ?
ক. জলধি খ. পাঞ্জাবি
গ. নিন্দুক ঘ. বাঁশি উ: গ

২৭৮. কোনটি যৌগিক শব্দ?
ক. চিকামারা খ. মহাযাত্রা
গ. সন্দেশ ঘ. রাজপুত উ: ক

২৭৯. 'মধুর' শব্দটি কোন ধরনের শব্দ?
ক. যৌগিক খ. পরিশব্দ
গ. যোগরূঢ় ঘ. রূঢ়ি উ: ক

২৮০. 'মিতালি' কোন প্রকৃতির শব্দ?
ক. যৌগিক খ. রূঢ়ি
গ. যোগরূঢ় ঘ. অব্যয় উ: ক

২৮১. 'মেয়েলি' কোন জাতীয় শব্দ?
ক. রূঢ়ি খ. যৌগিক
গ. যোগরূঢ় ঘ. সন্ধিজাত উ: খ

২৮২. 'লাজুক' কোন ধরনের শব্দ?
ক. মৌলিক শব্দ খ. রূঢ়ি শব্দ
গ. যৌগিক শব্দ ঘ. যোগরূঢ় শব্দ উ: গ

২৮৩. কোনটি রূঢ়ি শব্দ?
ক. গবেষণা খ. পঙ্কজ
গ. রাজপুত ঘ. জলধি উ: ক

**২৮৪. যোগরূঢ় শব্দের উদাহরণ কোনটি?**
ক. জলদ খ. জলজ
গ. বনজ ঘ. সহজ উ: ক

**২৮৫. 'জলধি' কী ধরনের শব্দ?**
ক. যোগরূঢ় খ. রূঢ়ি
গ. যৌগিক ঘ. প্রতিশব্দ উ: ক

**২৮৬. 'মহাযাত্রা' কোন জাতীয় শব্দ?**
ক. যৌগিক খ. যোগরূঢ়
গ. রূঢ় ঘ. মৌলিক উ: খ

**২৮৭. নিচের কোনটি যোগরূঢ় শব্দের উদাহরণ?**
ক. আদিত্য খ. বালার্ক
গ. অরণি ঘ. অর্ণব উ: ক

**২৮৮. অর্থবিচারে 'তুরঙ্গম' কোন ধরনের শব্দ?**
ক. যৌগিক খ. রূঢ়
গ. যোগরূঢ় ঘ. অর্থহীন উ: গ

**২৮৯. 'বিমান' কোন ভাষার শব্দ?**
ক. তৎসম খ. ফরাসি
গ. তদ্ভব ঘ. পর্তুগিজ উ: ক

**২৯০. কোনটি তৎসম শব্দ?**
ক. জোছনা খ. বৃক্ষ
গ. হাত ঘ. পরান উ: খ

**২৯১. 'রাত্রি' কোন ধরনের শব্দ?**
ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. তদ্ভব ঘ. দেশি উ: ক

**২৯২. 'সুড়ঙ্গ' কোন ভাষার শব্দ?**
ক. সংস্কৃত খ. পালি
গ. গ্রিক ঘ. দেশি উ: ক

**২৯৩. 'ছেমড়া' শব্দটির উৎস–**
ক. আরবি খ. ফারসি
গ. সংস্কৃত ঘ. তুর্কি উ: গ

**২৯৪. তৎসম শব্দ কোনটি?**
ক. হস্ত খ. চেয়ার
গ. আনারস ঘ. টেবিল উ: ক

**২৯৫. নিচের কোনটি তৎসম শব্দ?**
ক. পাত্র খ. চামার
গ. হাত ঘ. দুধ উ: ক

**২৯৬. সংস্কৃত থেকে সরাসরি বাংলায় এসেছে কোন শব্দটি?**
ক. গিন্নী খ. চন্দ
গ. বংশী ঘ. জঙ্গা উ: গ

**২৯৭. নিচের কোন শব্দটি তৎসম শব্দ নয়?**
ক. হারাম খ. চন্দ্র
গ. নক্ষত্র ঘ. সূর্য উ: ক

**২৯৮. তদ্ভব শব্দ কোনটি?**
ক. চোঙ্গা খ. গিন্নী
গ. চামার ঘ. পাত্র উ: গ

**২৯৯. নিচের কোনটি খাঁটি বাংলা শব্দ?**
ক. ঢেঁকি খ. ভবন
গ. লুঙ্গি ঘ. চামার উ: ঘ

**৩০০. কোন শব্দগুলো তদ্ভব?**
ক. আধ, মাছ, তামা খ. আকাশ, বাতাস, চাঁদ
গ. ডাব, বুক, পেট ঘ. লুঙ্গি, লিচু, পাতা উ: ক

**৩০১. কোনগুলো তদ্ভব শব্দ?**
ক. চাঁদ, মাথা, সাপ খ. প্রণাম, গৃহিণী, ঔষধ
গ. গেরাম, গিন্নী, নেমন্তন্ন ঘ. লুঙ্গি, লিচু, পাতা উ: ক

**৩০২. কোনটি তদ্ভব শব্দ–**
ক. হস্ত খ. সূর্য
গ. মাথা ঘ. চন্দ্র উ: গ

**৩০৩. 'পাখি' কোন ধরনের শব্দ?**
ক. সংস্কৃত খ. বিদেশি
গ. তদ্ভব ঘ. অপভ্রংশ উ: গ

**৩০৪. কোনটি তদ্ভব শব্দ?**
ক. বৌ খ. নাচ
গ. দুই ঘ. পুস্তক উ: খ

**৩০৫. নিচের কোন শব্দগুচ্ছ খাঁটি বাংলা শব্দ?**
ক. চাকু, চাকর খ. খেমটা, তেলাপোকা
গ. বদমাস, হাঙ্গামা ঘ. মেথর, জানোয়ার উ: খ

**৩০৬. 'লাঠি' ও 'চাউল' শব্দ দুটি কোন জাতীয় শব্দ?**
ক. বিদেশি শব্দ খ. দেশি শব্দ
গ. তৎসম শব্দ ঘ. তদ্ভব শব্দ উ: খ

**৩০৭. 'চুলা' কোন ভাষার শব্দ?**
ক. কোল ভাষা খ. মুণ্ডারি ভাষা
গ. তামিল ভাষা ঘ. ওলন্দাজ ভাষা উ: খ

**৩০৮. কোন শব্দগুচ্ছে তৎসম, তদ্ভব ও দেশি শব্দ রয়েছে?**
ক. ধর্ম, ভবন, বোষ্টম, বদমাস
খ. পুত্র, চামার, টোপর, জ্যোছনা
গ. চুলা, কাঁচি, চর্মকার, মনুষ্য
ঘ. মহকুমা, কুচ্ছিত, নক্ষত্র, গিন্নী উ: খ

**৩০৯. দেশি শব্দ নয়–**
ক. ধৃতি খ. ঢেঁকি
গ. চিড়া ঘ. মই উ: ক

**৩১০. কোনটি খাঁটি বাংলা শব্দ নয়?**
ক. মই খ. ডাব
গ. পানি ঘ. চাউল উ: গ

**৩১১. কোন শব্দটি দেশি শব্দ নয়?**
ক. চুলা খ. কুলা
গ. চাটাই ঘ. পাউরুটি উ: ঘ

**৩১২. কোনটি দেশি শব্দ নয়–**
ক. টং খ. ঝাড়
গ. ঢেঁকি ঘ. দখল উ: ঘ

**৩১৩. নিচের কোনটি দেশি শব্দ নয়?**
ক. ডাব খ. পেট
গ. সূর্য ঘ. কুলা উ: গ

**৩১৪. এক ভাষার শব্দ অন্য ভাষায় স্থান পেলে তাকে কী বলে?**
ক. পরিভাষা খ. উপভাষা
গ. সংস্কৃত ভাষা ঘ. বিদেশি শব্দ উ: ঘ

**৩১৫. বাংলা ভাষায় ব্যবহৃত ...... শব্দ বিদেশি শব্দ নয়। শূন্যস্থানে কী বসবে?**
ক. আরবি খ. ফারসি
গ. উর্দু ঘ. সংস্কৃত উ: ঘ

**৩১৬. 'হরতাল' কোন ভাষার শব্দ?**
ক. ওলন্দাজ খ. চীনা
গ. গুজরাটি ঘ. ফারসি উ: গ

৩১৭. কোন শব্দটি আরবি ভাষা থেকে আগত?
ক. অজুহাত খ. আবদালি
গ. ইস্তক ঘ. মোগলাই উ: ক

৩১৮. নিচের কোনগুলো আরবি শব্দ?
ক. বরাত, বেচারা খ. আলপিন, আতা
গ. আমানত, আদালত ঘ. চপল, আবদালি উ: গ

৩১৯. 'আলখাল্লা' কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
ক. তুর্কি খ. আরবি
গ. উর্দু ঘ. ফারসি উ: খ

৩২০. 'আসবাব' ও 'আসল' শব্দ দুটি কোন ভাষা থেকে আগত?
ক. আরবি খ. ফারসি
গ. ফরাসি ঘ. পর্তুগিজ উ: ক

৩২১. 'হাওয়া' শব্দটি–
ক. বাংলা খ. উর্দু
গ. আরবি ঘ. ফারসি উ: গ

৩২২. 'হিসাব' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. পর্তুগিজ খ. আরবি
গ. জাপানি ঘ. গুজরাটি উ: খ

৩২৩. বাংলা ভাষায় ব্যবহৃত 'লেবু' শব্দটি কোন ভাষা হতে আগত?
ক. ফরাসি খ. আরবি
গ. ফারসি ঘ. হিন্দি উ: খ

৩২৪. কোনটি আরবি শব্দ?
ক. শরিফ খ. সুপারিশ
গ. কেরানি ঘ. মিটিং উ: ক

৩২৫. 'সওদাগর' শব্দের 'গর' যে ভাষা থেকে আগত–
ক. বর্মি খ. হিন্দি
গ. উর্দু ঘ. আরবি উ: ঘ

৩২৬. 'সিফত' কোন ভাষার শব্দ?
ক. আরবি খ. ফারসি
গ. ফরাসি ঘ. ওলন্দাজ উ: ক

৩২৭. 'সনদ' শব্দটি কোন ভাষার?
ক. ফারসি খ. আরবি
গ. পর্তুগিজ ঘ. ওলন্দাজ উ: খ

৩২৮. আরবি উৎস থেকে আত্তীকৃত এবং প্রশাসনিক ও সাংস্কৃতিক ক্ষেত্রে ব্যবহৃত শব্দ হলো–
ক. রায় খ. জবানবন্দি
গ. নমুনা ঘ. দস্তখত উ: ক

৩২৯. 'জানাজা' শব্দটি–
ক. তৎসম খ. তদ্ভব
গ. দেশি ঘ. বিদেশি উ: ঘ

৩৩০. The word 'Sufi' is from which language?
ক. Urdu খ. Arabic
গ. Persian ঘ. Hindi উ: খ

৩৩১. কোনটি আরবি শব্দ নয়?
ক. আদালত খ. হাকিম
গ. খোদা ঘ. হরফ
ঙ. এজলাস উ: গ

৩৩২. নিম্নের কোনটি আরবি শব্দ নয়?
ক. আল্লাহ খ. ইমান
গ. বেহেশত ঘ. হালাল উ: গ

৩৩৩. 'খোদা' শব্দটি কোন ভাষার শব্দ?
ক. আরবি খ. উর্দু
গ. ফারসি ঘ. বাংলা উ: গ

৩৩৪. 'গালিচা' কোন ভাষার শব্দ?
ক. আরবি খ. ফারসি
গ. ফরাসি ঘ. চীনা উ: খ

৩৩৫. 'গোলাপ' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. আরবি খ. ফারসি
গ. পর্তুগিজ ঘ. ফরাসি উ: খ

৩৩৬. কোনটি ফারসি শব্দ?
ক. চাবি খ. চাকর
গ. চাহিদা ঘ. চশমা উ: ঘ

৩৩৭. বাংলা ভাষায় প্রচলিত 'বরফ' শব্দটি কোন বিদেশি ভাষা হতে গৃহীত?
ক. আরবি খ. ফারসি
গ. পর্তুগিজ ঘ. তুর্কি উ: খ

৩৩৮. 'বেকার' শব্দটি–
ক. ফারসি শব্দ খ. আরবি শব্দ
গ. পর্তুগিজ শব্দ ঘ. তুর্কি শব্দ উ: ক

৩৩৯. 'বেগম' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. হিন্দি খ. তুর্কি
গ. ফারসি ঘ. আরবি উ: গ

৩৪০. 'বেচারা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. ফারসি খ. ফরাসি
গ. আরবি ঘ. হিন্দি উ: ক

৩৪১. নিচের কোনটি ফার্সি ভাষা হতে আগত শব্দ?
ক. জান্নাত খ. বেহেশত
গ. চন্দ্র ঘ. কুলা উ: খ

৩৪২. 'বিলাতি' শব্দটির উৎপত্তি হয়েছে কোন ভাষা থেকে?
ক. আরবি খ. পর্তুগিজ
গ. ফরাসি ঘ. ফারসি উ: ঘ

৩৪৩. কোনটি ফারসি ভাষার শব্দ?
ক. শহিদ খ. বাদশাহ
গ. আলমীরা ঘ. হরতাল উ: খ

৩৪৪. 'মুসলমান' শব্দটি–
ক. আরবি খ. ফারসি
গ. ফারসি ঘ. উর্দু উ: গ

৩৪৫. 'রুমাল' শব্দটি কোন ভাষা থেকে বাংলায় এসেছে?
ক. ফারসি খ. আরবি
গ. পর্তুগিজ ঘ. হিন্দি উ: ক

৩৪৬. বাংলা ভাষায় ব্যবহৃত কোনটি ফারসি শব্দ?
ক. তুফান খ. রোজা
গ. রেস্তোরাঁ ঘ. দারোগা উ: খ

৩৪৭. 'রোজগার' কোন ভাষার শব্দ?
ক. ফরাসি খ. ফারসি
গ. আরবি ঘ. তুর্কি উ: খ

৩৪৮. 'শালগম' শব্দটির মূল ভাষা–
ক. সংস্কৃত খ. আরবি
গ. ফারসি ঘ. তুর্কি উ: গ

৩৪৯. "সুপারিশ করা এক ধরনের দুর্বলতা।"– 'সুপারিশ' শব্দটি–
ক. আরবি খ. বাংলা
গ. পর্তুগিজ ঘ. ফারসি উ: ঘ

**৩৫০. নিচের কোনটি ফারসি শব্দ?**
ক. সিপাহি | খ. গোলমাল
গ. গুলি | ঘ. খবর | উ: ক

**৩৫১. 'সফেদ' শব্দের অর্থ ও ভাষা উৎস–**
ক. স্বচ্ছ, আরবি | খ. সাদা, ফারসি
গ. শুভ্র, তুর্কি | ঘ. সূঁচালো, বর্মি | উ: খ

**৩৫২. 'সবুজ' কোন ভাষার শব্দ?**
ক. দেশি | খ. সংস্কৃত
গ. পর্তুগিজ | ঘ. ফারসি | উ: ঘ

**৩৫৩. 'হাঙ্গামা' কোন ভাষার শব্দ?**
ক. আরবি | খ. ফারসি
গ. সংস্কৃত | ঘ. পাঞ্জাবি | উ: খ

**৩৫৪. 'হিন্দি' শব্দটি মূলত কোন ভাষা থেকে গৃহীত?**
ক. সংস্কৃত | খ. উর্দু
গ. ফারসি | ঘ. গুজরাটি | উ: গ

**৩৫৫. কোনগুলো ফারসি শব্দ?**
ক. খুশি, নকশা | খ. চশমা, মুশকিল
গ. খানসামা, শয়তান | ঘ. খোশ, চশমা | উ: ঘ

**৩৫৬. আরবি থেকে আগত শব্দ–**
ক. ফন্দিবাজ | খ. তকলিফ
গ. উমেদার | ঘ. বাগান | উ: খ

**৩৫৭. 'নকিব' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?**
ক. আরবি | খ. হিন্দি
গ. ফারসি | ঘ. তুর্কি | উ: ক

**৩৫৮. 'নগদ' শব্দটি কোন ভাষার?**
ক. বাংলা | খ. ফারসি
গ. আরবি | ঘ. পর্তুগিজ | উ: গ

**৩৫৯. 'কারসাজি' কোন ভাষার শব্দ?**
ক. ফারসি | খ. পর্তুগিজ
গ. ইংরেজি | ঘ. আরবি | উ: ক

**৩৬০. কোন শব্দটি ফারসি?**
ক. মুসাফির | খ. তকদির
গ. পেরেশান | ঘ. মজলুম | উ: গ

**৩৬১. ফারসি 'পশম' শব্দটি কোন শব্দের পরিবর্তে বর্তমান বাংলা ভাষায় প্রচলিত?**
ক. রাতা | খ. শয়তান
গ. রোঁয়া | ঘ. কাঁখতলি | উ: গ

**৩৬২. নিচের কোনটি পর্তুগিজ শব্দ?**
ক. আতা | খ. কাপ্তান
গ. আতর | ঘ. আদায় | উ: ক

**৩৬৩. 'আনন্দ' এর সমার্থক শব্দ নয়–**
ক. হর্ষ | খ. পুলক
গ. সুখ | ঘ. বিষাদ | উ: ঘ

**৩৬৪. কোনটি আনন্দ– এর প্রতিশব্দ নয়?**
ক. উল্লাস | খ. দীপ্তি
গ. খুশি | ঘ. আহ্লাদ | উ: খ

**৩৬৫. 'অভিলাষ' শব্দটির অর্থ কী?**
ক. ইচ্ছা | খ. উল্লাস
গ. অলক | ঘ. আকাশ | উ: ক

**৩৬৬. 'ইচ্ছার' সমার্থক শব্দ কোনটি?**
ক. সংকল্প | খ. বাঞ্ছা
গ. একনিষ্ঠ | ঘ. প্রগাঢ় | উ: খ

**৩৬৭. 'ইচ্ছা' শব্দটির প্রতিশব্দ কোনটি?**
ক. অতিষ্ঠা | খ. এষণা
গ. তুষ্টি | ঘ. রিষ | উ: খ

**৩৬৮. 'বায়স' শব্দের অর্থ কী?**
ক. শিয়াল | খ. বৃদ্ধ
গ. কাক | ঘ. বুদ্ধিমান | উ: গ

**৩৬৯. 'জব' শব্দের অর্থ–**
ক. গতিবেগ | খ. শস্যবিশেষ
গ. জবান | ঘ. নাম জপ করা | উ: গ

**৩৭০. কোনটি কবুতরের বিকল্প শব্দ নয়?**
ক. কপোত | খ. পারাবাত
গ. কাকাতুয়া | ঘ. পায়রা | উ: গ

**৩৭১. 'কূল' এর সমার্থক শব্দ নয় কোনটি?**
ক. পুলিন | খ. ধার
গ. তট | ঘ. বিভা | উ: ঘ

**৩৭২. 'কপোল' এর প্রতিশব্দ কোনটি?**
ক. গণ্ডগাল | খ. কপাল
গ. চিবুক | ঘ. চিকুর | উ: ক

**৩৭৩. 'কপোল' এর প্রতিশব্দ কোনটি?**
ক. গণ্ডদেশ | খ. ললাট
গ. চিবুক | ঘ. কপাল | উ: ক

**৩৭৪. নিচের কোন শব্দটি 'কপাল'-এর সমার্থক?**
ক. কপোল | খ. ললাট
গ. মস্তক | ঘ. কাপালিক | উ: খ

**৩৭৫. 'কপাল' শব্দের সামর্থক শব্দ–**
ক. চিকুর | খ. ভাল
গ. কপোল | ঘ. খুলি | উ: খ

**৩৭৬. 'চুল' এর সমার্থক শব্দ কোনটি?**
ক. লোচন | খ. কুন্তল
গ. উষসী | ঘ. ঊর্ণা | উ: খ

**৩৭৭. 'চুল' শব্দের সামর্থক শব্দ কোনটি?**
ক. লোচন | খ. শৈল
গ. শম্ভু | ঘ. চিকুর | উ: ঘ

**৩৭৮. 'কুন্তল' শব্দটির সমার্থক শব্দ কোনটি?**
ক. কপোত | খ. কৌদুমী
গ. চিকুর | ঘ. আত্মজা | উ: গ

**৩৭৯. 'চিকুর' এর সমার্থক শব্দ কোনটি?**
ক. অলক | খ. অম্বর
গ. শ্রবণ | ঘ. অচল | উ: ক

**৩৮০. 'অলক' শব্দের অর্থ কী?**
ক. দুল | খ. ফুল
গ. কুল | ঘ. চুল | উ: ঘ

**৩৮১. 'চুল' অর্থে কোন শব্দটি সমার্থক নয়?**
ক. অলক | খ. কুন্তল
গ. চিকুর | ঘ. তনু | উ: ঘ

**৩৮২. 'কলহ' শব্দের প্রতিশব্দ নয় কোনটি?**
ক. ঝগড়া | খ. বিবাদ
গ. কাটরা | ঘ. কোন্দল | উ: গ

**৩৮৩. কোনটি 'পানি' শব্দের সমার্থক শব্দ নয়?**
ক. কাণ্ডার | খ. বারি
গ. বারুণ | ঘ. ইরা | উ: ক

৩৮৪. 'জল' শব্দের সমার্থক নয় কোনটি?
ক. সলিল খ. উদক
গ. জলধি ঘ. নীর উ: গ

৩৮৫. কোনটি 'জল' শব্দের সমার্থক শব্দ নয়?
ক. অপ খ. তোয়
গ. অম্বু ঘ. তরল উ: ঘ

৩৮৬. কোনটি 'জিজ্ঞাসা'র সমার্থক শব্দ নয়?
ক. শুধানো খ. পুছা
গ. জবাব ঘ. জেরা উ: গ

৩৮৭. 'ঢেউ' শব্দের প্রতিশব্দ কোনটি?
ক. বারি খ. অম্বু
গ. বীচি ঘ. বারিধ উ: গ

৩৮৮. 'ঢেউ' শব্দের সমার্থক কোনটি?
ক. প্রবাহ খ. উৎক্ষেপ
গ. গর্জন ঘ. লহরি উ: ঘ

৩৮৯. 'ঊর্মি' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. ঢেউ খ. সোজা
গ. অসংহত ঘ. ঋজু উ: ক

৩৯০. ঊর্মির প্রতিশব্দ–
ক. সূর্য খ. চন্দ্র
গ. তরঙ্গ ঘ. উগ্র উ: গ

৩৯১. 'বীচি' শব্দের সমার্থক শব্দ–
ক. অঙ্কুর খ. তরঙ্গ
গ. নদী ঘ. আঁটি উ: খ

৩৯২. 'কল্লোল' শব্দটির অর্থ কী?
ক. ঢেউ খ. গাল
গ. চিবুক ঘ. কান উ: ক

৩৯৩. 'হিল্লোল' শব্দের অর্থ কী?
ক. সাহস খ. হাসি ঠাট্টা
গ. কম্পন ঘ. তরঙ্গ উ: ঘ

৩৯৪. সমার্থক শব্দগুচ্ছ নির্ণয় করুন–
ক. পিক, কলকণ্ঠ, পারাবত খ. কজ্জল, অঞ্জল, মালিন্য
গ. অলিক, অদৃষ্ট, কপোল ঘ. ঊর্মি, বীচি, হিল্লোল উ: ঘ

৩৯৫. 'ঊর্মি' শব্দের সমার্থক নয় কোনটি?
ক. হিল্লোল খ. কল্লোল
গ. লহরি ঘ. অলক উ: ঘ

৩৯৬. কোনটি সমার্থক শব্দ নয়?
ক. অভ্র খ. বীচি
গ. লহরি ঘ. ঊর্মি উ: ক

৩৯৭. 'পৃথিবী'র সমার্থক শব্দ–
ক. ক্ষিতিধর খ. বিসজ
গ. ক্ষিতি ঘ. অচল উ: গ

৩৯৮. কোনটি 'পৃথিবী' শব্দের সমার্থক শব্দ?
ক. বসুধা খ. সবিতা
গ. মিহির ঘ. ভূধর উ: ক

৩৯৯. 'মহি' শব্দের অর্থ–
ক. রাত খ. মাতা
গ. ধরা ঘ. শিলা উ: গ

৪০০. 'ক্ষিতিতল' শব্দের অর্থ কী?
ক. কেঁচো খ. লাঙ্গল
গ. ভূতল ঘ. নভোতল উ: গ

৪০১. 'বসুমতী' শব্দটির সমার্থক শব্দ কোনটি?
ক. ফুল খ. নগ
গ. গিরি ঘ. ধরিত্রী উ: ঘ

৪০২. 'বসুন্ধরা' শব্দটির সমার্থক শব্দ কোনটি?
ক. পর্বত খ. পৃথিবী
গ. বাজার ঘ. সমুদ্র উ: খ

৪০৩. 'ইরা' শব্দের সমার্থক শব্দ–
ক. পৃথিবী খ. হাতি
গ. বিশাল ঘ. চন্দ্র
ঙ. সমুদ্র উ: ক

৪০৪. 'অদিতি' শব্দের সমার্থক শব্দ নয় কোনটি?
ক. নীর খ. পৃথ্বী
গ. ক্ষিতি ঘ. অবনি উ: ক

৪০৫. নিচের কোনটি 'পৃথিবী' শব্দের প্রতিশব্দ নয়?
ক. বসুমতী খ. বসুধা
গ. ধরা ঘ. বারি উ: ঘ

৪০৬. নিচের কোনটি 'পৃথিবী' শব্দের প্রতিশব্দ নয়?
ক. মহি খ. বসুধা
গ. মহিধর ঘ. উর্বী উ: গ

৪০৭. কোনটি 'পৃথিবী' শব্দের সমার্থক নয়?
ক. অবনি খ. বসুমতী
গ. জলদ ঘ. ভুবন উ: গ

৪০৮. নিচের কোনটি পৃথিবীর সমার্থক শব্দ নয়?
ক. অবনি খ. বসুধা
গ. অচলা ঘ. নবনী উ: ঘ

৪০৯. 'রাজীব' শব্দের প্রতিশব্দ–
ক. কমল খ. কলকণ্ঠ
গ. মনোজ ঘ. মদন উ: ক

৪১০. পদ্মের সমার্থক শব্দ কোনটি?
ক. মনসিজ খ. জলধর
গ. অরবিন্দ ঘ. অঞ্জন উ: গ

৪১১. 'পদ্ম' এর সমার্থক শব্দ কোনটি?
ক. কুমুদ খ. শতদল
গ. প্রসূন ঘ. জলধি উ: খ

৪১২. 'কোকনদ' এর সমার্থক শব্দ–
ক. গোলাপ খ. টগর
গ. শাপলা ঘ. পদ্ম উ: ঘ

৪১৩. 'গন্ধবাহ' শব্দের সমার্থক কোনটি?
ক. ভূধর খ. মহোদর
গ. শিখা ঘ. বাতাস উ: ঘ

৪১৪. 'অনিল'– শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. সমীর খ. নীল নয় এমন
গ. হালকা নীল ঘ. বন্ধু উ: ক

৪১৫. 'পবন' শব্দের সমার্থক শব্দ–
ক. পাবক খ. সমীকরণ
গ. ভানু ঘ. প্রভা উ: খ

৪১৬. 'সমীর' শব্দের অর্থ কী?
ক. সমুদ্র খ. কুয়াশা
গ. উত্তরীয় ঘ. বাতাস উ: ঘ

৪১৭. 'মরুৎ' শব্দের সমার্থক শব্দ–
ক. পানি খ. বাতাস
গ. মাটি ঘ. মরুদ্যান উ: খ

৪১৮. 'মারুত' শব্দের অর্থ কী?
ক. বায়ু খ. মরুময় স্থান
গ. মরীচিকা ঘ. মরুভূমি উ: ক

৪১৯. কোনটি 'বায়ু' শব্দের প্রতিশব্দ নয়?
ক. বাতাস খ. সমীর
গ. পবন ঘ. নীরদ উ: ঘ

৪২০. কোনটি 'বাতাস' শব্দের সমার্থক নয়?
ক. পাবক খ. মরুত
গ. পবন ঘ. অনিল উ: ক

৪২১. কোনটি 'বাতাস' এর প্রতিশব্দ নয়?
ক. অনিল খ. পবন
গ. অর্ণব ঘ. হাওয়া উ: গ

৪২২. কোনটি 'বিবাহ' শব্দের প্রতিশব্দ নয়?
ক. পরিণয় খ. পাণিগ্রহণ
গ. পাণিপীড়ন ঘ. পাণিপ্রার্থী উ: ঘ

৪২৩. 'ঘিলু' শব্দের অর্থ কী?
ক. মগজ খ. মস্তিষ্ক
গ. বুদ্ধি ঘ. সব কয়টি উ: ঘ

৪২৪. 'ঘাঘু' শব্দ বোঝায়?
ক. অভিজ্ঞ খ. দুর্বৃত্ত
গ. বুদ্ধি ঘ. সব কয়টি উ: ক

৪২৫. সমার্থক শব্দগুচ্ছ নির্ণয় করুন–
ক. বুধ, বিজ্ঞ, মনীষী
খ. নগ, নাগ, অদ্রি
গ. অশনি, কুলিশ, প্রসূন
ঘ. অঠবী, বিপিন, মারুত উ: ক

৪২৬. 'মনীষা' শব্দটির প্রতিশব্দ নয় কোনটি?
ক. প্রতিভা খ. প্রজ্ঞা
গ. মেধা ঘ. রুচিবোধ উ: ঘ

৪২৭. 'আহব' শব্দের অর্থ কী?
ক. আহবান খ. আগমন
গ. অস্ত্রশস্ত্র ঘ. যুদ্ধ উ: ঘ

৪২৮. 'সূর্য' এর সমার্থক শব্দ কোনটি?
ক. নিগ্রহ খ. দিবাকর
গ. কনক ঘ. অর্ণব উ: খ

৪২৯. 'মার্তণ্ড' শব্দের অর্থ কী?
ক. সূর্য খ. মরুভূমি
গ. চন্দ্র ঘ. আকাশ উ: ক

৪৩০. কোনটি 'ভানু' শব্দের প্রতিশব্দ নয়?
ক. রবি খ. সূর্য
গ. শশী ঘ. প্রভাকর উ: গ

৪৩১. কোনটি 'সূর্য' এর সমার্থক নয়?
ক. সবিতা খ. অদ্রি
গ. ভানু ঘ. পূষন উ: খ

৪৩২. কোনটি 'সূর্য' শব্দের সমার্থক নয়?
ক. মেদিনী খ. রবি
গ. আদিত্য ঘ. প্রভাকর উ: ক

৪৩৩. 'সূর্য' শব্দটির সমার্থক শব্দ নয় কোনটি?
ক. ভানু খ. রবি
গ. ভাস্কর ঘ. দ্বিজরাজ উ: ঘ

৪৩৪. কোনটি সমার্থক শব্দ নয়?
ক. অর্ক খ. জীমূত
গ. তপন ঘ. মিহির উ: খ

৪৩৫. কোনটি ভিন্নধর্মী?
ক. আফতাব খ. সবিতা
গ. খদ্যোত ঘ. অরুণ উ: গ

৪৩৬. কোনটি 'সূর্য' এর সমার্থক শব্দ নয়?
ক. তপন খ. প্রভাকর
গ. অর্ক ঘ. অর্ণব উ: ঘ

৪৩৭. কোনটি 'সূর্য' শব্দের সমার্থক শব্দ নয়?
ক. আফতাব খ. বারীন্দ্র
গ. আদিত্য ঘ. অর্ক উ: খ

৪৩৮. 'সূর্য' শব্দের সমার্থক শব্দ নয় নিচের কোনটি?
ক. সুধাংশু খ. আদিত্য
গ. ভাস্কর ঘ. মার্তণ্ড উ: ক

৪৩৯. 'সূর্য'-এর সমার্থক শব্দ নয়-
ক. সুধাকর খ. রবি
গ. দিবাকার ঘ. প্রভাকর উ: ক

৪৪০. 'সূর্য' এর প্রতিশব্দ নয় কোনটি?
ক. দিবাকর খ. বিভাবসু
গ. হিমকর ঘ. দিনকর উ: গ

৪৪১. নিচের কোনটি 'সূর্য' এর সমার্থক নয়?
ক. আচিরাংমশু খ. রবি
গ. দিবাকার ঘ. প্রভাকর উ: ক

৪৪২. নিচের কোনটি 'সূর্য' এর প্রতিশব্দ নয়?
ক. বিভাকর খ. বিবস্বান
গ. মিহির ঘ. উর্বী উ: ঘ

৪৪৩. কোনটি প্রতিশব্দ নয়?
ক. মিহির খ. বিজলী
গ. অরুণ ঘ. দিনেশ উ: খ

৪৪৪. 'অমরাবতী' শব্দটির প্রতিশব্দ কোনটি?
ক. নদী খ. পর্বত
গ. স্বর্গ ঘ. মেঘপুঞ্জ উ: গ

৪৪৫. 'মৃগেন্দ্র' এর প্রতিশব্দ–
ক. মৃগ খ. মৃগী
গ. সিংহ ঘ. মৃগয়া উ: গ

৪৪৬. 'হেম' শব্দের অর্থ কী?
ক. সুধাকর খ. রত্ন
গ. মুক্তা ঘ. স্বর্ণ উ: ঘ

৪৪৭. 'কাঞ্চন' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. চাঁদ খ. সূর্য
গ. পদ্ম ঘ. স্বর্ণ উ: ঘ

৪৪৮. কোনটি 'স্বর্ণ' এর সমার্থক শব্দ নয়?
ক. শোনা খ. কনক
গ. সুবর্ণ ঘ. হিরণ্য উ: ক

৪৪৯. 'হরিণ' শব্দের প্রতিশব্দ–
ক. শশক খ. কুরঙ্গ
গ. শৃঙ্গ ঘ. চমরী উ: খ

৪৫০. 'শম্বর' অর্থ কী?
ক. ব্যাঘ্র খ. জলহস্তী
গ. হরিণ ঘ. সিংহ উ: গ

৪৫১. 'তার ব্যক্তিসত্ত্ব এখনো বিকাশিত হয়নি'– এখানে 'সত্ত্ব' কী অর্থে ব্যবহৃত হয়েছে?
ক. অস্তিত্ব খ. মালিকানা
গ. স্বামিত্ব ঘ. যথার্থ উ: ক

৪৫২. 'দ্বিপ' অর্থ কী?
ক. আলো খ. হাতি
গ. জলবেষ্টিত স্থান ঘ. বাতি উ: খ

৪৫৩. 'হস্তী'র সমার্থক শব্দ–
ক. তুরঙ্গ খ. কুঞ্জর
গ. অরূরু ঘ. বাজী উ: খ

৪৫৪. 'হস্তী' শব্দের প্রতিশব্দ কোনটি?
ক. হাত খ. বড়
গ. হাতি ঘ. পশুরাজ উ: গ

৪৫৫. 'কুঞ্জর' শব্দের অর্থ কী?
ক. হরিণ খ. খরগোশ
গ. বাঘ ঘ. হাতি উ: ঘ

৪৫৬. 'ঐরাবত' এর সমার্থক শব্দ–
ক. মৃগরাজ খ. মৃগেন্দ্র
গ. গজ ঘ. অর্ণব উ: গ

৪৫৭. 'বলাহক' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. জলাশয় খ. নদী
গ. মেঘ ঘ. আকাশ উ: গ

৪৫৮. 'অভ্র' শব্দের অর্থ কী?
ক. কন্যা খ. স্রোত
গ. মেঘ ঘ. জলধি উ: গ

৪৫৯. 'সূর্য' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. অর্ণব খ. অর্ক
গ. প্রসূন ঘ. পল্লব উ: খ

৪৬০. 'অর্ক' শব্দের সমার্থক শব্দ হচ্ছে–
ক. বায়ু খ. সমুদ্র
গ. প্রভাকর ঘ. নভমণ্ডল উ: গ

৪৬১. কোন গুচ্ছ 'সূর্য'-এর সমার্থক শব্দ?
ক. ভূধর, বহিত্র খ. শীতাংশু, সেতারা
গ. আফতাব, আদিত্য ঘ. শীকর, সমীকরণ উ: গ

৪৬২. কোনটি প্রতিশব্দ নয়?
ক. তপন খ. অর্ক
গ. সুর ঘ. অনিল উ: ঘ

৪৬৩. 'সন্ধ্যা'র সমার্থক শব্দ কোনটি?
ক. প্রাহ্ণ খ. অপরাহ্ণ
গ. সায়াহ্ন ঘ. তামসী উ: গ

৪৬৪. 'সায়ন্তন' শব্দটির প্রকৃত অর্থ কী?
ক. সকাল খ. সন্ধ্যা
গ. দুপুর ঘ. রাত্রি উ: খ

৪৬৫. 'প্রদোষ' শব্দের অর্থ কী?
ক. সন্ধ্যা খ. প্রভাত
গ. প্রকৃষ্ট দোষ ঘ. বিনষ্ট উ: ক

৪৬৬. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. অনিল খ. জলধর
গ. অম্বু ঘ. মাতঙ্গ উ: খ

৪৬৭. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি?
ক. নীরদ খ. উদধি
গ. মার্তণ্ড ঘ. অবনি উ: খ

৪৬৮. 'সায়র' কোন শব্দের কাব্যিক রূপ?
ক. সাগর খ. সন্ধ্যা
গ. সূর্য ঘ. সখা উ: ক

৪৬৯. 'উদধি' শব্দের অর্থ-
ক. সমুদ্র খ. নদী
গ. স্বর্গ ঘ. সূর্য উ: ক

৪৭০. 'সমুদ্র' এর সমার্থক শব্দ–
ক. অভ্র খ. বারি
গ. অর্ণব ঘ. কোনোটিই নয় উ: গ

৪৭১. 'সমুদ্র এর প্রতিশব্দ–
ক. দিবাকর খ. রত্নাকর
গ. প্রভাকর ঘ. জলধর উ: খ

৪৭২. 'সমুদ্র' শব্দটির সামর্থক শব্দগুচ্ছ–
ক. পাথার, ইন্দু খ. দরিয়া, অশনি
গ. পয়োধি, নীর ঘ. অর্ণব, সিন্ধু উ: ঘ

৪৭৩. 'সাগর' শব্দের প্রতিশব্দ কোনটি?
ক. নদী খ. অর্ণব
গ. অম্বর ঘ. তটিনী উ: খ

৪৭৪. 'স্বর্গ'-এর সমার্থক শব্দ কোনটি?
ক. সবিতা খ. উদধি
গ. ভৃঙ্গ ঘ. ত্রিদিব উ: ঘ

৪৭৫. কোনটি ভিন্নার্থক শব্দ?
ক. গজ খ. তুরগ
গ. দ্বিরদ ঘ. করী উ: খ

৪৭৬. 'নেতিবাচক' শব্দের বিপরীত অর্থ কোনটি?
ক. অর্থবাচক খ. ইতিবাচক
গ. সমার্থক উ: খ

৪৭৭. 'নিমগ্ন' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. উদাসীন খ. জাগরিত
গ. অপকর্ষ ঘ. নিস্তেজ উ: ক

৪৭৮. 'নিমীলিত' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. উন্মীলিত খ. উদ্বেলিত
গ. উপেক্ষিত ঘ. উন্মোচিত উ: ক

৪৭৯. 'পুষ্ট' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. জীর্ণ খ. ক্ষীণ
গ. দুর্বল ঘ. ভঙ্গুর উ: খ

৪৮০. 'প্রাচী' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. প্রচীতী খ. প্রতীচী
গ. প্রতিচী ঘ. প্রীতিচী উ: খ

৪৮১. 'প্রাচ্য' শব্দের বিপরীত শব্দ–
ক. প্রাচী খ. দূরপ্রাচ্য
গ. প্রতীচ্য ঘ. অপ্রাচ্য উ: গ

৪৮২. 'প্রলয়'-এর বিপরীত শব্দ–
ক. স্মৃতি খ. মালয়
গ. সৃষ্টি ঘ. স্তুতি উ: গ

৪৮৩. 'প্রসন্ন' এর বিপরীতার্থক শব্দ–
ক. বিপন্ন খ. আসন্ন
গ. প্রতিপন্ন ঘ. বিষণ্ণ উ: ঘ

৪৮৪. 'প্রাচীন'-এর বিপরীতার্থক শব্দ কী?
ক. নতুন খ. বর্তমান
গ. অর্বাচীন ঘ. এর কোনোটিই নয় উ: গ

৪৮৫. 'বন্ধুর' বিপরীত শব্দ কোনটি?
ক. মসৃণ খ. বন্ধু
গ. শত্রু ঘ. কণ্টক উ: ক

৪৮৬. 'বর্ধমান' এর বিপরীত শব্দ–
ক. ক্ষীয়মাণ খ. মহাজন
গ. ধনী ঘ. গরিষ্ঠ উ: ক

৪৮৭. 'বিভাবরী' এর বিপরীত শব্দ–
ক. দিবস খ. রজনী
গ. দীন ঘ. রাত্রি উ: ক

৪৮৮. 'বিষণ্ণ' শব্দের বিপরীত শব্দগুচ্ছ শনাক্ত কর–
ক. প্রফুল্ল, প্রসন্ন, উৎফুল্ল
খ. আমোদিত, প্রস্ফুটি, আহ্লাদিত
গ. নন্দিত, আনন্দিত, তুষ্ট
ঘ. হৃষ্ট, তৃপ্ত, তাপিত উ: ক

৪৮৯. 'বন্ধন' এর বিপরীত শব্দ হচ্ছে–
ক. মুক্ত খ. উন্মুক্ত
গ. মুক্তি ঘ. খোলা উ: গ

৪৯০. 'বিনীত'-এর বিপরীতার্থক শব্দ কী?
ক. অবিনীত খ. দুর্বিনীত
গ. অবিনত ঘ. অভদ্র উ: খ

৪৯১. 'ব্যর্থ' শব্দের বিপরীতার্থক–
ক. সার্থক খ. স্বার্থক
গ. পরর্থ ঘ. অশর্থ উ: ক

৪৯২. 'ভার্যা'র বিপরীত শব্দ কোনটি?
ক. দার খ. দয়িত
গ. বনিতা ঘ. জায়া উ: খ

৪৯৩. 'ভূলোক' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. অতিরোক খ. দ্যুলোক
গ. পরলোক ঘ. ছায়ালোক উ: খ

৪৯৪. 'ভূত' এর বিপরীত শব্দ কোনটি?
ক. দৈত্য খ. জীন
গ. ভবিষ্যৎ ঘ. নির্ভীক উ: গ

৪৯৫. 'ভূত' এর বিপরীত শব্দ–
ক. বর্তমান খ. ভাবী
গ. প্রেত ঘ. সম্ভব উ: খ

৪৯৬. 'মান' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. সম্মান খ. অপমান
গ. গৌণ ঘ. অমান্য উ: খ

৪৯৭. 'মনীষা' শব্দের বিপরীত শব্দ–
ক. নির্বোধ খ. প্রভা
গ. মনস্বিতা ঘ. স্থিরতা উ: ক

৪৯৮. 'মধুর' শব্দের বিপরীতার্থক শব্দ–
ক. মিষ্টি খ. তিক্ত
গ. অম্লত্ব ঘ. মন্দ উ: খ

৪৯৯. 'অম্ল' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. মধুর খ. মিষ্টি
গ. তিতা ঘ. লোনা উ: ক

৫০০. 'মাগনা' শব্দের বিপরীতার্থক শব্দ–
ক. সহজলব্ধ খ. অধিক অর্থের বিনিময়ে অর্জিত
গ. কষ্টার্জিত ঘ. বিনা মূল্যে অর্জিত উ: গ

৫০১. 'মুখর' শব্দের বিপরীত শব্দ–
ক. চঞ্চল খ. নিস্তব্ধ
গ. মৌন ঘ. নীরব উ: গ

৫০২. 'মুখ্য' এর বিপরীত শব্দ কোনটি?
ক. প্রধান খ. গৌণ
গ. সূক্ষ্ম ঘ. গুণ্য উ: খ

৫০৩. 'যাযাবর' এর বিপরীত শব্দ–
ক. গৃহকাতর খ. ঘরকুনো
গ. গৃহী ঘ. গৃহগত উ: গ

৫০৪. 'যাযাবর' এর বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. সর্বজনীন খ. সার্বিক
গ. স্থির ঘ. স্থায়ী উ: ঘ

৫০৫. 'যোজক'-এর বিপরীত শব্দ কী?
ক. প্রণালী খ. বিয়োজক
গ. হ্রাস ঘ. কোনোটিই নয় উ: খ

৫০৬. 'রাজসিক' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. প্রাজসিক খ. অরাজসিক
গ. তামসিক ঘ. সাধারণ উ: গ

৫০৭. 'সফেদ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. শুভ্র খ. নিকষ
গ. লোহিত ঘ. নীলিম উ: গ

৫০৮. 'সভ্য' শব্দটির বিপরীতার্থক শব্দ হল–
ক. গ্রাম্য খ. প্রতীচ্য
গ. বুনো ঘ. বিষম উ: গ

৫০৯. 'সমক্ষ' শব্দের বিপরীত শব্দ কোনটি?
ক. প্রত্যক্ষ খ. পরোক্ষ
গ. তুলনীয় ঘ. অনুক্ষ উ: খ

৫১০. 'সহোদর' শব্দের বিপরীত অর্থ প্রকাশ করে নিচের কোন শব্দ?
ক. অনাদর খ. অগ্রজ
গ. বৈমাত্রেয় ঘ. জাতিক উ: গ

৫১১. 'হরণ' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?
ক. পূরণ খ. গ্রহণ
গ. মুক্ত ঘ. কোনোটিই নয় উ: ক

৫১২. যথাযথ বিপরীত শব্দজোড় নয় কোনটি?
ক. গৃহী - সন্ন্যাসী খ. উত্তম - মধ্যম
গ. আকাশ - পাতাল ঘ. কান্না - হাসি উ: খ

৫১৩. 'তস্কর' ও 'নিন্দুক' শব্দগুলোর বিপরীত শব্দ কোনগুলো?
ক. কঠিন, নির্দয় খ. সাধু, স্তাবক
গ. কপটতা, বিষাদ ঘ. ডাকাত, অহংকারী উ: খ

৫১৪. বিপরীতার্থক শব্দের ক্ষেত্রে নিচের কোনটি ভুল?
ক. অমৃত = গরল খ. তস্কর = সাধু
গ. কৃশ = স্থূল ঘ. অর্বাচীন = আধুনিক উ: ঘ

৫১৫. নিচের কোন বিপরীতার্থক শব্দজোড় অশুদ্ধ
ক. শুষ্ক – রুক্ষ খ. স্বতন্ত্র – পরতন্ত্র
গ. সুবহ – দুর্বহ ঘ. ক্রয় – বিক্রয় উ: ক

৫১৬. 'Aboriginal' এর পরিভাষা কোনটি?
ক. কৃত্রিম খ. অমৌলিক
গ. আদিবাসী ঘ. আদি মানব উ: গ

৫১৭. Amicus Curiae-এর পরিভাষা কোনটি?
ক. আদালতের বন্ধু খ. আদালতের পরামর্শদাতা
গ. আদালতের পণ্ডিতবর্গ ঘ. আইন পণ্ডিত উ: ক

**৫১৮. Autonomous শব্দের অর্থ-**
ক. স্বাক্ষর খ. স্বায়ত্তশাসিত
গ. সত্যায়িত ঘ. সংশোধিত উ: খ

**৫১৯. 'Indigenous' শব্দের অর্থ-**
ক. মেধাবী খ. আনাড়ী
গ. স্বদেশী ঘ. বিদেশি উ: গ

**৫২০. Microbiology এর পরিভাষা নিচের কোনটি?**
ক. অণুপ্রাণ বিজ্ঞান খ. অণুজীব বিজ্ঞান
গ. জীববিজ্ঞান ঘ. জীবাণুবিজ্ঞান উ: খ

**৫২১. 'Null and Void' এর বাংলা পরিভাষা কী?**
ক. বাতিল খ. পালাবদল
গ. মামুলি ঘ. নিরপেক্ষ উ: ক

**৫২২. 'Obligatory' শব্দটির পারিভাষিক শব্দ কোনটি?**
ক. অনুগত খ. বাধ্যতামূলক
গ.বাধিত করা ঘ. শপথ গ্রহণ উ: খ

**৫২৩. 'Provoke' শব্দের সঠিক অর্থ কোনটি?**
ক. নিন্দা করা খ. উসকানি দেওয়া
গ. বিরত রাখা ঘ. ঘৃণা করা উ: খ

**৫২৪. Phonology' এর বাংলা প্রতিশব্দ কী?**
ক. ভাষাতত্ত্ব খ. দর্শন তত্ত্ব
গ. ভাষার ধ্বনিবিজ্ঞান ঘ. ভাষার ধ্বনি উ: গ

**৫২৫. Quarterly শব্দের অর্থ কী?**
ক. সাপ্তাহিক খ. পাক্ষিক
গ. ষাণ্মাসিক ঘ. ত্রৈমাসিক উ: ঘ

**৫২৬. 'Relevant' শব্দের সঠিক অর্থ কোনটি?**
ক. প্রাসঙ্গিক খ. সময়মত
গ. তৎপর ঘ. যথাযথ উ: ক

**৫২৭. 'Scroll' শব্দের গ্রহণযোগ্য পরিভাষা-**
ক. লিপি খ. নির্ঘণ্ট
গ. সারিবদ্ধ ঘ. হিসাব বহি উ: ক

**৫২৮. 'Surgeon' এর পরিভাষা-**
ক. শল্য চিকিৎসক খ. দন্ত চিকিৎসক
গ. অস্থি চিকিৎসক ঘ. সার্জেন্ট উ: ক

**৫২৯. পারিভাষিক শব্দ কোনটি?**
ক. মেঘালয় খ. বিচারালয়
গ. সচিবালয় ঘ. হিমালয় উ: গ

**৫৩০. Transparent-শব্দের বাংলা পরিভাষা কোনটি?**
ক. উপনীত খ. প্রাণবন্ত
গ. স্বচ্ছ ঘ. ঘোলাটে উ: গ

**৫৩১. Treasurer' এর পরিভাষা কোনটি?**
ক. অর্থভাণ্ডার খ. অর্থমন্ত্রী
গ. কোষাগার ঘ. কোষাধ্যক্ষ উ: খ

**৫৩২. 'Editor' শব্দটির সঠিক পরিভাষা কোনটি?**
ক. সম্পাদকীয় খ. সম্পাদক
গ. নির্বাচক ঘ. সাংবাদিক উ: খ

**৫৩৩. 'Graphic' এর বাংলা পরিভাষা কী?**
ক. নকশা খ. রৈখিক
গ. খসড়া ঘ. অঙ্কন উ: খ

**৫৩৪. 'Ameliorate' এর বাংলা পরিভাষা হলো-**
ক. অনন্য খ. উৎকর্ষ সাধন
গ. অভূতপূর্ব ঘ. অকুতোভয় উ: খ

**৫৩৫. Transliteration এর পরিভাষা-**
ক. অনুবাদ করণ খ. বর্ণীকরণ
গ. বর্ণান্তর ঘ. প্রতিবর্ণীকরণ উ: ঘ

**৫৩৬. Whirlpool এর অর্থ-**
ক. ঘূর্ণি খ. ঝড়
গ. প্রলয় ঘ. ঝলাতঙ্ক উ: ক

**৫৩৭. পর্তুগিজ শব্দ কোনটি?**
ক. ঢেঁকি খ. কাগজ
গ. আনারস ঘ. চিনি উ: গ

**৫৩৮. 'বালতি, গামলা, চাবি'– এগুলি কোন ভাষা থেকে এসেছে?**
ক. ফরাসি খ. তুর্কি
গ. চীনা ঘ. পর্তুগিজ উ: ঘ

**৫৩৯. 'সূর্য' এর সঠিক সমার্থক শব্দ কোনটি?**
ক. কলু খ. পূষণ
গ. মনীবক ঘ. অগ্নিসন উ: খ

**৫৪০. 'ভার্যা' শব্দের অর্থ হলো–**
ক. ভাবি খ. স্ত্রী
গ. সতীন ঘ. মা উ: খ

**৫৪১. সমার্থক শব্দজোড় সনাক্ত কর।**
ক. সিথি, সিতি খ. শ্মশ্রু, শ্বশ্রা
গ. সলিল, সলীল ঘ. শ্বেত, সিত উ: ঘ

**৫৪২. 'সনাতন' শব্দের অর্থ কী?**
ক. নতুন খ. চিরন্তন
গ. গ্রাম্য ঘ. কোনোটিই নয় উ: খ

**৫৪৩. 'রাতুল' শব্দের অর্থ–**
ক. লাল মোরগ খ. লাল পদ্ম
গ. লাল শালুক ঘ. লাল উ: ঘ

**৫৪৪. প্রতিশব্দদ্বয়–**
ক. প্যান্ট-কোর্তা খ. মৎস্য-মাংস
গ. লাল-লোহিত ঘ. ফ্রুট-ফুল উ: গ

**৫৪৫. অর্থবোধক ধ্বনিকে বলা হয়–**
ক. বাক্য খ. উপসর্গ
গ. শব্দ ঘ. প্রত্যয় উ: গ

**৫৪৬. ধ্বনির অর্থপূর্ণ মিলনে কী তৈরি হয়?**
ক. বর্ণ খ. শব্দ
গ. বাক্য ঘ. ব্যাকরণ উ: খ

**৫৪৭. বিভিন্ন দৃষ্টিকোণ থেকে বাংলা ভাষার শব্দসমূহকে কয়টি শ্রেণিতে ভাগ করা যায়–**
ক. ৫ প্রকার খ. ৪ প্রকার
গ. ৩ প্রকার ঘ. ২ প্রকার উ: গ

**৫৪৮. গঠন অনুসারে শব্দ কয় প্রকার?**
ক. তিন খ. দুই
গ. পাঁচ ঘ. চার উ: খ

**৫৪৯. কোন শব্দকে বিশ্লেষণ করা যায় না–**
ক. যৌগিক শব্দ খ. যোগরূঢ় শব্দ
গ. রূঢ়ি শব্দ ঘ. মৌলিক শব্দ উ: ঘ

৫৫০. মৌলিক শব্দ কোনটি?
ক. কবিতা খ. কাব্য
গ. পদ্য ঘ. কলম উ: ঘ

৫৫১. নিচের কোনটি মৌলিক শব্দ?
ক. বাঁশি খ. সুপ্রভাত
গ. ঢালাই ঘ. ঢাকা উ: ঘ

৫৫২. কোনটি মৌলিক শব্দ?
ক. লোনা খ. ডিঙ্গা
গ. ফুল ঘ. চাকা উ: গ

৫৫৩. কোনটি মৌলিক শব্দের উদাহরণ?
ক. উপহার খ. সন্দেশ
গ. চাঁদ ঘ. বাঁশি উ: গ

৫৫৪. মৌলিক শব্দ কোনটি?
ক. দেশান্তর খ. গায়েহলুদ
গ. নাক ঘ. অগ্নিবীণা উ: গ

৫৫৫. মৌলিক শব্দ কোনটি?
ক. মা খ. পবন
গ. ভাবুক ঘ. বিহার উ: ক

৫৫৬. নিচের কোনটি মৌলিক শব্দ নয়?
ক. গোলাপ খ. গায়ক
গ. হাত ঘ. ফুল উ: খ

৫৫৭. মৌলিক শব্দ বা ধাতুর সাথে উপসর্গ, প্রত্যয়যোগে বা সমাসের মাধ্যমে যে শব্দ গঠিত হয় তাকে কী বলে?
ক. প্রকৃতি খ. সমাসবদ্ধ শব্দ
গ. সাধিত শব্দ ঘ. মৌলিক শব্দ উ: গ

৫৫৮. সাধিত শব্দ কতভাগে ভাগ করা যায়?
ক. তিন খ. দুই
গ. পাঁচ ঘ. চার উ: খ

৫৫৯. বাংলা ভাষায় শব্দ সাধন হয় না নিম্নোক্ত কোন উপায়ে?
ক. সমাস দ্বারা খ. লিঙ্গ পরিবর্তন দ্বারা
গ. উপসর্গ যোগে ঘ. ক, খ, ও গ তিন উপায়েই হয় উ: খ

৫৬০. চাঁদমুখ কোন ধরনের শব্দ?
ক. মৌলিক শব্দ খ. সাধিত শব্দ
গ. যোগরূঢ় শব্দ ঘ. যৌগিক শব্দ উ: খ

৫৬১. নিচের কোনটি সাধিত শব্দ?
ক. হাত খ. বই
গ. কলম ঘ. গরমিল উ: ঘ

৫৬২. কোনটি রূঢ়ি শব্দের উদাহরণ?
ক. নাবিক খ. দৌহিত্র
গ. তৈল ঘ. নায়ক উ: গ

৫৬৩. 'সন্দেশ' কোন শ্রেণির শব্দ?
ক. মৌলিক খ. যৌগিক
গ. রূঢ়ি ঘ. যোগরূঢ় উ: গ

৫৬৪. 'সন্দেশ' শব্দটি মূলত কোন অর্থে ব্যবহৃত হতো?
ক. দূত খ. সংবাদ
গ. সংগীত ঘ. বিবাহ উ: খ

৫৬৫. নিচের কোনটি রূঢ়ি শব্দ?
ক. জলযান খ. অন্ন
গ. বাঁশি ঘ. গায়ক উ: গ

৫৬৬. নিচের কোনটি রূঢ়ি শব্দ?
ক. জলদ খ. প্রবীণ
গ. সুহৃদ ঘ. দিগের উ: খ

৫৬৭. 'প্রবীণ' শব্দের ব্যবহারিক অর্থ কী?
ক. অভিজ্ঞতাসম্পন্ন ব্যক্তি
খ. অভিজ্ঞতাসম্পন্ন বয়স্ক ব্যক্তি
গ. বৃদ্ধ ব্যক্তি
ঘ. প্রকৃষ্টরূপে বীণা বাজাতে পারেন যিনি
ঙ. প্রকৃষ্ট বীণা উ: খ

৫৬৮. 'পাঞ্জাবি' কোন শ্রেণির শব্দ?
ক. রূঢ়/রূঢ়ি খ. যোগরূঢ়
গ. যৌগিক ঘ. দেশ উ: ক

৫৬৯. 'দুহিতা' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কী?
ক. হিতসাধনকারিণী খ. মঙ্গলকারিণী
গ. দুগ্ধদোহনকরিণী ঘ. অনিষ্টকারিণী উ: গ

৫৭০. 'নন্দন' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ কোনটি?
ক. ননদের পুত্র খ. যে বা যা আনন্দদান করে
গ. নন্দের পুত্র ঘ. শিল্প উ: ঘ

৫৭১. 'বিবাহ' শব্দের ব্যুৎপত্তিগত অর্থ–
ক. পবনের পুত্র খ. বিশেষভাবে বহন করে আনা
গ. বৃহস্পতির পুত্র ঘ. বায়ুর বাহন উ: খ

৫৭২. কোনটি যোগরূঢ় শব্দ?
ক. পঙ্কজ খ. সন্দেশ
গ. প্রবীণ ঘ. গায়ক উ: ক

৫৭৩. 'কুহেলি উত্তরী তলে মাঘের সন্ন্যাসী...... গিয়াছে চলিয়া ....' এখানে 'উত্তরী' কী শব্দ?
ক. তৎসম খ. অর্ধ-তৎসম
গ. তদ্ভব ঘ. দেশি উ: ক

৫৭৪. 'গণপ্রজাতন্ত্রী' কোন শ্রেণির শব্দ?
ক. তৎসম খ. তদ্ভব
গ. দেশি ঘ. বিদেশি উ: ক

৫৭৫. 'গৃহ' শব্দটি কোন শ্রেণিভুক্ত?
ক. তৎসম খ. তদ্ভব
গ. দেশি ঘ. বিদেশি উ: ক

৫৭৬. নিচের কোনটি তৎসম শব্দ?
ক. চাঁদ খ. খোকা
গ. কাঠ ঘ. সন্ধ্যা উ: ঘ

৫৭৭. 'চর্মকার' কী ধরনের শব্দ?
ক. বাংলা খ. সংস্কৃত
গ. প্রাকৃত ঘ. তদ্ভব উ: খ

৫৭৮. কোনটি তৎসম শব্দ?
ক. চা খ. চেয়ার
গ. কান ঘ. ধর্ম উ: ঘ

৫৭৯. কোনটি তৎসম শব্দ?
ক. ডিম্ব খ. হাত
গ. ফুল ঘ. ছেরাদ্দ উ: ক

৫৮০. কোনটি তৎসম শব্দ?
ক. দধি খ. মুড়ি
গ. আম ঘ. কলম উ: ক

৫৮১. কোনটি তৎসম শব্দ?
ক. ঝিনুক খ. মলিতা
গ. পত্র ঘ. চাঁদ উ: গ

৫৮২. সংস্কৃত শব্দ কোনটি তা নির্দেশ করুন–
ক. আম্মা খ. মা
গ. মাতা ঘ. মাত উ: গ

৫৮৩. তৎসম শব্দ কোনটি?
ক. চন্দ্র খ. চন্দর
গ. হাত ঘ. আইন উ: ক

৫৮৪. কোনটি তৎসম শব্দ?
ক. কলম খ. ফুল
গ. বাড়ি ঘ. চন্দন উ: ঘ

৫৮৫. 'চড়' শব্দটি–
ক. দেশি খ. সংস্কৃত
গ. পর্তুগিজ ঘ. গুজরাটি উ: খ

৫৮৬. নিচের কোনটি তৎসম শব্দ?
ক. পছন্দ খ. হিসাব
গ. ধূলি ঘ. শৌখিন উ: গ

৫৮৭. 'ব্যাকরণ' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
ক. বাংলা খ. সংস্কৃত
গ. বিদেশি ঘ. তদ্ভব উ: খ

৫৮৮. 'লবণ' শব্দটি কোন ভাষার শব্দ?
ক. সংস্কৃত খ. পাঞ্জাবি
গ. হিন্দি ঘ. বাংলা উ: ক

৫৮৯. 'তদ্ভব' এর অর্থ হলো–
ক. তার সমান খ. তার থেকে ভাবনা
গ. তা থেকে উৎপন্ন ঘ. তার ভুবন উ: গ

৫৯০. 'দই' শব্দটির উৎস ভাষা–
ক. আরবি খ. সংস্কৃত
গ. তুর্কি ঘ. পর্তুগিজ উ: খ

৫৯১. 'গল্প' শব্দটি সংস্কৃত কোন শব্দ থেকে এসেছে?
ক. স্বল্প খ. অল্প
গ. কল্প ঘ. জল্প উ: ঘ

৫৯২. 'পাকা' শব্দের তৎসম রূপ কোনটি?
ক. পক্ব খ. পক্ক
গ. পক্ষ ঘ. পক্ষ্ম উ: ক

৫৯৩. 'কাজ' শব্দের তৎসম রূপ–
ক. ক্রিয়া খ. কর্জ্জ
গ. কার্য ঘ. করণীয় উ: গ

৫৯৪. 'বাড়ি' কোন ধরনের শব্দ?
ক. দেশি খ. মিশ্র
গ. তদ্ভব ঘ. তৎসম উ: গ

৫৯৫. 'শাড়ি' শব্দের উৎস–
ক. সংস্কৃত 'শাটী' খ. প্রাকৃত 'শাকি'
গ. মাগধী 'সারি' ঘ. গৌড়ী 'শাড়ি' উ: ক

৫৯৬. 'সাঁকো' শব্দের মূল–
ক. সাংখ্য খ. সংক্রম
গ. সেতু ঘ. সাঙ্কো উ: খ

৫৯৭. 'সঁপা' শব্দটির ব্যুৎপত্তি নির্দেশ–
ক. স্বপন খ. স্বপ্না
গ. সমর্পণ ঘ. সর্প উ: গ

৫৯৮. চন্দ্র শব্দের তদ্ভব রূপ–
ক. চন্দ খ. চাঁদ
গ. চান্দ্র ঘ. চন্দ্রিমা উ: খ

৫৯৯. কোনটি তদ্ভব শব্দ?
ক. গরু খ. মহিষ
গ. হাতি ঘ. হরিণ উ: গ

৬০০. 'চাঁদ, দই, হাতি'– এগুলো কোন প্রকারের শব্দ?
ক. অর্ধ-তৎসম খ. তৎসম
গ. তদ্ভব ঘ. বিদেশি উ: গ

৬০১. কোনটি তদ্ভব শব্দ?
ক. চাঁদ খ. সূর্য
গ. নক্ষত্র ঘ. গগন উ: ক

৬০২. নিচের কোন শব্দটি তদ্ভব?
ক. অলাবু খ. ভিটা
গ. ফল ঘ. নদী উ: খ

৬০৩. নিচের কোন শব্দটি তদ্ভব?
ক. হাত খ. কর্ণ
গ. মৎস্য ঘ. কার্য উ: ক

৬০৪. 'সোমত্ত' শব্দটির উৎপত্তি কোন শব্দ থেকে?
ক. সোপান খ. সমর্থ
গ. সোল্লাস ঘ. সওয়ার উ: খ

৬০৫. 'কৃষ্ণ'-এর অর্ধতৎসম শব্দ কোনটি?
ক. পুত্র খ. কেষ্ট
গ. পুত্তর ঘ. বিষ্ট উ: খ

৬০৬. অনার্য জাতির ব্যবহৃত শব্দকে কী শব্দ বলে?
ক. দেশি খ. বিদেশি
গ. তৎসম ঘ. বাংলা উ: ক

৬০৭. কোনটি দেশি শব্দ?
ক. কেরোসিন খ. পাউরুটি
গ. আদালত ঘ. কুলা উ: ঘ

৬০৮. 'কাঁটা' কোন ধরনের শব্দ?
ক. বিদেশি খ. তৎসম
গ. তদ্ভব ঘ. দেশি উ: ঘ

৬০৯. 'কুঁড়ি' শব্দটি এসেছে–
ক. 'কুঁড়ে' থেকে খ. 'কড়িল' থেকে
গ. 'কোরক' থেকে ঘ. 'পুষ্ক' থেকে উ: গ

৬১০. কোনটি দেশি শব্দ?
ক. আনারস খ. কাগজ
গ. খোঁপা ঘ. উকিল উ: গ

৬১১. 'খিস্তিখেউড়' কোন ভাষার শব্দ?
ক. সংস্কৃত খ. বাংলা
গ. আরবি ঘ. ফারসি উ: খ

৬১২. দেশি শব্দ কোনটি?
ক. শরম খ. চাবি
গ. কুটম্ব ঘ. খড় উ: ঘ

৬১৩. বিদেশি শব্দ নয়–
ক. সাদা খ. পানি
গ. রুমাল ঘ. গঞ্জ উ: ঘ

৬১৪. কোনগুলো দেশি শব্দ?
ক. চা, চিনি খ. চাল, চুলা
গ. লুঙ্গি, ফুঙ্গি ঘ. টেবিল, চেয়ার উ: খ

৬১৫. দেশি শব্দ কোনটি?
ক. উকিল খ. চালক
গ. গেরস্ত ঘ. চিংড়ি উ: ঘ

৬১৬. 'চাউল' কোন ভাষার শব্দ?
ক. দেশি খ. অর্ধ-তৎসম
গ. তদ্ভব ঘ. তৎসম উ: ক

৬১৭. কোনটি দেশি শব্দ?
ক. হাত খ. ধর্ম
গ. দোকান ঘ. চোঙ্গা উ: ঘ

৬১৮. নিচের কোনটি দেশি শব্দ?
ক. বজ্র খ. ঝাউ
গ. রাত্রি ঘ. প্রণাম উ: খ

৬১৯. কোন শব্দটি দেশি?
ক. মরিচ খ. আচার
গ. ঝোল ঘ. হালুয়া উ: গ

৬২০. দেশি শব্দ কোনটি?
ক. চাঁদ খ. ডাব
গ. ঈদ ঘ. চশমা উ: খ

৬২১. 'হাসনাহেনা' কোন ভাষার শব্দ?
ক. পর্তুগিজ খ. হিন্দি
গ. জাপানি ঘ. ফরাসি উ: গ

৬২২. 'হারিকিরি' কোন ভাষার শব্দ?
ক. জাপানি খ. বর্মি
গ. হিন্দি ঘ. চৈনিক উ: ক

৬২৩. ক্যারাটে, জুডো, রিকশা কোন দেশি শব্দ?
ক. জার্মানি খ. জাপানি
গ. চীনা ঘ. অস্ট্রেলিয়ান উ: খ

৬২৪. 'রিক্সা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. জাপানি খ. চীনা
গ. ইংরেজি ঘ. উর্দু উ: ক

৬২৫. 'প্যাগোডা' কোন দেশের শব্দ?
ক. চিনা খ. জাপানি
গ. বর্মি ঘ. জার্মান উ: খ

৬২৬. কোনটি জাপানি ভাষার শব্দ নয়?
ক. রিকশা খ. হাসনাহেনা
গ. চামেলী ঘ. জুডো উ: গ

৬২৭. নিচের কোনটি জাপানি ভাষার শব্দ নয়?
ক. লাশ খ. রিকশা
গ. সুনামি ঘ. প্যাগোডা উ: ক

৬২৮. 'লুঙ্গি' কোন ভাষার শব্দ?
ক. চীনা খ. বর্মি
গ. নেপালি ঘ. ভুটানি উ: খ
বি.দ্র: 'লুঙ্গি' ফারসি শব্দও হবে (আধুনিক বাংলা অভিধান)।

৬২৯. 'চাহিদা' শব্দটি কোন ভাষা থেকে বাংলা ভাষায় এসেছে?
ক. পাঞ্জাবি খ. হিন্দি
গ. মারাঠি ঘ. গুজরাটি উ: ক
বি.দ্র: 'চাহিদা' বাংলা শব্দও হবে (আধুনিক বাংলা অভিধান)।

৬৩০. 'কাকাতুয়া' শব্দ কোন ভাষা থেকে এসেছে?
ক. বর্মি খ. মালয়
গ. চৈনিক ঘ. তামিল উ: খ

৬৩১. 'আইলা' ও 'কিরিচ' কোন ভাষার শব্দ?
ক. মেক্সিকান খ. মালয়
গ. ফরাসি ঘ. ইতালীয় উ: খ

৬৩২. 'খদ্দর' শব্দ বাংলা ভাষায় এসেছে–
ক. গুজরাটি থেকে খ. হিন্দি থেকে
গ. উর্দু থেকে ঘ. বর্মি থেকে উ: ক

৬৩৩. 'কৈফিয়ত' কোন ভাষার শব্দ?
ক. আরবি খ. ফারসি
গ. উর্দু ঘ. হিন্দি উ: ক

৬৩৪. কবুল, কলম, তুফান কোন দেশি শব্দ?
ক. ফারসি খ. আরবি
গ. তুর্কি ঘ. পর্তুগিজ উ: খ

৬৩৫. কোন শব্দটি আরবি ভাষা থেকে বাংলায় আগত?
ক. পর্দা খ. খানা
গ. ছবি ঘ. নাম উ: গ

৬৩৬. 'তবলা' শব্দটির উৎপত্তি কোন ভাষা থেকে?
ক. আরবি খ. ফারসি
গ. পর্তুগিজ ঘ. সংস্কৃত উ: ক

৬৩৭. 'তহবিল' কোন ভাষার শব্দ?
ক. আরবি খ. তুর্কি
গ. উর্দু ঘ. ফারসি উ: ক

৬৩৮. 'তেজারত' শব্দটি–
ক. আরবি খ. তুর্কি
গ. হিন্দি ঘ. পর্তুগিজ উ: ক

৬৩৯. 'তুফান' শব্দটি কোন ভাষা হতে আগত?
ক. আরবি খ. চীনা
গ. হিন্দি ঘ. জাপানি উ: ক

৬৪০. 'দাওয়া' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. ফারসি খ. আরবি
গ. উর্দু ঘ. হিন্দি উ: খ

৬৪১. 'দালাল' শব্দটি কোন ভাষা হতে বাংলা ভাষায় এসেছে?
ক. ইংরেজি খ. উর্দু
গ. হিন্দি ঘ. আরবি উ: ঘ

৬৪২. 'মহকুমা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. তুর্কি খ. আরবি
গ. ফারসি ঘ. ফরাসি উ: ক

৬৪৩. 'মুসাফির' কোন ভাষার শব্দ?
ক. আরবি খ. তুর্কি
গ. হিন্দি ঘ. ফারসি উ: ক

৬৪৪. 'ফোয়ারা' শব্দ বাংলা ভাষায় এসেছে–
ক. ফারসি থেকে খ. আরবি থেকে
গ. তুর্কি থেকে ঘ. হিন্দি থেকে উ: খ

৬৪৫. 'বাকি চাহিয়া লজ্জা দিবেন না।' এই বাক্যে 'বাকি' শব্দটি কোন ভাষার?
ক. আরবি খ. ফারসি
গ. হিন্দি ঘ. তুর্কি উ: ক

৬৪৬. 'মোলায়েম' শব্দটি কোন ভাষা থেকে বাংলা শব্দ সম্ভারে যুক্ত হয়েছে?
ক. সংস্কৃত খ. ফারসি
গ. আরবি ঘ. পর্তুগিজ উ: গ

৬৪৭. 'মশকরা' ও 'মশগুল' শব্দ দুটো–
ক. তুর্কি খ. হিন্দি
গ. ফারসি ঘ. আরবি উ: ঘ

৬৪৮. 'ময়নাতদন্ত' শব্দের 'ময়না' কোন ভাষার শব্দ?
ক. খাঁটি বাংলা খ. সংস্কৃত
গ. আরবি ঘ. ফারসি উ: গ

৬৪৯. নিচের কোন শব্দগুচ্ছ আরবি ভাষা থেকে আগত নয়?
ক. নগদ, বাকি খ. ফেরেশতা, বেহেশত
গ. উকিল, রায় ঘ. কলম, কেচ্ছা উ: খ

৬৫০. কোনটি আরবি শব্দ নয়?
ক. আখেরাত খ. আমল
গ. আজব ঘ. আদর উ: ঘ

৬৫১. আরবি শব্দ নয় কোনটি?
ক. নামাজ খ. হারাম
গ. সালাত ঘ. কলম উ: ক

৬৫২. 'আইন' শব্দটি কোন বিদেশি ভাষা থেকে বাংলায় গৃহীত?
ক. আরবি খ. ফারসি
গ. তুর্কি ঘ. পর্তুগিজ উ: খ

৬৫৩. বাংলা ভাষায় প্রচলিত 'আতশবাজি' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ক. তুর্কি খ. আরবি
গ. ফারসি ঘ. পর্তুগিজ উ: গ

৬৫৪. 'আবহাওয়া' শব্দটি কোন দেশীয় শব্দ?
ক. আরবি খ. ফার্সি
গ. উর্দু ঘ. ফার্সি-আরবি মিশ্রণ উ: খ

৬৫৫. 'আস্তানা' শব্দটি কোন ভাষা থেকে এসেছে?
ক. আরবি খ. ফারসি
গ. ফরাসি ঘ. হিন্দি উ: খ

৬৫৬. 'আসমান' কোন ভাষা থেকে আগত শব্দ?
ক. পর্তুগিজ খ. ফরাসি
গ. আরবি ঘ. ফারসি উ: ঘ

৬৫৭. 'উর্দি' ও 'কুচকাওয়াজ' শব্দ বাংলা ভাষায় এসেছে যথাক্রমে–
ক. উর্দু ও ফারসি থেকে খ. তুর্কি ও ফারসি থেকে
গ. তুর্কি ও উর্দু থেকে ঘ. আরবি ও ফারসি থেকে উ: খ

৬৫৮. 'একতারা' শব্দটি যে ভাষা থেকে এসেছে–
ক. আরবি খ. ফারসি
গ. তুর্কি ঘ. সংস্কৃত উ: খ

৬৫৯. 'ওস্তাদ' কোন ভাষার শব্দ?
ক. ফারসি খ. আরবি
গ. তুর্কি ঘ. পশতু উ: ক

৬৬০. 'কামান' কোন দেশি শব্দ?
ক. পর্তুগিজ খ. ফারসি
গ. আরবি ঘ. ফরাসি উ: খ

৬৬১. 'কারবার' শব্দটি–
ক. আরবি খ. ফারসি
গ. উর্দু ঘ. পর্তুগিজ উ: খ

৬৬২. কোনটি ফারসি শব্দ?
ক. আদালত খ. জামিন
গ. এজলাস ঘ. কারিগর উ: ক

৬৬৩. 'খানদানি' শব্দটি কোন ভাষা থেকে আগত?
ক. ফারসি খ. ফরাসি
গ. আরবি ঘ. হিন্দি উ: ক

৬৬৪. 'দিওয়ানা' কোন ভাষার শব্দ?
ক. ফারসি খ. আরবি
গ. উর্দু ঘ. হিন্দি উ: ক

৬৬৫. 'দেওয়ান' কোন ভাষার শব্দ?
ক. ফার্সি খ. আরবি
গ. উর্দু ঘ. হিন্দি উ: ক

৬৬৬. কোনটি ফারসি শব্দ?
ক. আকাশ খ. কুপন
গ. মহকুমা ঘ. দোকান উ: ঘ

৬৬৭. নিচের কোনটি ফারসি শব্দ?
ক. নালিশ খ. আদালত
গ. কলম ঘ. নগদ উ: ক

৬৬৮. নিচের কোনগুলো ফারসি ভাষার শব্দ?
ক. পছন্দ, পলক, পেশা
খ. মজুর, মজবুত, মজলিস
গ. গরিব, গোয়েন্দা, গোলাপ
ঘ. সবুজ, সেরা, সিন্দুক উ: ক

৬৬৯. কোনটি ফারসি শব্দ?
ক. নামাজ খ. কলেজ
গ. আনারস ঘ. কোনোটিই নয় উ: ক

৬৭০. সাধারণত কোন ধরনের শব্দের সমার্থক শব্দ হয় না?
ক. সাধিত শব্দ খ. পারিভাষিক শব্দ
গ. সংকর শব্দ ঘ. অজ্ঞতামূলক শব্দ উ: ঘ

৬৭১. 'তিমির' শব্দের অর্থ কী?
ক. কালো খ. অন্ধকার
গ. কুশ্রী ঘ. সন্ধ্যা উ: খ

৬৭২. কোনটি 'অন্ধকার' অর্থে ব্যবহার করা যাবে না?
ক. তিমির খ. তমিস্র
গ. শর্বরী ঘ. তপন উ: ঘ

৬৭৩. 'অপবাদ' শব্দের সামর্থক শব্দ কোনটি?
ক. অশ্লীল খ. দোষারোপ/অপযশ/নিন্দা
গ. গালাগালি ঘ. পরচর্চা উ: খ

৬৭৪. 'অভিজ্ঞান' এর সমার্থক শব্দ নয় কোনটি?
ক. স্মারক খ. নিদর্শন
গ. পরিচায়ক ঘ. অবাধ উ: ঘ

৬৭৫. 'অখণ্ড' শব্দের সমার্থক শব্দ বা প্রতিশব্দ নয় কোনটি?
ক. বিভক্ত খ. অবিভক্ত
গ. পরিপূর্ণ ঘ. সম্পূর্ণ উ: ক

৬৭৬. 'অধ্যয়ন'-এর সমর্থক শব্দ নয় কোনটি?
ক. প্রাধ্যয়ন খ. জ্ঞানাভ্যাস
গ. পাঠাভ্যাস ঘ. তত্ত্বতালাশ উ: ঘ

৬৭৭. 'অশ্রু' শব্দের প্রতিশব্দ–
ক. নীর খ. সরিৎ
গ. লোর ঘ. বিধু উ: গ

৬৭৮. 'অশ্রু' শব্দটির সমার্থক শব্দ কোনটি?
ক. জল খ. কান্না
গ. জ্যোতি ঘ. নেত্রবারি উ: ঘ

৬৭৯. 'আবাহন' শব্দের সঠিক শব্দ কোনটি?
ক. নিয়ন্ত্রণ খ. অবগাহন
গ. নিমন্ত্রণ ঘ. আগমন উ: খ, গ

৬৮০. নিচের কোনটি 'অনুশীলন' শব্দের সমার্থক নয়?
ক. রেওয়াজ খ. মকশো
গ. তালিম ঘ. তালাশ উ: ঘ

৬৮১. 'অগ্নি' শব্দের প্রতিশব্দ কোনগুলো?
ক. অংশু, জ্যোতি খ. অতি, অতীব
গ. অংশু, কর ঘ. বহ্নি, হুতাশন উ: ঘ

৬৮২. 'অগ্নি'র সমার্থক বা প্রতিশব্দ কোনটি?
ক. পাবক খ. দিবা
গ. অনিল ঘ. সমীকরণ উ: ক

৬৮৩. কোনটি 'অগ্নি' শব্দের প্রতিশব্দ?
ক. বৈশ্বানর খ. কৃশানু
গ. সর্বভুক ঘ. সবগুলোই উ: ঘ

৬৮৪. 'বীতিহোত্র' এর সমার্থক শব্দ কোনটি?
ক. অগ্নি খ. অপলক
গ. লালসা ঘ. যজ্ঞ উ: ক

৬৮৫. 'সর্বভুক' শব্দের সমার্থক শব্দ–
ক. রাক্ষস খ. ক্ষুধার্ত
গ. আগুন ঘ. মাংসাশী উ: গ

৬৮৬. সমার্থক শব্দগুচ্ছ নির্ণয় করুন–
ক. বাজী, তুরঙ্গম, ভুজঙ্গ
খ. তমঃ, তমিস্র, শুক্ল
গ. সর্বভুক, কৃশানু, বৈশ্বানর
ঘ. কুটুম্ব, আগন্তুক, অনাহূত উ: গ

৬৮৭. নিচের কোন দুটি সমার্থক শব্দ?
ক. কৃশানু : পাবক খ. বারিদ : সুধাকর
গ. অম্বু : অহন ঘ. বীচি : ওদন উ: ক

৬৮৮. 'অগ্নি'র সমার্থক শব্দ নয়?
ক. বহ্নি খ. হুতাশন
গ. পাবক ঘ. অলক উ: ঘ

৬৮৯. কোনটি আগুনের প্রতিশব্দ নয়?
ক. হুতাশন খ. সর্বভুক
গ. তুরগ ঘ. বৈশ্বানর উ: গ

৬৯০. কোনটি ভিন্নার্থক শব্দ?
ক. বৈশ্বানর খ. প্রভঞ্জন
গ. পাবক ঘ. কৃশানু উ: খ

৬৯১. নিচের শব্দগুলোর মধ্যে কোনটি অমিল?
ক. অগ্নি খ. অনল
গ. বেগম ঘ. পাবক উ: গ

